জন্মশতবার্ষিক-সংস্করণম্

মহর্ষি-শ্রীকৃষ্ণদ্বৈপায়নবেদব্যাস-প্রণীতম্

আশ্বমেধিকপর্ব্ব

৪১

দর্শনাচার্য্য-

শ্রীমন্নীলকণ্ঠকৃতয়া ভারতভাবদীপ-

সমাখ্যয়া টীকয়া

মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণেন

শ্রীমদ্ হরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যেণ প্রণীতয়া

ভারতকৌমুদীসমাখ্যয়া টীকয়া তৎকৃত-

বঙ্গানুবাদেন চ সহিতম্

বিশ্ববাণী প্রকাশনী

কলিকাতা-৭০০০০৯

প্রথম প্রকাশ ঃ ১৩৪৫ বঙ্গাব্দ
দ্বিতীয় (বিশ্ববাণী) সংস্করণ ঃ কলিকাতা পুস্তকমেলা ১৪০০ বঙ্গাব্দ

প্রকাশক ঃ
ধীরা মণ্ডল
বিশ্ববাণী প্রকাশনী
৭৯/১ বি, মহাত্মা গান্ধী রোড
কলিকাতা - ৭০০ ০০৯

মুদ্রক ঃ
হরাইজন প্রিন্টার্স
১৪৮৮ পতৌদি হাউস
দরিয়াগঞ্জ
নিউ দিল্লী - ১১০ ০০২

মূল্য ঃ ১০৫.০০

প্রকাশকের নিবেদন

'মহাভারতম্' মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-মহাকবি-পদ্মভূষণ শ্রীমৎ হরিদাস সিদ্ধান্তবাগীশ মহাশয়ের তপস্যালব্ধ অমৃতময় ফল। সে আশ্চর্য্য তপশ্চর্য্যার কাহিনী আজ সকলেই জানেন। প্রায় একুশ বছর তিনি ছিলেন 'মহাভারতম্'-এর তপস্যায় মগ্ন—এবং সে একক ও দুশ্চর তপস্যায় তাঁর পাণ্ডিত্য ও প্রজ্ঞার সঙ্গে মিলিত হয়েছিল অসীম ধৈর্য্য, অশেষ নিষ্ঠা ও অলৌকিক আয়াস। ফলে তিনি আমাদের জন্য রেখে গেছেন তাঁর 'মহাভারতম্'—এক আশ্চর্য্য ঐশ্বর্য্য। 'মহাভারতম্'-এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার মূলে আছে আমাদের সেই জাতীয় ঐশ্বর্য্য সংরক্ষণের এবং জন্মশতবর্ষপূর্ত্তি উপলক্ষে ঋষি হরিদাসের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করার পুণ্য প্রেরণা ও প্রয়াস। সুধীজনের সানন্দ সমর্থনে আমাদের প্রয়াস সার্থক হোক—এইমাত্র কামনা।

নিবেদন

করুণাময় পরমেশ্বরের করুণায় মহাভারতের আশ্বমেধিক পর্ব্ব প্রকাশিত হইল। এই আশ্বমেধিক পর্ব্বটি মহাভারতের চতুর্দ্দশ পর্ব্ব। এই পর্ব্বে অনুগীতা ও ব্রাহ্মণগীতা প্রকরণে আধ্যাত্মিক বিষয় পর্য্যাপ্তরূপে লিখিত আছে এবং ধর্ম্মের কথা ও ব্রহ্মের আলোচনা সংক্ষিপ্তভাবে রহিয়াছে।

এই স্থানে এইরূপ আলোচনা করা অপ্রাসঙ্গিক হইবে বলিয়া মনে হয় না। অনুগীতা শব্দের অন্তর্গত অনু শব্দটীর অর্থ পশ্চাৎ এবং সাদৃশ্য। যথা অমরকোষে—"পশ্চাৎ সাদৃশ্যয়োরনু" অর্থাৎ অনুগীতা ভীষ্মপর্ব্বোক্ত ভগবদ্গীতার পরবর্ত্তিনী গীতা অথবা ভীষ্মপর্ব্বীয় ভগবদ্গীতায় যেরূপ আধ্যাত্মিক বিষয় বলা হইয়াছে, এই গীতাতেও সেইরূপ আধ্যাত্মিক বিষয় কথিত রহিয়াছে, সুতরাং ভগবদ্গীতারই সদৃশ এই গীতা। ইহা বিশেষভাবে লক্ষ্য করা উচিত যে, স্বয়ং বেদব্যাসই এই প্রকরণটীর নাম করিয়াছেন 'অনুগীতা'। তাঁহার এই নামকরণ হইতেই ইহা নিঃসন্দেহে বুঝা যায়, ভীষ্মপর্ব্বে পূর্ব্ববর্ত্তিনী ভগবদ্গীতা তাঁহারই রচিত। তারপর, এই অনুগীতার দুইটী স্থানে ভগবান্ কৃষ্ণ পরমভক্ত অর্জ্জুনকে সেই পূর্ব্বোক্ত গীতার বিষয় স্মরণ করাইয়া দিয়াছেন। যথা—

"কচ্চিদেতত্ত্বয়া পার্থ! শ্রুতমেকাগ্রচেতসা।
তদাপি হি রথস্থস্ত্বং শ্রুতবানেতদেব হি॥"

আশ্বমেধিক পর্ব্ব ১৪৪ পৃষ্ঠায় দ্বিতীয় শ্লোক। অর্থাৎ কুরুক্ষেত্র যুদ্ধারম্ভের পূর্ব্বে তুমি (অর্জ্জুন) রথে থাকিয়া আমার এই প্রকার বাক্য (ভগবদ্গীতা) শুনিয়াছিলে।

"পূর্ব্বমপ্যেতদেবোক্তং যুদ্ধকাল উপস্থিতে।
ময়া তব মহাবাহো। তস্মাদত্র মনঃ কুরু॥"

আশ্বমেধিকপর্ব্বে ৩৯০ পৃষ্ঠায় ৭ শ্লোক। অর্থাৎ পূর্ব্বেই কুরুক্ষেত্র-যুদ্ধের সময় উপস্থিত হইলে, আমি তোমার নিকট ভগবদ্গীতাস্বরূপ এই বিষয়ই বলিয়াছিলাম।

আদিপর্ব্বে ভীষ্মপর্ব্বীয় উপপর্ব্ব-গণনা প্রকরণেও দেখিতে পাওয়া যাইবে—

"পর্ব্বোক্তং ভগবদ্গীতা পর্ব্ব ভীষ্মবধস্ততঃ॥"

আদিপর্ব্ব ১১৬ পৃষ্ঠা, ৭০ শ্লোক। অর্থাৎ তাহার পর ভগবদ্গীতারূপ উপপর্ব্ব, তৎপরে ভীষ্মবধরূপ উপপর্ব্ব ভীষ্মপর্ব্বে কথিত হইয়াছে। তারপর শান্তিপর্ব্বেও দেখা যায়—

"সারথ্যমর্জ্জুনস্যাজৌ কুর্ব্বন্ গীতামৃতং দদৌ।
লোকত্রয়োপকারায় তস্মৈ ব্রহ্মাত্মনে নমঃ॥"

শান্তিপর্ব্ব, ৪২৯ পৃষ্ঠা, ১০৬ শ্লোক। অর্থাৎ—যিনি যুদ্ধে অর্জ্জুনের সারথ্য করিতে প্রবৃত্ত হইয়া, ত্রিভুবনের উপকার করিবার জন্য অর্জ্জুনকে গীতামৃত দান করিয়াছেন, সেই পরব্রহ্মরূপী কৃষ্ণকে নমস্কার করি।

শিক্ষিত ও বিবেচক পাঠক-পাঠিকাগণ এখন বিবেচনা করিয়া দেখুন, মহাভারতরচয়িতা স্বয়ং বেদব্যাসই মূল মহাভারতের চারিটি স্থানে ভিন্ন ভিন্ন প্রসঙ্গে চারিবার যে ভগবদ্গীতার কথা বলিয়াছেন, সেই ভগবদ্গীতা প্রক্ষিপ্ত অর্থাৎ কোনও পরবর্ত্তী লেখক ভগবদ্গীতা রচনা করিয়া ভীষ্মপর্বে ও কুরুক্ষেত্র-যুদ্ধারম্ভের পূর্বে মূল মহাভারতে সন্নিবেশিত করিয়া গিয়াছেন, এইরূপ বলা কত বড় অদূরদর্শিতা বা অসঙ্গত উক্তি। কোনও লোক দূর হইতে ঠাকুরের আসনে একটি লক্ষণাক্রান্ত লক্ষ্মীনারায়ণ চক্র নামক শালগ্রাম দেখিয়া যদিও "একটী মসীলিপ্ত মৃৎপিণ্ড" বলিয়া অবজ্ঞা করে, তাহাতে যেমন লক্ষ্মীনারায়ণ-চক্রের গৌরবহানি হয় না, সেইরূপ স্বয়ং বেদব্যাসোক্ত মূল মহাভারতীয় অংশ বিশেষ পরম পবিত্র গৌরবময় ভগবদ্গীতাকে অদূরদর্শীদিগের প্রক্ষিপ্তবাদ ও ভগবদ্গীতার কোনও গৌরবহানি করিতে পারে নাই এবং পারিবেও না। আমি এই বিষয় পূর্বোক্ত ভীষ্মপর্বোক্ত গীতার প্রারম্ভে আমার রচিত 'ভারতকৌমুদী' টীকা ও বঙ্গানুবাদে ভগবদ্গীতার প্রক্ষিপ্তবাদের খণ্ডনোপক্রমে অনেক কথা বলিয়াছি, প্রয়োজন বোধ করিলে পাঠক-পাঠিকাগণ তাহাও দেখিতে পারেন। ইতি—

কলিকাতা, ইণ্টালী, ৪১ নং দেব লেন,
৯ই ভাদ্র, ১৩৬৫ সাল। } শ্রীহরিদাসদেবশর্ম্মা।

পাঠক্রমে মহাভারতের বৃহৎ সূচীপত্র

—ঃ*ঃ—

আশ্বমেধিকপর্ব্ব

—ঃ০ঃ—

পাঠক্রমে আশ্বমেধিকপর্ব্বের বৃহৎ সূচীপত্র।

আশ্বমেধিকপর্ব্বের সূচীপত্র সমাপ্ত ॥০॥

আশ্বমেধিকপর্ব্বের উপপর্ব্ব।

—০—

আশ্বমেধিকপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা।

—ঃ*ঃ—

মহর্ষি নিজেই আদিপর্ব্বের পর্ব্বসংগ্রহাধ্যায়ে (দ্বিতীয় অধ্যায়ে) লিখিয়া গিয়াছেন—

"ইত্যাশ্বমেধিকং পর্ব্ব প্রোক্তমেতমহাদ্ভুতম্ ॥৩৪৩॥
অত্রাধ্যায়শতং ত্রিংশত্তথাধ্যায়াশ্চ শব্দিতাঃ।
ত্রীণি শ্লোকসহস্রাণি তাবন্ত্যেব শতানি চ ॥৩৪৪॥
বিংশতিশ্চ তথা শ্লোকাঃ সংখ্যাতাস্তত্ত্বদর্শিনা।"

অর্থাৎ অতি আশ্চর্য্য আশ্বমেধিকপর্ব্ব এই বলা হইল। এই পর্ব্বে এক শত ত্রিশটি অধ্যায় এবং তিন হাজার তিন শত কুড়িটি শ্লোক আছে।

নিম্নলিখিত তালিকাটি দেখিলেই ইহার সম্পূর্ণ মিল দেখিতে পাওয়া যাইবে।

অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা
১	১৯	২১	১৩	৪১	১৯
২	২১	২২	২৮	৪২	২০
৩	২৩	২৩	২৬	৪৩	৩৬
৪	২৭	২৪	১২	৪৪	১৮
৫	২৮	২৫	১৭	৪৫	১৫
৬	৩৩	২৬	২৫	৪৬	২৫
৭	২৭	২৭	১৯	৪৭	১৩
৮	৩৯	২৮	১৭	৪৮	৫
৯	৩৭	২৯	৫	৪৯	৩১
১০	৩৬	৩০	১৩	৫০	১২
১১	২০	৩১	২৫	৫১	২০
১২	১৬	৩২	৫	৫২	২০
১৩	২২	৩৩	২৩	৫৩	৮
১৪	১৬	৩৪	২২	৫৪	১৪
১৫	৩০	৩৫	৩৩	৫৫	২২
১৬	৩৫	৩৬	১৩	৫৬	১২
১৭	৪৬	৩৭	২৬	৫৭	১৩
১৮	৪২	৩৮	৮	৫৮	৫৭
১৯	৩৬	৩৯	১২	৫৯	১৭
২০	৫৩	৪০	১২	৬০	১৩
	৬০৬		৩৫৪		৩৯০

আশ্বমেধিকপর্ব্বের অধ্যায় ও শ্লোকসংখ্যা।

অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা	অধ্যায়সংখ্যা	শ্লোকসংখ্যা
৬১	১৭	৮৫	১৯	১০৮	৪১
৬২	৬	৮৬	২৪	১০৯	২১
৬৩	২৪	৮৭	২৪	১১০	২৫
৬৪	২৫	৮৮	২১	১১১	৪২
৬৫	৪৩	৮৯	৯	১১২	৪৪
৬৬	১০	৯০	১৭	১১৩	১১৬
৬৭	৫৭	৯১	২৫	১১৪	৩৫
৬৮	২৬	৯২	২৭	১১৫	৩৭
৬৯	২৩	৯৩	৩৪	১১৬	১৫
৭০	১৯	৯৪	২০	১১৭	৫৯
৭১	২২	৯৫	২৬	১১৮	১২
৭২	৩৪	৯৬	৩২	১১৯	২৫
৭৩	২৮	৯৭	২১	১২০	৯
৭৪	১৬	৯৮	২৬	১২১	৬৩
৭৫	১৫	৯৯	১২	১২২	২২
৭৬	৩০	১০০	২৭	১২৩	৩৭
৭৭	২০	১০১	১৮	১২৪	২৪
৭৮	৩৬	১০২	২২	১২৫	৫৮
৭৯	৪০	১০৩	২১	১২৬	৪৪
৮০	২৬	১০৪	৫০	১২৭	২০
৮১	২৩	১০৫	৩১	১২৮	৪৩
৮২	১৭	১০৬	১৯	১২৯	২৪
৮৩	২২	১০৭	২৪	১৩০	২৩
৮৪	২৯				
	৬০২		৫২৯		৮৩৯

একুন—৬০৬+৩৫৪+৩৯০+৬০২+৫২৯+৮৩৯=৩৩২০

মহাভারতম্

আশ্বমেধিকপর্ব্ব

—ঃ✱ঃ—

(১ । অশ্বমেধপর্ব্ব)

প্রথমোঽধ্যায়ঃ ।

—ঃ✱ঃ—

নারায়ণং নমস্কৃত্য নরঞ্চৈব নরোত্তমম্ ।
দেবীং সরস্বতীঞ্চৈব ততো জয়মুদীরয়েৎ ॥

বৈশম্পায়ন উবাচ ।

কৃতোদকন্তু রাজানং ধৃতরাষ্ট্রং যুধিষ্ঠিরঃ ।
পুরস্কৃত্য মহাবাহুরুত্তারাকুলেন্দ্রিয়ঃ ॥১॥

ভারতকৌমুদী

ওঁ নমো গণেশায় ।

মহেশ ! শেষে বয়সীহ শেষধারিন্ ! মহাভারতশেষভাগম্ ।
ব্যাখ্যাতুমিচ্ছোর্ভব মে বিশেষসহায়ভূতো নন্থ ভূতনাথ ! ॥১॥
শম্ভো ! দশ মহাবিদ্যা বিদ্যন্তে দয়িতাস্তব ।
তাসামেকাপি বিদ্যা মে ত্বৎপ্রসাদাৎ প্রসীদতু ॥২॥

অথ "যজস্ব বিবিধৈর্যজ্ঞৈর্বহুবন্নৈরাপ্তদক্ষিণৈঃ" ইত্যনুশাসনপর্ব্বগতভীষ্মশেষোপদেশেন প্রাক্-সূচিতমাশ্বমেধিকপর্ব্ব আরভতে বৈশম্পায়ন উবাচ কৃতোদকমিতি । আকুলেন্দ্রিয়ঃ শোকাতিশয়েন বিহ্বলচিত্তঃ, মহাবাহুর্যুধিষ্ঠিরঃ, কৃতমুদকং তর্পণং যেন তং রাজানং ধৃতরাষ্ট্রম্, পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য, গঙ্গাজলাদুত্তার ॥১॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা ধৃতরাষ্ট্র ভীষ্মের তর্পণ করিলে, শোকাকুলচিত্ত মহাবাহু যুধিষ্ঠির তাঁহাকে অগ্রবর্ত্তী করিয়া গঙ্গাজল হইতে তীরে উঠিলেন ॥১॥

উত্তীর্য্য তু মহাবাহুর্বাষ্পব্যাকুললোচনঃ।
পপাত তীরে গঙ্গায়া ব্যাধবিদ্ধ ইব দ্বিপঃ ॥২॥

ভারতকৌমুদী

উত্তীর্য্যেতি। বাষ্পেণাশ্রুজলেন ব্যাকুলে লোচনে যস্য সঃ। দ্বিপো হস্তী ॥২॥

ভারতভাবদীপঃ

শ্রীমদ্গোপালমানম্য প্রাচীনাচার্য্যবর্ত্মনা।
আশ্বমেধিকভাবার্থঃ শ্রীকৃষ্ণেন প্রকাশ্যতে ॥
অশ্বিস্তত্ত্বার্দ্ধং যা যাস্তা অষ্টাবক্রেষু স্থৃত্রিতাঃ।
সানৎসুজাতে বিবৃতং গীতাযাং বিপুলীকৃতম্ ॥
মোক্ষধর্ম্মেষু চ পুনর্নানাখ্যানোপবৃংহণৈঃ।
অতীব ব্যাকৃতং প্রত্যগাত্মতত্ত্বমনাকুলম্ ॥
যজ্জিজ্ঞাসোদয়ায়ৈব জপদানাদয়ঃ স্মৃতাঃ।
আনুশাসনিকে সম্যক্ চিত্তদোষবিনাশকাঃ ॥
যস্ত্র প্রাবণ্যলাভায় বৈরাগ্যোদয়সিদ্ধয়ে।
কুরুক্ষয়াদিকো লোকবৃত্তান্ত উপবর্ণিতঃ ॥
তদেব স্পষ্টমত্রোপসংহারব্যপদেশতঃ।
আত্মতত্ত্বং বিবৃণুতে মুনিরাখ্যানকৈস্ত্রিভিঃ ॥

আখ্যানত্রয়ঞ্চ—সংবত্তমরুত্তীয়ম্। কৃষ্ণধর্ম্মসংবাদঃ। কৃষ্ণার্জ্জুনসংবাদশ্চ। তত্রাদ্যে কাশ্যাং মৃতস্য মুক্তিং লিঙ্গেনৈব সূচয়িত্বেশ্বরারাধনাদিনা ধর্ম্মেণৈব ধনং লব্ধাত্মশুদ্ধয়ে যষ্টব্যমিত্যুক্তম্। দ্বিতীয়ে শাস্ত্রার্থসূত্রণম্। তৃতীয়ে তদ্বিবরণং চেতি। তদূর্দ্ধমুত্তঙ্কোঙ্কবৃত্ত্যাদ্যাখ্যানৈর্জ্ঞানোপযোগি-গুরু-শুশ্রূষা মাহাত্ম্য-হিংসাত্মকযজ্ঞনিন্দাদি চ যথাযথং তাৎপর্য্যবিষযতয়া জ্ঞেয়ম্। তত্রায়মাদ্যঃ শ্লোকঃ—নারায়ণমিতি। "আপো নারা ইতি প্রোক্তা আপো বৈ নরসূনবঃ। অয়নং তস্য তাঃ প্রোক্তং তেন নারায়ণঃ স্মৃতঃ॥" ইতি স্মৃতেঃ "আপঃ পুরুষবচস" ইতি শ্রুতেশ্চান্তঃপ্রধানং ভূতপঞ্চকং নরেণান্তর্যামিণা সৃষ্টং নারম্। "তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশদিতি শ্রুতেঃ স্রষ্টা প্রবেষ্টা চ নারায়ণ ঈশ্বরঃ স এব প্রবিশোপাধিধর্ম্মানভিমন্যমানো নরো জীবঃ। তাভ্যামুত্তমো নরোত্তমঃ কার্য্যকারণোপাধিদ্বয়নির্ম্মুক্তঃ পরমাত্মা। এতত্রয়ং তৎস্বরূপপ্রকাশিকাং সরস্বতীং দেবীঞ্চ প্রণম্য জয়ং মহাভারতাখ্যমিতিহাসং সর্ব্বশ্রুতিস্মৃতিসারভূতমুদীরয়েদিতি তস্যার্থঃ। এতেন তত্ত্বমস্যাদিবাক্যার্থো জীবব্রহ্মাভেদো গ্রন্থপ্রতিপাদ্যো দর্শিতঃ ॥১॥ কৃতোদকস্ত রাজানমিতি। উত্ততার গঙ্গাং ত ইতি শেষঃ ॥২—১৯॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে প্রথমোঽধ্যায়ঃ ॥১॥

মহাবাহু যুধিষ্ঠির উঠিয়া বাষ্পজলাকুল নয়ন হইয়া ব্যাধের বাণবিদ্ধ হস্তীর ন্যায় গঙ্গাতীরে পতিত হইলেন ॥২॥

তং সীদমানং জগ্রাহ ভীমঃ কৃষ্ণেন চোদিতঃ।
মৈবমিত্যব্রবীচ্চৈনং কৃষ্ণঃ পরবলার্দ্দনঃ ॥৩॥
তমার্ত্তং পতিতং ভূমৌ শ্বসন্তঞ্চ পুনঃ পুনঃ।
দদৃশুঃ পার্থিবা রাজন্! ধর্ম্মপুত্রং যুধিষ্ঠিরম্ ॥৪॥
তং দৃষ্ট্বা দীনমনসং গতসত্ত্বং নরেশ্বরম্।
ভূয়ঃ শোকসমাবিষ্টাঃ পাণ্ডবাঃ সমুপাবিশন্ ॥৫॥
রাজা তু ধৃতরাষ্ট্রস্তং পুত্রশোকাভিপীড়িতঃ।
বাক্যমাহ মহাবুদ্ধিঃ প্রজ্ঞাচক্ষুর্নরেশ্বরম্ ॥৬॥
উত্তিষ্ঠ কুরুশার্দূল! কুরু কার্য্যমনন্তরম্।
ক্ষত্রধর্ম্মেণ কৌন্তেয়! জিতেয়মবনী ত্বয়া ॥৭॥
ভুঙ্ক্ষ্ব সার্দ্ধং ভ্রাতৃভিস্তাং সুহৃদ্ভিশ্চ জনেশ্বর!।
শোচিতব্যং ন পশ্যামি ত্বয়া ধর্ম্মভৃতাংবর! ॥৮॥

ভাবতকৌমুদী

তমিতি। সীদমানং শোকেনাবসীদন্তম্, চোদিতো নয়নেঙ্গিতেন প্রেরিতঃ ॥৩॥
তমিতি। আর্ত্তং শোকেন পীড়িতম্, শ্বসন্তং নিশ্বাসান্ মুঞ্চন্তম্ ॥৪॥
তমিতি। দীনমনসং শোকেন খিন্নচিত্তম্, গতসত্ত্বং তিরোহিতবলম্ ॥৫॥
রাজেতি। প্রজ্ঞাচক্ষুর্জ্ঞাননয়নঃ, নরেশ্বরং যুধিষ্ঠিরম্ ॥৬॥
উত্তিষ্ঠেতি। অনন্তরম্ অনন্তরকর্ত্তব্যম্। অবনী পৃথিবী ॥৭॥

তখন কৃষ্ণের ইঙ্গিতক্রমে ভীমসেন অবসন্ন যুধিষ্ঠিরকে ধারণ করিলেন এবং শত্রুসৈন্যদমনকারী কৃষ্ণ যুধিষ্ঠিরকে বলিলেন—'আপনি এইরূপ বিহ্বল হইবেন না' ॥৩॥

রাজা! তখন অন্যান্য রাজারা দেখিলেন—'ধর্ম্মপুত্র যুধিষ্ঠির শোকার্ত্ত ও ভূতলে পতিত হইয়া বার বার নিশ্বাস ত্যাগ করিতেছেন ॥৪॥

যুধিষ্ঠির শোকে অবসন্ন ও দুর্ব্বল হইয়াছেন দেখিয়া অপর পাণ্ডবেরা শোকাকুল হইয়া পুনরায় তাঁরে উপবেশন করিলেন ॥৫॥

তখন মহাবুদ্ধি, জ্ঞানচক্ষু ও পুত্রশোকার্ত্ত রাজা ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরকে এই সকল কথা বলিলেন—॥৬॥

কৌরবশ্রেষ্ঠ! তুমি গাত্রোত্থান কর এবং পরকর্ত্তব্য কার্য্য সকল করিতে . । কুন্তীনন্দন! তুমি ক্ষত্রিয়ধর্ম্মানুসারে এই পৃথিবী জয় করিয়াছ ॥৭॥

(৬) তথা দীনো মহাভুজম্—নি। প্রজ্ঞাচক্ষুর্নরেশ্বর।—বঙ্গ বর্দ্ধ।
(৮) ভুঙ্ক্ষ্ব ভোগান্ ভ্রাতৃভিশ্চ সুহৃদ্ভিশ্চ মনোনুগান্—বঙ্গ বর্দ্ধ।

শোচিতব্যং ময়া চৈব গান্ধার্য্যা চ মহীপতে ।।
যয়োঃ পুত্ত্রশতং নষ্টং স্বপ্নলব্ধং যথা ধনম্ ॥৯॥
অশ্রুত্বা হিতকামস্য বিদুরস্য মহাত্মনঃ ।
বাক্যানি সুমহার্থানি পরিতপ্যামি দুর্ম্মতিঃ ॥১০॥
উক্তবান্ বিদুরো যন্মাং ধর্ম্মাত্মা দিব্যদর্শনঃ ।
দুর্য্যোধনাপরাধেন কুলং তে বিনশিষ্যতি ॥১১॥
স্বস্তি চেদিচ্ছসে রাজন্! কুলস্য কুরু মে বচঃ ।
বধ্যতামেষ দুষ্টাত্মা মন্দো রাজা সুযোধনঃ ॥১২॥
কর্ণশ্চ শকুনিশ্চৈব নৈনং পশ্যতু কর্হিচিৎ ।
দ্যূতসঙ্ঘাতমপ্যেষামপ্রমাদেন বারয় ॥১৩॥

ভারতকৌমুদী

ভুঙ্ক্ষ্বেতি । তামবনীম্ । শোচিতব্যং বিষয়ম্ ॥৮॥
শোচিতব্যমিতি । উক্তার্থে হেতুমাহ যয়োরিতি ॥৯॥
অশ্রুত্বেতি । সুমহান্তো যুক্তিযুক্ততয়াতিপ্রশস্তা অর্থা যেষাং তানি ॥১০॥
উক্তবানিতি । দিব্যমলৌকিকং দর্শনং পরিণামদর্শিতা যস্য সঃ ॥১১॥
স্বস্তীতি । স্বস্তি মঙ্গলম্ । বধ্যতাং কারায়াং সংযম্যতাম্ । হন্যতামিতি কেচিৎ । মন্দো মূর্খঃ ॥১২॥
কর্ণ ইতি । এনং দুর্য্যোধনম্ । অপ্রমাদেন সাবধানতয়া এষাং দুর্য্যোধনাদীনাং দ্যূত-সঙ্ঘাতং দ্যূতক্রীড়াসঙ্ঘর্ষং বারয় ॥১৩॥

নরনাথ! তুমি এখন ভ্রাতৃগণ এবং সুহৃদ্‌গণের সহিত সেই পৃথিবী ভোগ করিতে থাক। ধার্ম্মিকশ্রেষ্ঠ! আমি তোমার শোকের বিষয় দেখিতেছি না ॥৮॥

রাজা! স্বপ্নলব্ধ ধনের ন্যায় যাহাদের একশত পুত্র নষ্ট হইয়াছে, সেই আমার ও গান্ধারীরই শোক করা উচিত ॥৯॥

আমি দুর্বুদ্ধি কিনা; তাই হিতাকাঙ্ক্ষী মহাত্মা বিদুরের যুক্তিযুক্ত বাক্য সকল না শুনিয়া পরিতপ্ত হইতেছি ॥১০॥

ধর্ম্মাত্মা ও অলৌকিক পরিণামদর্শী বিদুর আমাকে বলিয়াছিলেন যে, 'মহারাজ! এক দুর্য্যোধনের অপরাধে আপনার বংশ বিনষ্ট হইবে ॥১১॥

রাজা! আপনি যদি বংশের মঙ্গল ইচ্ছা করেন, তবে আমার বাক্য অনুসারে কার্য্য করুন। দুরাত্মা ও মূর্খ এই রাজা দুর্য্যোধনকে কারাগারে আবদ্ধ করুন ॥১২॥

কর্ণ ও শকুনি যেন কোন সময়েই দুর্য্যোধনের সহিত দেখা করিতে না পারে; আর আপনি সাবধান হইয়া ইহাদের দ্যূতক্রীড়ার সঙ্ঘর্ষ নিবারণ করুন ॥১৩॥

অভিষেচয় রাজানং ধর্ম্মাত্মানং যুধিষ্ঠিরম্‌।
স পালয়িষ্যতি বশী ধর্ম্মেণ পৃথিবীমিমাম্‌ ॥১৪॥
অথ নেচ্ছসি রাজানং কুন্তীপুত্রং যুধিষ্ঠিরম্‌।
মৈত্রীভূতঃ স্বয়ং রাজ্যং প্রতিগৃহ্লীষ্ব পার্থিব! ॥১৫॥
সমং সর্ব্বেষু ভূতেষু বর্ত্তমানং নরাধিপ!।
অনুজীবন্তু সর্ব্বে ত্বাং জ্ঞাতযো ভ্রাতৃভিঃ সহ ॥১৬॥
এবং ব্রুবতি কৌন্তেয়! বিদুরে দীর্ঘদর্শিনি।
দুর্য্যোধনমহং পাপমন্ববর্ত্তং বৃথামতিঃ ॥১৭॥
অশ্রুত্বা তস্য ধীরস্য বাক্যানি মধুরাণ্যহম্‌।
ফলং প্রাপ্য মহদ্দুঃখং নিমগ্নঃ শোকসাগরে ॥১৮॥
বৃদ্ধৌ হি তেঽস্য পিতরৌ পশ্য নৌ দুঃখিতৌ নৃপ!।
ন শোচিতব্যং ভবতা পশ্যামীহ জনাধিপ! ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্‌ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে যুধিষ্ঠিরশোকাপনোদনে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

অভীতি। বশী স্বাধীনচেতাঃ কর্ণাদিভির্দুর্য্যোধন ইব অন্যেনাপরিচালিতঃ।১৪॥
অথেতি। মৈত্রীভূতো মধ্যস্থীভূতঃ ॥১৫॥
সমমিতি। সমং সমদর্শিনম্‌ ॥১৬॥
এবমিতি। বৃথামতির্ভ্রান্তবুদ্ধিঃ ॥১৭॥
অশ্রুত্বেতি। মহদ্দুঃখং তদ্রূপং ফলম্‌ ॥১৮॥

আপনি ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরকে রাজরূপে অভিষিক্ত করান। সেই স্বাধীনচেতা যুধিষ্ঠির ধর্ম্মানুসারে এই পৃথিবী পালন করিবেন ॥১৪॥

রাজা! পক্ষান্তরে আপনি যদি কুন্তীপুত্র যুধিষ্ঠিরকে রাজা করিতে ইচ্ছা না-ই করেন, তাহা হইলে আপনি মধ্যস্থ হইয়া নিজে রাজ্য গ্রহণ করুন ॥১৫॥

নরনাথ! আপনি সর্ব্বভূতে সমদর্শী হইয়া চলিতে থাকুন এবং ভ্রাতৃগণের সহিত জ্ঞাতিগণ আপনাকে লক্ষ্য করিয়া জীবন ধারণ করুন' ॥১৬॥

কুন্তীনন্দন! দূরদর্শী বিদুর এইরূপ বলিতে লাগিলেও আমি ভ্রান্তবুদ্ধি হইয়া পাপিষ্ঠ দুর্য্যোধনেরই অনুসরণ করিতেছিলাম ॥১৭॥

আমি সেই বিচক্ষণ বিদুরের মধুর বাক্য সকল না শুনিয়া মহাদুঃখরূপ ফল পাইয়া এখন শোকসাগরে মগ্ন হইয়াছি ॥১৮॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

—:*:—

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তস্তু রাজাঽসৌ ধৃতরাষ্ট্রেণ ধীমতা।
তূষ্ণীং বভূব মেধাবী তমুবাচাথ কেশবঃ ॥১॥
অতীব মনসা শোকঃ ক্রিয়মাণো জনাধিপ !।
সন্তাপয়তি চৈতস্য পূর্ব্বপ্রেতান্ পিতামহান্ ॥২॥
যজস্ব বিধিবদ্‌যজ্ঞৈর্বিবিধৈরাপ্তদক্ষিণৈঃ।
দেবাংস্তর্পয় সোমেন স্বধযা চ পিতৄনপি ॥৩॥

ভারতকৌমুদী

বৃদ্ধাবিতি। পিতরৌ মাতাপিতরৌ, নৌ আবাং গান্ধারীধৃতরাষ্ট্রৌ ॥১৯॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে প্রথমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

এবমিতি। মেধাবী বুদ্ধিমান্। অতএব ধৃতরাষ্ট্রোক্তের্যুক্তিযুক্ততযা প্রতিবাদো ন কৃত ইতি ভাবঃ ॥১॥

অতীবেতি। এতস্য শোককর্ত্তুঃ, পূর্ব্বপ্রেতান্ পূর্ব্বং মৃতান্ ॥২॥

যজস্বেতি। আপ্তদক্ষিণৈঃ প্রচুরদক্ষিণাযুক্তৈঃ। "স্বধা বৈ পিতৄণামন্নম্" ইতি শ্রুতিঃ ॥৩॥

রাজা! তোমার বৃদ্ধ পিতা ও মাতা আজ দুঃখসাগবে পতিত হইয়াছেন দেখ; কিন্তু নরনাথ! তোমার শোকেব বিষয় আমি দেখিতেছি না' ॥১৯॥

—:*:—

বৈশম্পায়ন বলিলেন—বুদ্ধিমান্ ধৃতরাষ্ট্র এইরূপ বলিলে, বুদ্ধিমান্ যুধিষ্ঠির নীরব হইয়া রহিলেন। তাহার পব কৃষ্ণ তাঁহাকে কহিলেন—॥১॥

'নবনাথ! মনে মনে অত্যন্ত শোক করিলে সেই শোকই শোককর্ত্তাব পূর্ব্বমৃত পিতৃপিতামহগণকে সন্তপ্ত করে ॥২॥

আপনি যথাবিধানে প্রচুব দক্ষিণাযুক্ত নানাবিধ যজ্ঞ করুন এবং সোমরস-দ্বাবা দেবগণের ও অন্নদ্বাবা পিতৃগণেব তৃপ্তিসাধন করিতে থাকুন ॥৩॥

---

(১) এবমুক্তস্তু রাজা স—বঙ্গ বৰ্দ্ধ।

অতিথীনন্নপানেন কামৈরন্যৈরকিঞ্চনান্।
ত্বদ্বিধস্য মহাবুদ্ধের্নৈতদদ্যোপপদ্যতে।
বিদিতং বেদিতব্যং তে কর্ত্তব্যমপি তে কৃতম্ ॥৪॥
শ্রুতাশ্চ রাজধর্ম্মাস্তে ভীষ্মাদ্‌ভাগীরথীসুতাৎ।
কৃষ্ণদ্বৈপায়নাচ্চৈব নারদাদ্বিদুরাত্তথা ॥৫॥
নেমামর্হসি মূঢ়ানাং বৃত্তিং ত্বমনুবর্ত্তিতুম্।
পিতৃপৈতামহং বৃত্তমাস্থায় ধুরমুদ্বহ ॥৬॥
যুক্তং হি যশসা ক্ষাত্রং স্বর্গং প্রাপ্তুমসংশয়ম্।
ন হি কশ্চিদ্ধি শূরাণাং নিহতোঽত্র পরাঙ্মুখঃ ॥৭॥
ত্যজ শোকং মহারাজ! ভবিতব্যং হি তত্তথা।
ন শক্যাস্তে পুনর্দ্রষ্টুং ত্বয়া যেঽস্মিন্ রণে হতাঃ ॥৮॥

ভারতকৌমুদী

অতিথীনিতি। অকিঞ্চনান্ দরিদ্রান্। এতৎ শোচনম্, উপপদ্যতে যুজ্যতে। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪॥

শ্রুতা ইতি। তে ত্বয়া। অতো রাজধর্ম্মবিদস্তব নৈতদুচিতমিতি ভাবঃ ॥৫॥

নেতি। বৃত্তিং ব্যবহারম্। ধুরং রাজ্যভারম্ ॥৬॥

যুক্তমিতি। যুক্তং সর্ব্বেষামেবোপপন্নম্। অত্র কুরুক্ষেত্রযুদ্ধে ॥৭॥

ত্যজেতি। ভবিতব্যমদৃষ্টবশাৎ, তত্তেষাং মরণম্ ॥৮॥

আর অন্ন ও পানীয়দ্বারা অতিথিদিগকে এবং অন্যান্য অভীষ্ট বস্তুদ্বারা দরিদ্রগণকে সন্তুষ্ট করুন, কিন্তু আপনার ন্যায় মহাবুদ্ধি লোকের আজ এইরূপ শোক করা যুক্তিযুক্ত হয় না। বিশেষতঃ, আপনি জ্ঞাতব্য বিষয় জানিয়াছেন এবং কর্ত্তব্য কার্য্যও করিয়াছেন ॥৪॥

আপনি গঙ্গার পুত্র ভীষ্ম, বেদব্যাস, নারদ ও বিদুরের নিকট হইতে সমস্ত রাজধর্ম্ম শুনিয়াছেন ॥৫॥

আপনি মূর্খগণের এইরূপ ব্যবহারের অনুসরণ করিতে পারেন না; কিন্তু পৈতৃক ব্যবহার অবলম্বন করিয়া রাজ্যভার বহন করুন ॥৬॥

এই যুদ্ধে নিহত ক্ষত্রিয়গণের ক্ষত্রিয়োচিত স্বর্গলাভ করাই সম্ভবপর, এ বিষয়ে কোন সন্দেহ নাই। কারণ, এই কুরুক্ষেত্রযুদ্ধে বীরগণের মধ্যে কেহই পরাঙ্মুখ হইয়া নিহত হন নাই ॥৭॥

মহারাজ! শোক পরিত্যাগ করুন, যাহা হইয়া গিয়াছে, তাহা সেইরূপই হইবার ছিল। এই যুদ্ধে যাঁহারা নিহত হইয়াছেন, তাঁহাদিগকে আপনি আর দেখিতে সমর্থ হইবেন না' ॥৮॥

এতাবদুক্ত্বা গোবিন্দো ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ।
বিররাম মহাতেজাস্তমুবাচ যুধিষ্ঠিরঃ ॥৯॥
গোবিন্দ ! ময়ি যা প্রীতিস্তব সা বিদিতা ময়া ।
সৌহৃদেন তথা প্রেম্ণা সদা মষ্যনুকম্পসে ॥১০॥
প্রিয়ং তু মে স্যাৎ সুমহৎ কৃতং চক্রগদাধর ! ।
শ্রীমন্ ! প্রীতেন মনসা সর্বং যাদবনন্দন ! ॥১১॥
যদি মামনুজানীয়াদ্ভবান্ গন্তুং তপোবনম্ ।
কৃতকৃত্যো ভবিষ্যামি ইতি মে নিশ্চিতা মতিঃ ॥১২॥
ন হি শান্তিং প্রপশ্যামি পাতয়িত্বা পিতামহম্ ।
কর্ণঞ্চ পুরুষব্যাঘ্রং সংগ্রামেষ্বপলায়িনম্ ॥১৩॥
কর্ম্মণা যেন মুচ্যেয়মস্মাৎ ক্রূরাদরিন্দম ! ।
কর্ম্মণা তদ্বিধৎস্বেহ যেন শুধ্যতি মে মনঃ ॥১৪॥

ভারতকৌমুদী

এতাবদিতি। গোবিন্দঃ কৃষ্ণঃ। তং গোবিন্দম্ ॥৯॥
গোবিন্দেতি। সৌহৃদেন সম্পর্কনিবন্ধনেন প্রণয়েন, প্রেম্ণা সদ্ভাবপ্রযুক্তেন প্রণয়েন ॥১০॥
প্রিয়মিতি। ত্বয়া যৎ কৃতং তৎসর্ব্বমেব মে সুমহৎ প্রিয়ং স্যাদিতি সম্বন্ধঃ ॥১১॥
যদীতি। কৃতং কৃত্যং কর্ত্তব্যো যেন সঃ ॥১২॥
নেতি। হি যস্মাৎ, পাতয়িত্বা শিখণ্ডিপ্রভৃতিভিঃ ॥১৩॥
কর্ম্মণেতি। ক্রূরান্নিষ্ঠুরাদ্ব্যবহারাৎ। কর্ম্মণা স্বকীয়ব্যাপারেণ ॥১৪॥

মহাতেজা কৃষ্ণ ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে এই পর্য্যন্ত বলিয়া বিরত হইলেন। তখন যুধিষ্ঠির তাঁহাকে বলিতে লাগিলেন—॥৯॥

'কৃষ্ণ! আমার উপরে তোমার যে প্রীতি রহিয়াছে, তাহা আমি জানি। তুমি বন্ধুতা ও প্রণয়বশতঃ সর্ব্বদাই আমার উপরে দয়া করিয়া থাক ॥১০॥

চক্রগদাধারী শ্রীমান্ যাদবনন্দন! তুমি সন্তুষ্ট চিত্তে যে সকল কার্য্য করিয়া আসিতেছ, সে সমস্তই আমার গুরুতর প্রীতিকর হইয়া আসিতেছে ॥১১॥

তপোবনে যাইবার জন্য তুমি যদি আমাকে অনুমতি কর, তাহা হইলে আমি কৃতকৃত্য হই—এইরূপ বুদ্ধিই আমি স্থির করিয়াছি ॥১২॥

কারণ, পিতামহ ভীষ্মদেবকে এবং যুদ্ধে অপলায়ী পুরুষশ্রেষ্ঠ কর্ণকে বধ করাইয়া আমি সংসারে শান্তি দেখিতেছি না ॥১৩॥

---

(১২) ইতঃ প্রভৃত্যধ্যায়সমাপ্তিং যাবৎ পুস্তকভেদাদেব মহান্তঃ পাঠভেদা দৃশ্যন্তে।

কর্ম্মণা যেন মুচ্যেয়মস্মাৎ ক্রূরাদরিন্দম।।
তমেবং বাদিনং পার্থং ব্যাসঃ প্রোবাচ ধর্ম্মবিৎ।
সান্ত্বয়ন্ সুমহাতেজাঃ শুভং বচনমর্থবৎ ॥১৫॥
স্বকৃতা তে মতিস্তাত। পুনর্বাল্যেন মুহ্যসে।
কিমাকাশে বয়ং সর্ব্বে প্রলপামো মুহুর্মুহুঃ ॥১৬॥
বিদিতাঃ ক্ষত্রধর্ম্মাস্তে যেষাং যুদ্ধেন জীবিকা।
তথা প্রবৃত্তো নৃপতির্নাধিবন্ধেন যুজ্যতে ॥১৭॥
মোক্ষধর্ম্মাশ্চ নিখিলা যাথাতথ্যেন তে শ্রুতাঃ।
যথা বৈ কামজাং মায়াং পরিত্যক্তুং ত্বমর্হসি ॥১৮॥

ভারতকৌমুদী

তমিতি। পার্থং পৃথাপুত্রং যুধিষ্ঠিরম্। অর্থবৎ যুক্তযুক্তিম্ ॥১৫॥

স্বকৃতেতি। তে ত্বয়া, মতিঃ স্বকৃতা ন্যায্যকার্য্যকরণাৎ সমীচীনৈব বিহিতা, পুনঃ কদাচিৎ বাল্যেন অল্পবয়স্কতয়া মুহ্যসে। বয়ং কিং মুহুর্মুহুরাকাশে শূন্যস্থান ইব প্রলপামঃ অনর্থকং ব্রূমঃ। তদনুসারেণ কস্যাপি কার্য্যস্যাজাতত্বাদিতি ভাবঃ ॥১৬॥

বিদিতা ইতি। তে ত্বয়া, যেষাং ক্ষত্রাণাম্। তথা ক্ষত্রধর্ম্মানুসারেণ, প্রবৃত্তো নৃপতিঃ আধিবন্ধেন মনঃপীড়াসম্বন্ধেন ন যুজ্যতে ন সম্বধ্যতে ॥১৭॥

মোক্ষেতি। কামজাং বিষয়কামনাজাতাম্, মায়াং মোহম্ ॥১৮॥

শত্রুদমনকারী। যে কার্য্যদ্বারা এই নিষ্ঠুর ব্যবহার হইতে মুক্ত হইতে পারি, তুমি নিজ কার্য্যদ্বারা তাহাই কর; যাহাতে আমার মন প্রসন্ন হয়' ॥১৪॥

যুধিষ্ঠির এইরূপ বলিতে লাগিলে, ধর্ম্মজ্ঞ ও অতি মহাতেজা বেদব্যাস সান্ত্বনা দিবার জন্য মঙ্গলজনক ও যুক্তিযুক্ত এই সকল বাক্য তাঁহাকে বলিতে লাগিলেন—॥১৫॥

'বৎস! তুমি তোমার বুদ্ধিকে শিক্ষিত করিয়াছ, আবার বালকতানিবন্ধন মুগ্ধ হইতেছ। আমরা সকলে কি শূন্য স্থানে বার বার অনর্থক বাক্য বলিতেছি? ॥১৬॥

যাহাদের যুদ্ধদ্বারাই জীবিকানির্ব্বাহ হয়, সেই ক্ষত্রিয়দের ধর্ম্ম তুমি অবগত হইয়াছ। সেই ক্ষত্রিয় ধর্ম্মানুসারে প্রবৃত্ত রাজা কখনও মনঃপীড়াযুক্ত হন না ॥১৭॥

তুমি যথাযথভাবে সমস্ত মোক্ষধর্ম্ম শুনিয়াছ, যাহার ফলে কামজাত মোহ পরিত্যাগ করিতে পার ॥১৮॥

অসকৃচ্চাপি সন্দেহাশ্ছিন্নাস্তে কামজা ময়া।
অশ্রদ্দধানো দুর্ম্মেধা লুপ্তস্মৃতিরসি ধ্রুবম্‌।
নৈবং ভব ন তে যুক্তমিদমজ্ঞানমীদৃশম্‌ ॥১৯॥
প্রায়শ্চিত্তানি সর্ব্বাণি বিদিতানি চ তেঽনঘ!।
রাজধর্ম্মাশ্চ তে সর্ব্বে দানধর্ম্মাশ্চ তে শ্রুতাঃ ॥২০॥
স কথং সর্ব্বধর্ম্মজ্ঞঃ সর্বাগমবিশারদঃ।
পরিমুহ্যসি ভূয়স্ত্বমজ্ঞানাদিব ভারত! ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্‌ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে যুধিষ্ঠিরসান্ত্বনে দ্বিয়োঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

অসকৃদিতি। অশ্রদ্দধানঃ অস্মদ্বাক্যমবিশ্বসন্‌। এবং মুগ্ধো মা ভব। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥১৯॥

প্রায ইতি। রাজধর্ম্মা রাজ্ঞামাচারাঃ, তে ত্বযা ॥২০॥

স ইতি। সর্ব্বাগমবিশারদঃ সর্বশাস্ত্রবিচক্ষণঃ ॥২১॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্‌ আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥০॥

ভাবতভাবদীপঃ

এবং শোকাক্রান্তো বৈরাগ্যমিচ্ছতীতি স্পষ্টযতি—এবমুক্তস্ত্বিত্যধ্যায়েন ॥১—২১॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥২॥

আমি তোমাব কামজাত সন্দেহ সকল বার বার নিরাস করিয়াছি। আমাব মনে হয, তুমি আমার বাক্যে বিশ্বাস কর না, কিংবা দুর্মেধা বলিয়া নিশ্চয়ই তোমার তাহাব স্মৃতি লুপ্ত হইয়া গিযাছে। তুমি একপ হইও না, তোমার এই প্রকার এই অজ্ঞান সঙ্গত নহে ॥১৯॥

নিষ্পাপ যুধিষ্ঠির! তুমি সমস্ত প্রায়শ্চিত্ত অবগত হইয়াছ এবং সকল বাজ-ধর্ম্ম ও দানধর্ম্ম শুনিযাছ ॥২০॥

ভরতনন্দন! সেই তুমি সর্ব্বধর্ম্মজ্ঞ ও সর্ব্বশাস্ত্রবিশাবদ হইয়া অজ্ঞানবশতই যেন আবার কেন মুগ্ধ হইতেছ?' ॥২১॥

তৃতীয়োঽধ্যায়ঃ।

—ঃ❋ঃ—

ব্যাস উবাচ।

যুধিষ্ঠির। তব প্রজ্ঞা ন সম্যগিতি মে মতিঃ।
ন হি কশ্চিৎ স্বযং মর্ত্ত্যঃ স্ববশঃ কুরুতে ক্রিয়াম্ ॥১॥
ঈশ্বরেণ চ যুক্তোঽয়ং সাধ্বসাধু চ মানবঃ।
করোতি পুরুষঃ কর্ম্ম তত্র কা পরিদেবনা ॥২॥
আত্মানং মন্যসে চাথ পাপকর্ম্মাণমন্ততঃ।
শৃণু তত্র যথা পাপমপকৃষ্যেত ভারত। ॥৩॥
তপোভিঃ ক্রতুভিশ্চৈব দানেন চ যুধিষ্ঠির!।
তরন্তি নিত্যং পুরুষা যে স্ম পাপানি কুর্বতে ॥৪॥
যজ্ঞেন তপসা চৈব দানেন চ নরাধিপ!।
পূযন্তে নরশার্দূল। নরা দুষ্কৃতকারিণঃ ॥৫॥

ভাবতকৌমুদী

যুধীতি। প্রজ্ঞা বুদ্ধিঃ। মর্ত্ত্যো মরণধর্ম্মা প্রাণী, স্ববশঃ স্বাধীনঃ ॥১॥
ঈশ্বরেণেতি। যুক্তঃ প্রযুক্তঃ। পরিদেবনা বিলাপঃ ॥২॥
আত্মানমিতি। পাপং কর্ম্ম যস্য তম্। অপকৃষ্যেত বিনশ্যেৎ ॥৩॥
তপোভিরিতি। ক্রতুভির্যজ্ঞৈঃ। তরন্তি পাপেভ্যঃ ॥৪॥
যজ্ঞেনেতি। পূযন্তে পাপধ্বংসেন পবিত্রা ভবন্তি ॥৫॥

বেদব্যাস বলিলেন—'যুধিষ্ঠির। আমাব ধাবণা এই যে, তোমার এই বুদ্ধি সমীচীন হইতেছে না। কাবণ, কোন মানুষই স্বাধীন থাকিয়া নিজে কার্য্য কবে না ॥১॥

মানুষ ঈশ্ববপ্রযুক্ত হইয়াই সৎ বা অসৎ কার্য্য কবে; সুতবাং তাহাতে বিলাপেব বিষয় কি আছে? ॥২॥

ভরতনন্দন! তুমি যদি নিজেকে পাপকাবী বলিয়া মনে কব; তবে সে বিষয়ে যাহাতে সেই পাপ নষ্ট হয় তাহা শ্রবণ কব ॥৩॥

যুধিষ্ঠির! যে সকল মানুষ সর্বদা পাপ কবে, তাহাবা তপস্যা, যজ্ঞ ও দানদ্বাবা সেই সমস্ত পাপ হইতে উত্তীর্ণ হয ॥৪॥

অসুরাশ্চ সুরাশ্চৈব পুণ্যহেতোর্মখক্রিয়াম্ ।
প্রযতন্তে মহাত্মানস্তস্মাদ্‌যজ্ঞঃ পরায়ণম্ ॥৬॥
যজ্ঞৈরেব মহাত্মানো বভূবুরধিকাঃ সুরাঃ ।
ততো দেবাঃ ক্রিয়াবন্তো দানবানভ্যধর্ষয়ন্ ॥৭॥
রাজসূয়াশ্বমেধৌ চ সর্বমেধঞ্চ ভারত ! ।
নরমেধঞ্চ নৃপতে ! ত্বমাহর যুধিষ্ঠির ! ॥৮॥
যজস্ব বাজিমেধেন বিধিবদ্দক্ষিণাবতা ।
বহুকামান্নবিত্তেন রামো দাশরথির্যথা ॥৯॥
যথা চ ভরতো রাজা দৌষ্মন্তিঃ পৃথিবীপতিঃ ।
শাকুন্তলো মহাবীর্য্যস্তব পূর্বপিতামহঃ ॥১০॥

ভারতকৌমুদী

অসুরা ইতি। মখক্রিয়াং যজ্ঞকার্য্যং কর্ত্তুমিতি শেষঃ। পরায়ণং পাপনাশায় পরমাশ্রয়ঃ ॥৬॥

যজ্ঞৈরিতি। অধিকা অসুরেভ্যোঽধিকবলাঃ। অভ্যধর্ষয়ন্ পরাজিতবন্তঃ ॥৭॥

রাজেতি। রাজসূয়াদীনি যজ্ঞনামানি। আহর অনুতিষ্ঠ ॥৮॥

যজস্বেতি। বহুনি কামাঃ কাম্যবস্তুদানানি অন্নানি অন্নদানাদিবিত্তানি ধনদানানি চ যত্র তেন ॥৯॥

যথেতি। ভরতো নাম, দৌষ্মন্তির্দুষ্মন্তপুত্রঃ। শকুন্তলাগর্ভজাতঃ ॥১০॥

নরশ্রেষ্ঠ রাজা! পাপকারী মানুষেরা যজ্ঞ, তপস্যা ও দানদ্বারা পবিত্র হয় ॥৫॥

মহাত্মা দেবগণ ও অসুরগণ পুণ্যলাভের নিমিত্ত যজ্ঞকার্য্য করিবার জন্য চেষ্টা করেন। অতএব যজ্ঞই পাপনাশের বিষয়ে পরম আশ্রয় ॥৬॥

মহাত্মা দেবগণ যজ্ঞদ্বারাই অসুরগণ হইতে অধিক বলশালী হইয়াছিলেন, তাহাতেই সৎকার্য্যশালী সেই দেবগণ দানবগণকে পরাজিত করিতে পারিয়াছিলেন ॥৭॥

ভরতনন্দন রাজা যুধিষ্ঠির! তুমি রাজসূয়, অশ্বমেধ, সর্ব্বমেধ ও নরমেধ যজ্ঞ ক্রমশঃ করিতে থাক ॥৮॥

পূর্ব্বকালে দশরথনন্দন রামচন্দ্র যেমন করিয়াছিলেন, তেমন তুমিও যথাবিধানে প্রচুর দক্ষিণাদান এবং প্রচুর অভীষ্ট বস্তুদান, অন্নদান ও ধনদান সহকারে অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান কর ॥৯॥

---

(৬) প্রবর্ত্তন্তে মহাত্মানঃ—নি।

যুধিষ্ঠির উবাচ।

অসংশয়ং বাজিমেধঃ পাবয়েৎ পৃথিবীপতিম্।
অভিপ্রায়স্তু মে কশ্চিত্তং ত্বং শ্রোতুমিহার্হসি ॥১১॥
ইমং জ্ঞাতিবধং কৃত্বা সুমহান্তং দ্বিজোত্তম!।
দানমল্পং ন শক্নোমি দাতুং বিত্তঞ্চ নাস্তি মে ॥১২॥
ন তু বালানিমান্ দীনানুৎসহে বসু যাচিতুম্।
তথৈবার্দ্রব্রণান্ কৃচ্ছ্রে বর্ত্তমানান্ নৃপাত্মজান্ ॥১৩॥
স্বয়ং বিনাশ্য পৃথিবীং যজ্ঞার্থং দ্বিজসত্তম!।
করমাহারয়িষ্যামি কথং শোকপরায়ণঃ ॥১৪॥

ভারতকৌমুদী

অসংশয়মিতি। পাবয়েৎ পাপক্ষপণেন পবিত্রীকুর্য্যাৎ ॥১১॥

ইমমিতি। অল্পমপি দানং কর্ত্তুমিতি শেষঃ, বিত্তং ধনম্ ॥১২॥

নন্থ বিদ্যমানরাজপুত্রেভ্যো যজ্ঞোপযোগি ধনং যাচস্ব ইত্যাহ নেতি। বালান্ কাংশ্চিদল্প-বয়স্কান্, দীনান্ যুদ্ধাদৌ ধনব্যয়াৎ কাংশ্চিদ্দরিদ্রীভূতান্ তথৈব আর্দ্রা অদ্যাপ্যশুষ্কা ব্রণা অস্মিন্ যুদ্ধ এবাস্ত্রাঘাতক্ষতানি যেষাং তান্, অতএব কৃচ্ছ্রে কষ্টে বর্ত্তমানান্ ইমান্ নৃপাত্মজান্ রাজপুত্রান্, বসু ধনম্, যাচিতুম্ভ নোৎসহে ন শক্নোমি ॥১৩॥

স্বয়মিতি। করং রাজগ্রাহ্যং ধনম্ আহারয়িষ্যামি আদাপয়িষ্যামি।১৪॥

এবং দুষ্মন্তের পুত্র, শকুন্তলার গর্ভজাত তোমার পূর্ব্বপুরুষ, পৃথিবীর অধীশ্বর ভরতরাজা যেমন করিয়াছিলেন, তুমিও তেমনই করিতে থাক' ॥১০॥

যুধিষ্ঠির বলিলেন—'নিশ্চয়ই অশ্বমেধ যজ্ঞ পাপক্ষয় করিয়া রাজাকে পবিত্র করে। তবে সে বিষয়ে আমার কোন অভিপ্রায় আছে, তাহা আপনি শ্রবণ করুন ॥১১॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! এই গুরুতর জ্ঞাতিবধ করিয়া অল্প দান করিতেও আমি সমর্থ নহি। কারণ, দানের উপযোগী ধন আমার নাই ॥১২॥

রাজপুত্রেরা অনেকেই বালক, আবার যুদ্ধে ধনক্ষয় হওয়ায় অনেকেই দরিদ্র হইয়া গিয়াছেন এবং যুদ্ধে আঘাত পাওয়ার ফলে অনেকেরই দেহের ক্ষতগুলি আর্দ্র রহিয়াছে। অতএব সকলেই কষ্টে রহিয়াছেন, সুতরাং তাঁহাদের নিকট আমি যজ্ঞের উপযোগী ধন প্রার্থনা করিতেও সমর্থ নহি ॥১৩॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! নিজেই পৃথিবীটাকে ধ্বংস করিয়া শোকার্ত্ত থাকিয়া যজ্ঞের নিমিত্ত কি প্রকারেই বা আমি কর (চাঁদা) আদায় করিব? ॥১৪॥

(১১) পারয়েৎ পৃথিবীমপি—নি। (১৩) তথৈবার্দ্রবিণান্—নি।

দুর্য্যোধনাপরাধেন বসুধায়াং নরাধিপাঃ।
প্রনষ্টা যোজয়িত্বাস্মানকীর্ত্ত্যা মুনিসত্তম ! ॥১৫॥
দুর্য্যোধনেন পৃথিবী ক্ষপিতা বিত্তকারণাৎ।
কোশশ্চাপি বিশীর্ণোঽস্যৌ ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ম্মতেঃ ॥১৬॥
পৃথিবী দক্ষিণা চাত্র বাজিমেধে মহাক্রতৌ।
বিদ্বদ্ভিঃ পরিদৃষ্টোঽয়ং শিষ্টো বিধিবিপর্য্যয়ঃ ॥১৭॥
ন চ প্রতিনিধিং কর্ত্তুং চিকীর্ষামি তপোধন।।
অত্র মে ভগবন্! সম্যক্ সাচিব্যং কর্ত্তুমর্হসি ॥১৮॥

ভারতকৌমুদী

দুর্য্যোধনেতি। অস্মান্ অকীর্ত্ত্যা নিন্দয়া যোজয়িত্বা নিন্দাভাগিনঃ কৃত্বেত্যর্থঃ ॥১৫॥

দুর্য্যোধনেনেতি। বিশীর্ণঃ ক্ষীণধনঃ, দুর্ম্মতের্দুর্বুদ্ধিবশাৎ ॥১৬॥

পৃথিবীতি। পৃথিবী ভূমিঃ। অন্যথা করণে বেদোক্তস্য বিধেঃ বিপর্য্যযোঽতিক্রমঃ, শিষ্টঃ শিষ্টৈরুক্তঃ ॥১৭॥

নন্থ ঘৃতস্য প্রতিনিধিতযা তৈলমিব ভূমেঃ প্রতিনিধিভাবেন গাং দাস্যসীত্যাহ নেতি। সাচিব্যমুপদেশদানেন সাহায্যম্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

মৌঢ্যপ্রযুক্তাদ্বৈরাগ্যাচ্ছাস্ত্রীযকর্ম্মাচরণমেব শ্রেয় ইত্যুক্তং—যুধিষ্ঠির তব প্রজ্ঞেত্যাদিনা ॥১—১৭॥ প্রতিনিধিমনুকল্পম্ ॥১৮—২৩॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে আশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে তৃতীয়োঽধ্যাযঃ ॥৩॥

মুনিশ্রেষ্ঠ। পৃথিবীব বাজাবা দুর্য্যোধনেব দোষে আমাদিগকে নিন্দার পাত্র কবিয়া ধ্বংসপ্রাপ্ত হইয়াছেন ॥১৫॥

দুর্য্যোধন ধনেব জন্য সমস্ত ভূমিই (পত্তনীপ্রভৃতি দিয়া) নষ্ট কবিয়াছে এবং দুর্য্যোধনেব দুর্বুদ্ধিনিবন্ধন ঐ বাজকোশও ধনশূন্য হইয়া গিয়াছে ॥১৬॥

এই মহাযজ্ঞ অশ্বমেধে ভূমি দক্ষিণা দিতে হয—এই বিধিই বিদ্বানেরা দেখিয়াছেন; ইহাব অন্যথা কবিলে বিধিব অতিক্রম কবা হইল বলিয়া শিষ্টেরা মনে কবিবেন ॥১৭॥

ভগবন্ তপোধন! আমি এ বিষযে প্রতিনিধি কবিতেও ইচ্ছা করি না; অতএব আপনি এই বিবযে সমীচীনভাবে আমার সহাযতা করুন' ॥১৮॥

---

(১৫) বসুধা বসুধাধিপাঃ—বঙ্গ বর্দ্ধ। (১৬) ক্ষযিতা—বঙ্গ বর্দ্ধ।

এবমুক্তস্তু পার্থেন কৃষ্ণদ্বৈপায়নস্তদা।
মুহূর্ত্তমনুসঞ্চিন্ত্য ধর্ম্মরাজানমব্রবীৎ ॥১৯॥
কোশশ্চাপি বিশীর্ণোঽয়ং পরিপূর্ণো ভবিষ্যতি।
বিদ্যতে দ্রবিণং পার্থ! গিরৌ হিমবতি স্থিতম্ ॥২০॥
উৎসৃষ্টং ব্রাহ্মণৈর্যজ্ঞে মরুত্তস্য মহাত্মনঃ।
তদানয়স্ব কৌন্তেয়! পর্য্যাপ্তং তদ্ভবিষ্যতি ॥২১॥

যুধিষ্ঠির উবাচ।

কথং যজ্ঞে মরুত্তস্য দ্রবিণং তৎ সমাচিতম্।
কস্মিংশ্চ কালে স নৃপো বভূব বদতাংবর! ॥২২॥

ব্যাস উবাচ।

যদি শুশ্রূষসে পার্থ! শৃণু কারন্ধমং নৃপম্।
যস্মিন্ কালে মহাবীর্য্যঃ স রাজাসীন্মহাধনঃ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে মরুত্তীয়ে তৃতীয়োঽধ্যায়ঃ ॥৩॥

ভারতকৌমুদী

এবমিতি। পার্থেন পৃথাপুত্রেণ যুধিষ্ঠিরেণ। ধর্ম্মরাজানমিত্যদন্তত্বাভাব আর্ষঃ ॥১৯॥
কোশ ইতি। দ্রবিণং ধনম্, গিরৌ পর্ব্বতে ॥২০॥
উৎসৃষ্টমিতি। উৎসৃষ্টং পরিত্যক্তম্। পর্য্যাপ্তং যথেষ্টম্ ॥২১॥
কথমিতি। সমাচিতমানীতম্ ॥২২॥

যুধিষ্ঠির এইরূপ বলিলে তখন বেদব্যাস একটু কাল চিন্তা করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—॥১৯॥

'পৃথানন্দন! এই ধনশূন্য রাজকোশ ধনে পরিপূর্ণ হইবে। কারণ, হিমালয়পর্বতে ধন রহিয়াছে ॥২০॥

কুন্তীনন্দন! মহাত্মা মরুত্তরাজার যজ্ঞে ব্রাহ্মণেরা যে ধনগুলি পরিত্যাগ করিয়া গিয়াছিলেন তুমি তাহা আনয়ন কর; তাহা তোমার এই যজ্ঞে পর্য্যাপ্ত হইবে' ॥২১॥

যুধিষ্ঠির বলিলেন—'বাগ্মিশ্রেষ্ঠ! মরুত্তরাজার যজ্ঞে সেই ধনগুলি কিপ্রকারে সংগৃহীত হইয়াছিল? সেই রাজাই বা কোন্ সময়ে ছিলেন?' ॥২২॥

---

(১৯) ইতঃ পরং 'ব্যাস উবাচ'—বঙ্গ বর্দ্ধ।

চতুর্থোঽধ্যায়ঃ।

—:*:—

যুধিষ্ঠির উবাচ।

শুশ্রূষে তস্য ধর্ম্মজ্ঞ! রাজর্ষেঃ পরিকীর্ত্তনম্।
দ্বৈপায়ন! মরুত্তস্য কথাং প্রব্রূহি মেঽনঘ! ॥১॥

ব্যাস উবাচ।

আসীৎ কৃতযুগে তাত! মনুর্দ্দণ্ডধরঃ প্রভুঃ।
তস্য পুত্রো মহেষ্বাসঃ প্রজাতিরভবন্নৃপ! ॥২॥
প্রজাতেরভবৎ পুত্রঃ ক্ষুত ইত্যভিবিশ্রুতঃ।
ক্ষুতস্য পুত্র ইক্ষ্বাকুর্ম্মহীপালোঽভবৎ প্রভুঃ ॥৩॥

ভারতকৌমুদী

যদীতি। শুশ্রূষসে শ্রোতুমিচ্ছসি। করন্ধমস্যাপত্যমিতি কারন্ধমস্তম্ ॥২৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে তৃতীয়োঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

শুশ্রূষ ইতি। শুশ্রূষে শ্রোতুমিচ্ছামি। পরিকীর্ত্ত্যত ইতি পরিকীর্ত্তনং বৃত্তান্তস্তৎ।১॥
আসীদিতি। দণ্ডধরো রাজা। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ ॥২॥

বেদব্যাস বলিলেন—'পৃথানন্দন! যে সময়ে সেই মহাবীর ও মহাধনী রাজা ছিলেন, তাহা যদি তুমি শুনিতে ইচ্ছা কর, তবে করন্ধমরাজার পুত্র সেই মরুত্তরাজার কথা শ্রবণ কর' ॥২৩॥

—:*:—

যুধিষ্ঠির বলিলেন—'নিষ্পাপ ধর্ম্মজ্ঞ দ্বৈপায়ন! আমি রাজর্ষি মরুত্তের বৃত্তান্ত শুনিতে ইচ্ছা করি, অতএব আপনি আমার নিকট সেই মরুত্তের উপাখ্যান বলুন' ॥১॥

বেদব্যাস বলিলেন—'বৎস! সত্যযুগে মনুনামে প্রভাবশালী এক রাজা ছিলেন। রাজা! প্রজাতি নামে তাঁহার এক মহাধনুর্দ্ধর পুত্র হইয়াছিল ॥২॥

---

(২)…প্রসন্ধিরিতি বিশ্রুতঃ—বঙ্গ বর্দ্ধ।
(৩) প্রসন্ধেরভবৎ পুত্রঃ ক্ষুপ ইত্যভিবিশ্রুতঃ। ক্ষুপস্য পুত্রঃ—বঙ্গ বর্দ্ধ।

তস্য পুত্রশতং রাজন্! আসীৎ পরমধার্ম্মিকম্।
তাংস্তু সর্ব্বান্ মহীপালান্ ইক্ষ্বাকুরকরোৎ প্রভুঃ ॥৪॥
তেষাং জ্যেষ্ঠস্তু বিংশোঽভূৎ প্রতিমানং ধনুষ্মতাম্।
বিংশস্য পুত্রঃ কল্যাণো বিবিংশো নাম ভারত! ॥৫॥
বিবিংশস্য সুতা রাজন্! বভূবুর্দশ পঞ্চ চ।
সর্ব্বে ধনুষি বিক্রান্তা ব্রহ্মণ্যাঃ সত্যবাদিনঃ ॥৬॥
দানধর্ম্মরতাঃ শান্তাঃ সততং প্রিয়বাদিনঃ।
তেষাং জ্যেষ্ঠঃ খনীনেত্রঃ স তান্ সর্ব্বানপীড়যৎ ॥৭॥
খনীনেত্রস্তু বিক্রান্তো জিত্বা রাজ্যমকণ্টকম্।
নাশকদ্রক্ষিতুং রাজ্যং নান্বরজ্যন্ত তং প্রজাঃ ॥৮॥

ভারতকৌমুদী

প্রজাতেরিতি। অভিবিশ্রুতঃ সর্ব্বত্র বিখ্যাতঃ ॥৩॥
তস্যেতি। মহীপালান্ ভিন্নভিন্নরাজ্যেষু নৃপতীন্ ॥৪॥
তেষামিতি। বিংশো নাম, প্রতিমানমুপমানম্ ॥৫॥
বিবিংশস্যেতি। বিক্রান্তা শিক্ষাতিশয়েন বিক্রমশালিনঃ, ব্রহ্মণ্যা বেদহিতাঃ ॥৬॥
দানেতি। খনীনেত্রো নাম, তান্ ভ্রাতৄন্ ॥৭॥
খনীতি। অকণ্টকং শত্রুশূন্যমকরোদিতি শেষঃ ॥৮॥

প্রজাতির পুত্র ক্ষুত। তিনি জগতে বিখ্যাত হইয়াছিলেন, সেই ক্ষুতের পুত্র ইক্ষ্বাকু তৎপরে প্রভাবশালী রাজা হন ॥৩॥

রাজা! সেই ইক্ষ্বাকুর পরম ধার্ম্মিক একশত পুত্র ছিল। প্রভাবশালী ইক্ষ্বাকু সেই একশত পুত্রকেই বিভিন্ন দেশের রাজা করেন ॥৪॥

তাঁহাদের জ্যেষ্ঠ ছিলেন—বিংশ; তিনি ধনুর্দ্ধরদিগের উপমানস্থল ছিলেন। ভরতনন্দন! সেই বিংশের পুত্র ছিলেন—মঙ্গলাস্পদ বিবিংশ ॥৫॥

রাজা! বিবিংশের পনেরোটী পুত্র জন্মিয়াছিল। তাঁহারা সকলেই মহাধনুর্দ্ধর, বিক্রমশালী, বেদহিতৈষী ও সত্যবাদী ছিলেন ॥৬॥

বিশেষতঃ, তাঁহারা দানধর্ম্মে নিরত, শান্তপ্রকৃতি ও সর্ব্বদা সকলের প্রিয়বাদী ছিলেন। কিন্তু কালক্রমে তাঁহাদের জ্যেষ্ঠভ্রাতা খনীনেত্র তাঁহাদের সকলকেই উৎপীড়ন করিতে লাগিলেন ॥৭॥

বিক্রমশালী খনীনেত্র জয় করিয়া নিজরাজ্যকে নিষ্কণ্টক করিয়াছিলেন;

তমপাস্য চ তদ্রাজ্যে তস্য পুত্রং সুবর্চ্চসম্।
অভ্যসিঞ্চন্ত রাজেন্দ্র! মুদিতা হ্যভবংস্তদা ॥৯॥
স পিতুর্বিক্রিযাং দৃষ্ট্বা রাজ্যান্নিরসনঞ্চ তৎ।
নিয়তো বর্ত্তয়ামাস প্রজাহিতচিকীর্ষয়া ॥১০॥
ব্রহ্মণ্যঃ সত্যবাদী চ শুচিঃ শমদমান্বিতঃ।
প্রজাস্তং চান্বরজ্যন্ত ধর্ম্মনিত্যং মনস্বিনম্ ॥১১॥
তস্য ধর্ম্মপ্রবৃত্তস্য ব্যশীর্য্যৎ কোশবাহনম্।
তং ক্ষীণকোশং সামন্তাঃ সমন্তাৎ পর্য্যপীড়য়ন্ ॥১২॥
স পীড্যমানো বহুভিঃ ক্ষীণকোশাশ্ববাহনঃ।
আর্ত্তিমার্চ্ছৎ পরাং রাজা সহ ভৃত্যৈঃ পুরেণ চ ॥১৩॥

ভারতকৌমুদী

তমিতি। অপাস্য দূরীকৃত্য সুবর্চ্চসং নাম। অভবন্ প্রজাঃ ॥৯॥
স ইতি। বিক্রিয়াং বিকারম্ প্রজাস্বত্যাচারমিত্যর্থঃ, তৎ তস্য নিরসনং নিষ্কাসনম্ ॥১০॥
ব্রহ্মণ্য ইতি। শমঃ অন্তরিন্দ্রিয়নিগ্রহঃ, দমশ্চ বহিরিন্দ্রিয়দমনং তাভ্যামন্বিতঃ ॥১১॥
তস্যেতি। অনবরতদানাদিনা ধর্ম্মপ্রবৃত্তস্য। সামন্তাঃ অধীনস্থা রাজানঃ ॥১২॥
স ইতি। আর্ত্তিং পীড়াম্, আর্চ্ছৎ প্রাপ্নোৎ ॥১৩॥

কিন্তু পরিশেষে সে রাজ্য রক্ষা করিতে পারেন নাই। কারণ, প্রজারা তাঁহার অনুরক্ত ছিল না ॥৮॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে প্রজারা সেই খনীনেত্রকে তাড়াইয়া দিয়া তাঁহার পুত্র সুবর্চ্চাকে রাজ্যে অভিষিক্ত করিল এবং তাহাতেই আনন্দিত হইল ॥৯॥

ক্রমে সুবর্চ্চা পিতার সেই বিকার অর্থাৎ প্রজার উপরে অত্যাচার এবং রাজ্য হইতে তাঁহার নির্ব্বাসন দেখিয়া সংযতচিত্ত হইয়া প্রজাদের হিত করিবার ইচ্ছায় জীবনযাপন করিতে লাগিলেন ॥১০॥

তিনি বেদহিতৈষী, সত্যবাদী, পবিত্র ও শমদমগুণান্বিত ছিলেন, সুতরাং প্রজাবর্গ সর্ব্বদা ধর্ম্মানুষ্ঠায়ী ও মনস্বী সেই রাজার প্রতি অনুরক্ত ছিল ॥১১॥

তিনি সর্ব্বদা ধর্ম্মকার্য্যে প্রবৃত্ত ছিলেন বলিয়া তাঁহার কোশ ও বাহন ক্রমশঃ ক্ষীণ হইয়া গিয়াছিল। তাঁহার কোশ ক্ষীণ হইলে সামন্তরাজারা সকল দিক্ হইতে তাঁহাকে পীড়ন করিতে লাগিলেন ॥১২॥

কোশ, অশ্ব ও অন্যান্য বাহন ক্ষীণ হইয়া গেলে এবং সামন্তেরা উৎপীড়ন করিতে থাকিলে তিনি ভৃত্যগণ ও পুরবাসিগণের সহিত গুরুতর পীড়া অনুভব করিতে লাগিলেন ॥১৩॥

ন চৈনমভিহন্তুং তে শক্নুবন্তি বলক্ষয়ে।
সম্যগ্‌বৃত্তো হি রাজা স ধর্ম্মনিত্যো যুধিষ্ঠির! ॥১৪॥
যদা তু পরমামার্ত্তিং গতোঽসৌ সপুরো নৃপঃ।
ততঃ প্রদধ্মৌ স করং প্রাদুরাসীত্ততো বলম্ ॥১৫॥
ততস্তানজয়ৎ সর্ব্বান্ প্রাতিসীমান্নরাধিপান্।
এতস্মাৎ কারণাদ্রাজন্! বিশ্রুতঃ স করন্ধমঃ ॥১৬॥
তস্য কারন্ধমঃ পুত্রস্ত্রেতাযুগমুখেঽভবৎ।
ইন্দ্রাদনবরঃ শ্রীমান্ দেবৈরপি সুদুর্জ্জয়ঃ ॥১৭॥
তস্য সর্বে মহীপালা বর্ত্তন্তে স্ম বশে তদা।
স হি সম্রাড়ভূত্তেষাং বৃত্তেন চ বলেন চ ॥১৮॥
অবিক্ষিন্নাম ধর্ম্মাত্মা শৌর্য্যেণেন্দ্রসমোঽভবৎ।
যজ্ঞশীলো ধর্ম্মরতির্ধৃতিমান্ সংযতেন্দ্রিয়ঃ ॥১৯॥

ভাবতকৌমুদী

নেতি। সম্যগ্‌বৃত্তঃ সমীচীনব্যবহারঃ ॥১৪॥
যদেতি। পুরেণ পুরবাসিনা জনসমূহেন সহেতি সঃ। প্রদধ্মৌ দদাহ, করং হস্তম্ ॥১৫॥
তত ইতি। প্রাতিসীমান্ রাজ্যসীমান্তস্থিতান্। বিশ্রুতো বিখ্যাতঃ ॥১৬॥
তস্যেতি। ত্রেতাযুগস্য মুখে প্রারম্ভে। অনবরঃ অন্যূনঃ ॥১৭॥
তস্যেতি। বৃত্তেন ব্যবহারেণ ॥১৮॥

যুধিষ্ঠির! বলক্ষয় হইয়া গেলেও সামন্তেরা তাঁহাকে বধ করিতে সমর্থ হইলেন না। কারণ, তিনি সংযতচিত্ত, সর্ব্বদা ধর্ম্মানুষ্ঠায়ী ও উপযুক্ত ব্যবহার-কারী ছিলেন ॥১৪॥

যখন তিনি পুরবাসিগণের সহিত অত্যন্ত পীড়া অনুভব করিতে লাগিলেন, তখন অগ্নিতে হস্ত দগ্ধ করিলেন, পরে সেই অগ্নি হইতে সৈন্য আবির্ভূত হইল ॥১৫॥

রাজা! তদনন্তর তিনি সীমান্তবর্ত্তী সকল রাজাকে জয় করিলেন। এই কারণেই তিনি করন্ধম নামে বিখ্যাত হইয়াছিলেন ॥১৬॥

ত্রেতাযুগের প্রারম্ভে কারন্ধম নামে তাঁহার পুত্র হয়। সেই কারন্ধম ইন্দ্র অপেক্ষা ন্যূন ছিলেন না এবং রাজলক্ষ্মীযুক্ত বিশেষতঃ দেবগণেরও দুর্জ্জয় ছিলেন ॥১৭॥

তখন পৃথিবীর সমস্ত রাজা তাঁহার বশে ছিলেন; সুতরাং তিনি চরিত্র ও শক্তির গুণে তাঁহাদের সম্রাট্ হইয়াছিলেন ॥১৮॥

তেজসাদিত্যসদৃশঃ ক্ষময়া পৃথিবীসমঃ।
বৃহস্পতিসমো বুদ্ধ্যা হিমবানিব সুস্থিরঃ ॥২০॥
কর্ম্মণা মনসা বাচা দমেন প্রশমেন চ।
মনাংস্যারাধয়ামাস প্রজানাং স মহীপতিঃ ॥২১॥ (বিশেষকম্)
য ঈজে হয়মেধানাং শতেন বিধিবৎ প্রভুঃ।
যাজয়ামাস যং বিদ্বান্ স্বয়মেবাঙ্গিরাঃ প্রভুঃ ॥২২॥
তস্য পুত্রোঽতিচক্রাম পিতরং গুণবত্তয়া।
মরুত্তো নাম ধর্ম্মজ্ঞশ্চক্রবর্ত্তী মহাযশাঃ।
নাগাযুতসমপ্রাণঃ সাক্ষাদ্বিষ্ণুরিবাপরঃ ॥২৩॥
স যক্ষ্যমাণো ধর্ম্মাত্মা শাতকুম্ভময়ান্যুত।
কারয়ামাস শুভ্রাণি ভাজনানি সহস্রশঃ ॥২৪॥

ভারতকৌমুদী

অবিক্ষিদিতি। ধৃতিমান্ ধৈর্য্যশীলঃ ক্ষময়া সহিষ্ণুতয়া। আরাধয়ামাস সন্তোষয়ামাস ॥১৯—২১॥

য ইতি। ঈজে ইষ্টবান্। বিদ্বান্ তত্ত্বজ্ঞানী ॥২২॥

তস্যেতি। চক্রবর্ত্তী সার্ব্বভৌমঃ। নাগাযুতসমঃ অযুতসংখ্যকহস্তিতুল্যঃ প্রাণো বলং যস্য সঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৩॥

স ইতি। যক্ষ্যমাণো যজ্ঞং করিষ্যন্, শাতকুম্ভময়ানি স্বর্ণময়ানি ॥২৪॥

ধর্ম্মাত্মা, শৌর্য্যে ইন্দ্রতুল্য, যজ্ঞশীল, ধর্ম্মনিরত, ধৈর্য্যসম্পন্ন, সংযতেন্দ্রিয়, তেজে সূর্য্যের তুল্য, ক্ষমায় পৃথিবীর সমান, বুদ্ধিতে বৃহস্পতির সদৃশ এবং স্থিরতায় হিমালয়ের তুল্য সেই কারন্ধম অবিক্ষিৎ নামে বিখ্যাত হন। আর তিনি কর্ম্ম, মন, বাক্য, বহিরিন্দ্রিয়দমন ও অন্তরিন্দ্রিয়দমনের গুণে প্রজাবর্গের মন সন্তুষ্ট করিতে পারিয়াছিলেন ॥১৯—২১॥

প্রভাবশালী যে অবিক্ষিৎ যথাবিধানে শত অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন এবং তত্ত্বজ্ঞানী ও তপঃপ্রভাবান্বিত স্বয়ং দেবর্ষি অঙ্গিরা যাঁহার পৌরোহিত্য করিয়াছিলেন ॥২২॥

তাঁহার পুত্র মরুত্ত গুণে পিতাকে অতিক্রম করিয়াছিলেন। কারণ, সেই মরুত্ত ধর্ম্মজ্ঞ, চক্রবর্ত্তী, মহাযশা এবং সাক্ষাৎ অপর বিষ্ণুর ন্যায় দশসহস্র হস্তীর তুল্য বলশালী ছিলেন ॥২৩॥

ধর্ম্মাত্মা মরুত্ত যজ্ঞ করিবেন বলিয়া স্বর্ণময়, নির্ম্মল সহস্র সহস্র পাত্র নির্ম্মাণ করাইয়াছিলেন ॥২৪॥

মেরুং পর্ব্বতমাসাদ্য হিমবৎপার্শ্ব উত্তরে।
কাঞ্চনঃ সুমহান্ পাদস্তত্র কর্ম্ম চকার সঃ ॥২৫॥
ততঃ কুণ্ডানি পাত্রীশ্চ পিঠরাণ্যাসনানি চ।
চক্রুঃ সুবর্ণকর্ত্তারো যেষাং সংখ্যা ন বিদ্যতে ॥২৬॥
তস্যৈব চ সমীপে তু যজ্ঞবাটো বভূব হ।
ঈজে তত্র স ধর্ম্মাত্মা বিধিবৎ পৃথিবীপতিঃ।
মরুত্তঃ সহিতৈঃ সর্ব্বৈঃ প্রজাপালৈর্নরাধিপঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে মরুত্তীয়ে চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

মেরুমিতি। কাঞ্চনঃ স্বর্ণময়ঃ, পাদঃ প্রত্যন্তপর্ব্বতঃ ॥২৫॥

তত ইতি। পাত্রীঃ ক্ষুদ্রপাত্রাণি, পিঠরাণি স্থালীঃ। "স্থাল্যাং বা পিঠরঃ ক্লীবং মুস্তা-মন্থানদণ্ডয়োঃ" ইত্যজয়ঃ ॥২৬॥

তস্যেতি। তস্য পাদস্যৈব, যজ্ঞবাটো যজ্ঞস্থানম্। প্রজাপালৈ রাজভিঃ। ষট্পাদঃ শ্লোকঃ ॥২৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে চতুর্থোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

শুশ্রূষে ইতি ॥১॥ মরুত্তযজ্ঞপ্রশংসাপ্রসঙ্গাত্তদ্বংশ্যান্ স্তৌতি—আসীৎ কৃতযুগ ইত্যাদিনা অধ্যায়দ্বয়েন, অত্যন্তং মহান্তোঽপি কর্ম্মৈবানুতিষ্ঠন্তীতি কর্ম্মমাহাত্ম্যখ্যাপনার্থম্ ॥২—২৭॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে চতুর্থোঽধ্যায়ঃ ॥৪॥

হিমালয়পর্ব্বতের উত্তরপার্শ্বে সুমেরুপর্ব্বতের নিকটে অতিবিশাল একটী স্বর্ণময় প্রত্যন্তপর্ব্বত আছে। মরুত্ত সেই প্রত্যন্তপর্ব্বতে যজ্ঞ করিয়াছিলেন ॥২৫॥

তাহার পর, স্বর্ণকারেরা হোমকুণ্ড, ক্ষুদ্র পাত্র, স্থালী ও আসন নির্ম্মাণ করিয়াছিল, যেগুলির সংখ্যা ছিল না ॥২৬॥

সেই প্রত্যন্তপর্ব্বতেরই নিকটে যজ্ঞের স্থান হইয়াছিল। সে স্থানে ধর্ম্মাত্মা, পৃথিবীর অধিপতি ও নরনাথ মরুত্ত সম্মিলিত রাজগণের সহিত যথাবিধানে যজ্ঞ করিয়াছিলেন' ॥২৭॥

পঞ্চমোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

যুধিষ্ঠির উবাচ।

কথংবীর্য্যঃ সমভবৎ স রাজা বদতাংবর ! ।
কথঞ্চ জাতরূপেণ সমযুজ্যত স দ্বিজ ! ॥১॥
ক্ব চ তৎ সাম্প্রতং দ্রব্যং ভগবন্ ! অবতিষ্ঠতে।
কথঞ্চ শক্যমস্মাভিস্তদবাপ্তুং তপোধন ! ॥২॥

ব্যাস উবাচ।

অসুরাশ্চৈব দেবাশ্চ দক্ষস্যাসন্ প্রজাপতেঃ।
অপত্যং বহুলং তাত ! তেঽস্পর্দ্ধন্ত পরস্পরম্ ॥৩॥
তথৈবাঙ্গিরসঃ পুত্রৌ পিতুতুল্যৌ বভুবতুঃ।
বৃহস্পতির্বৃহত্তেজাঃ সংবর্ত্তশ্চ তপোধনঃ ॥৪॥
তাবতিস্পর্দ্ধিনৌ রাজন্ ! পৃথগাস্তাং পরস্পবম্।
বৃহস্পতিঃ স ংবর্ত্তং বাধতে স্ম পুনঃ পুনঃ ॥৫॥

ভারতকৌমুদী

কথমিতি। কথং কীদৃশং বীর্য্যং যস্য সঃ। জাতরূপেণ স্বর্ণেন ॥১॥
ক্বেতি। ক্ব কস্মিন্ স্থানে। কথং কেন প্রকারেণ ॥২॥
অসুরা ইতি। অস্পর্দ্ধন্ত প্রাধান্যং লব্ধুমচেষ্টন্ত ॥৩॥
তথেতি। অঙ্গিরসস্তদাখ্যস্য দেবর্ষেঃ ॥৪॥
তাবিতি। বাধতে পীডযতি ॥৫॥

যুধিষ্ঠিব বলিলেন—'বাগ্মিশ্রেষ্ঠ ব্রাহ্মণ! মরুত্তরাজাব শক্তি কি প্রকাব ছিল, কি প্রকাবেই বা তিনি সেই সকল স্বর্ণ পাইয়াছিলেন? ॥১॥

ভগবন্! তপোধন। এখন সেই ধন কোথায় রহিয়াছে, কি প্রকাবেই বা আমবা তাহা লাভ কবিতে সমর্থ হইব?' ॥২॥

বেদব্যাস বলিলেন—'বৎস! দেবগণ ও অসুবগণ দক্ষপ্রজাপতিব সন্তান ছিলেন এবং তাঁহারা পবস্পব স্পর্দ্ধা কবিতেন ॥৩॥

আবাব মহাতেজা বৃহস্পতি ও তপোধন সংবর্ত্ত অঙ্গিরাব পুত্র ছিলেন এবং তাঁহাবা গুণে পিতাবই তুল্য ছিলেন ॥৪॥

স বাধ্যমানঃ সততং ভ্রাত্রা জ্যেষ্ঠেন ভারত!।
অর্থানুৎসৃজ্য দিগ্‌বাসা বনবাসমরোচযৎ ॥৬॥
বাসবোঽপ্যসুরান্ সর্বান্ বিজিত্য চ নিপাত্য চ।
ইন্দ্রত্বং প্রাপ্য লোকেষু ততো বব্রে পুরোহিতম্ ॥৭॥
পুত্রমঙ্গিরসো জ্যেষ্ঠং বিপ্রজ্যেষ্ঠং বৃহস্পতিম্।
যাজ্যস্ত্বঙ্গিরসঃ পূর্ব্বমাসীদ্রাজা করন্ধমঃ ॥৮॥ (যুগ্মকম্)
বীর্য্যেণাপ্রতিমো লোকে বৃত্তেন চ বলেন চ।
শতক্রতুরিবৌজস্বী ধর্ম্মাত্মা সংশিতব্রতঃ ॥৯॥
বাহনং যস্য যোধাশ্চ মিত্রাণি বিবিধানি চ।
শযনানি চ মুখ্যানি মহার্হাণি চ সর্বশঃ ॥১০॥
ধ্যানাদেবাভবদ্রাজন্! মুখবাতেন সর্বশঃ।
স গুণৈঃ পার্থিবান্ সর্বান্ বশে চক্রে নরাধিপঃ ॥১১॥

ভারতকৌমুদী

স ইতি। অর্থান্ ধনানি, দিগ্‌বাসা নগ্নঃ ॥৬॥
বাসব ইতি। বাসব ইন্দ্রঃ। বিপ্রজ্যেষ্ঠং ব্রাহ্মণশ্রেষ্ঠম্ ॥৭—৮॥
বীর্য্যেণেতি। বৃত্তেন চরিত্রেণ। সংশিতব্রতো দৃঢবৈধনিযমঃ ॥৯॥
বাহনমিতি। যোধা যোদ্ধারঃ। শযনানি শয্যাঃ, মহার্হাণি মহামূল্যানি ॥১০॥
ধ্যানাদিতি। ধ্যানাদ্‌যোগবলেন চিন্তামাত্রাদেব, মুখবাতেন বাঙ্‌মাত্রেণ চ ॥১১॥

রাজা! পরস্পর স্পর্দ্ধাকারী সেই বৃহস্পতি ও সংবর্ত্ত কালক্রমে পৃথগন্নবর্ত্তী হইলেন, তখন বৃহস্পতি সংবর্ত্তকে বার বার পীড়ন করিতে থাকিলেন ॥৫॥

ভরতনন্দন। জ্যেষ্ঠভ্রাতা অনবরত পীড়ন করিতে থাকিলে সংবর্ত্ত ধন-সম্পত্তি পরিত্যাগ করিয়া নগ্ন হইয়া বনে বাস করিবার ইচ্ছা করিলেন ॥৬॥

ওদিকে, ইন্দ্র সমস্ত অসুরকে জয় ও সংহার করিয়া জগতে দেবরাজত্ব প্রাপ্ত হইলেন, তাহার পর তিনি অঙ্গিরার জ্যেষ্ঠপুত্র ব্রাহ্মণশ্রেষ্ঠ বৃহস্পতিকে পৌরোহিত্যপদে বরণ করিলেন। ওদিকে করন্ধমরাজা অঙ্গিরার যাজ্য ছিলেন ॥৭—৮॥

সেই করন্ধমরাজা বীরত্ব, চরিত্র ও শক্তির গুণে জগতে অতুলনীয় ছিলেন এবং ইন্দ্রের ন্যায় তেজস্বী, ধর্ম্মাত্মা ও দৃঢ় শাস্ত্রীয় নিয়মশালী হইয়াছিলেন ॥৯॥

যাঁহার বাহন, যোদ্ধা, নানাবিধ মিত্র এবং মহামূল্য উত্তম শয্যা ছিল ॥১০॥

রাজা! সেই করন্ধমনরপতি চিন্তা বা বাক্যমাত্রে এবং গুণের ফলে সকল রাজাকে বশীভূত করিয়াছিলেন ॥১১॥

সংজীব্য কালমিষ্টঞ্চ সশরীরো দিবং গতঃ।
বভূব তস্য পুত্রস্তু যযাতিরিব ধর্ম্মবিৎ ॥১২॥
অবিক্ষিন্নাম শক্রঞ্জিৎ স বশে কৃতবান্ মহীম্।
বিক্রমেণ গুণৈশ্চৈব পিতেবাসীৎ স পার্থিবঃ ॥১৩॥ (যুগ্মকম্)
তস্য বাসবতুল্যোঽভূন্মরুত্তো নাম বীর্য্যবান্।
পুত্রস্তমনুরক্তাঽভূৎ পৃথিবী সাগরাম্বরা ॥১৪॥
স্পর্দ্ধতে স স্ম সততং দেবরাজেন নিত্যদা।
বাসবোঽপি মরুত্তেন স্পর্দ্ধতে পাণ্ডুনন্দন! ॥১৫॥
শুচিঃ স গুণবানাসীন্মরুত্তঃ পৃথিবীপতিঃ।
যতমানোঽপি যং শক্রো ন বিশেষযতি স্ম হ ॥১৬॥
সোঽশক্নুবন্ বিশেষায় সমাহূয় বৃহস্পতিম্।
উবাচেদং বচো দেবৈঃ সহিতো হরিবাহনঃ ॥১৭॥

ভারতকৌমুদী

সংজীব্যেতি। দিবং স্বর্গম্। গুণৈর্দয়াদিভিঃ ॥১২—১৩॥
তস্যেতি। বাসবতুল্য ইন্দ্রসমানঃ। সাগরাম্বরা সমুদ্রবেষ্টিতা ॥১৪॥
স্পর্দ্ধত ইতি। স্পর্দ্ধতে প্রাধান্যমাকাঙ্ক্ষতি ॥১৫॥
শুচিরিতি। বিশেষয়তি স্ম অতিক্রমিতুমর্হতি স্ম ॥১৬॥
স ইতি। বিশেষায় আত্মনঃ প্রাধান্যস্থাপনায়। হরিবাহন ইন্দ্রঃ ॥১৭॥

তিনি ইচ্ছানুসারে দীর্ঘকাল জীবিত থাকিয়া সশরীরে স্বর্গারোহণ করেন। অবিক্ষিৎ নামে তাঁহার একটী পুত্র উৎপন্ন হয়। সেই পুত্র যযাতির ন্যায় ধর্ম্মজ্ঞ ও শক্রবিজয়ী ছিলেন এবং সমগ্র পৃথিবীকে বশীভূত করিয়াছিলেন, আর সেই রাজা বিক্রম ও অন্যান্য গুণে পিতার ন্যায়ই হইয়াছিলেন ॥১২—১৩॥

মরুত্ত নামে সেই অবিক্ষিতের একটী পুত্র হইয়াছিল। সেই মরুত্ত ইন্দ্রের ন্যায় বলবান্ ছিলেন এবং সমুদ্রবেষ্টিতা সমগ্র পৃথিবীই তাঁহার অনুরক্ত হইয়াছিল ॥১৪॥

পাণ্ডুনন্দন! সেই মরুত্ত সর্ব্বদা ইন্দ্রের সহিত স্পর্দ্ধা করিতেন, আবার ইন্দ্রও মরুত্তের সহিত স্পর্দ্ধা করিতেন ॥১৫॥

মরুত্তরাজা পবিত্র ও গুণবান্ ছিলেন। সুতরাং ইন্দ্র চেষ্টা করিয়াও যাঁহাকে অতিক্রম করিতে পারেন নাই ॥১৬॥

ইন্দ্র মরুত্ত অপেক্ষা নিজের প্রাধান্য স্থাপন করিতে অসমর্থ হওয়ায় দেবগণের সহিত মিলিত হইয়া বৃহস্পতিকে আহ্বান করিয়া এই কথা বলিলেন— ॥১৭॥

বৃহস্পতে! মরুত্তস্য মা স্ম কার্ষীঃ কথঞ্চন!
দৈবং কর্ম্মাথ পিত্র্যং বা কর্ত্তাসি মম চেৎ প্রিয়ম্ ॥১৮॥
অহং হি ত্রিষু লোকেষু সুরাণাঞ্চ বৃহস্পতে!
ইন্দ্রত্বং প্রাপ্তবানেকো মরুত্তস্তু মহীপতিঃ ॥১৯॥
কথং হ্যমর্ত্ত্যং ব্রহ্মন্! ত্বং যাজয়িত্বা সুরাধিপম্।
যাজয়েম্মৃত্যুসংযুক্তং মরুত্তমবিশঙ্কয়া ॥২০॥
মাং বা বৃণীষ্ব ভদ্রং তে মরুত্তং বা মহীপতিম্।
পরিত্যজ্য মরুত্তং বা যথাজোষং ভজস্ব মাম্ ॥২১॥
এবমুক্তঃ স কৌরব্য! দেবরাজ্ঞা বৃহস্পতিঃ।
মুহূর্ত্তমিব সঞ্চিন্ত্য দেবরাজানমব্রবীৎ ॥২২॥
ত্বং ভূতানামধিপতিস্ত্বয়ি লোকাঃ প্রতিষ্ঠিতাঃ।
নমুচের্বিশ্বরূপস্য নিহন্তা ত্বং বলস্য চ ॥২৩॥

ভারতকৌমুদী

বৃহস্পত ইতি। মরুত্তস্য দৈবপৈত্র্যকার্য্যকরণে মমাপ্রিয়মেব করিষ্যসীতি ভাবঃ ॥১৮॥
অহমিতি। ইন্দ্রত্বং পরমেশ্বরত্বম্। মহীপতিঃ কেবলং রাজা ॥১৯॥
কথমিতি। অমর্ত্ত্যং মরণরহিতম্ ॥২০॥
মামিতি। বৃণীষ যাজ্যত্বেন। যথাজোষং যথেচ্ছম্ ॥২১॥
এবমিতি। উভয়ত্রাপি অদন্তত্বাভাবঃ আর্ষঃ ॥২২॥
ত্বমিতি। ভূতানাং দেবযোনিবিশেষাণাম্। বিশ্বরূপস্য বৃত্রাসুরস্য ॥২৩॥

'সুরাচার্য্য! আপনি যদি আমার প্রিয়কার্য্য করিবার ইচ্ছা করেন, তাহা হইলে কোন প্রকারেই মরুত্তের দেবকার্য্য ও পিতৃকার্য্য করিবেন না ॥১৮॥

কারণ, দেবগুরু! এক আমিই তপোবলে ত্রিভুবনে দেবগণের অধিপতিত্ব লাভ করিয়াছি, আর মরুত্ত কেবল পৃথিবীর রাজা ॥১৯॥

ব্রাহ্মণ! আপনি মৃত্যুশূন্য ও দেবগণের অধিপতির যাজন করিয়া নিঃশঙ্ক-চিত্তে মৃত্যুযুক্ত মরুত্তের কি প্রকারে যাজন করিবেন? ॥২০॥

আপনার মঙ্গল হউক, আপনি হয় আমাকে যাজ্যরূপে বরণ করুন, আর না হয় মরুত্তরাজাকে সেইভাবে বরণ করুন, কিংবা মরুত্তকে পরিত্যাগ করিয়া ইচ্ছানুসারে কেবল আমাকে বরণ করুন' ॥২১॥

কৌরবনন্দন! দেবরাজ এইরূপ বলিলে বৃহস্পতি একটু কাল চিন্তা করিয়া দেবরাজকে বলিলেন—॥২২॥

ত্বমাজহর্থ দেবানামেকো বীরশ্রিয়ং পরাম্।
ত্বং বিভর্ষি ভুবং দ্যাঞ্চ সদৈব বলসূদন।॥২৪॥
পৌরোহিত্যং কথং কৃত্বা তব দেবগণেশ্বর!।
যাজয়েয়মহং মর্ত্ত্যং মরুত্তং পাকশাসন!॥২৫॥
সমাশ্বসিহি দেবেন্দ্র! নাহং মর্ত্ত্যস্য কর্হিচিৎ।
গ্রহীষ্যামি স্রুবং যজ্ঞে শৃণু চেদং বচো মম॥২৬॥
হিরণ্যরেতা নোষ্ণঃ স্যাৎ পরিবর্ত্তেত মেদিনী।
ভাসং তু ন রবিঃ কুর্য্যান্ন তু সত্যং চলেন্ময়ি॥২৭॥

ব্যাস উবাচ।

বৃহস্পতিবচঃ শ্রুত্বা শক্রো বিগতমৎসরঃ।
প্রশংস্যৈনং বিবেশাথ স্বমেব ভবনং তদা॥২৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে সংবর্ত্তমরুত্তীয়ে পঞ্চমোঽধ্যায়ঃ॥৫॥

ভাবতকৌমুদী

ত্বমিতি। আজহর্থ আহৃতবানসি। দ্যাং স্বর্গম্॥২৪॥
পৌরোহিত্যমিতি। মর্ত্ত্যং মরণধর্ম্মাণম্। হে পাকশাসন। পাকনামকাসুরহন্তঃ।॥২৫॥
সমিতি। মর্ত্ত্যস্য মরণধর্ম্মণো মনুষ্যস্য। স্রুবং যজ্ঞপাত্রম্॥২৬॥
হিরণ্যেতি। হিরণ্যরেতা অগ্নিঃ। ভাসং দীপ্তিম্, চলেৎ ভ্রশ্যেৎ॥২৭॥

'দেবরাজ! তুমি ভূতগণের অধিপতি, ত্রিভুবন তোমার উপরে রহিয়াছে এবং তুমি নমুচি, বিশ্বরূপ ও বলনামক অসুরকে বধ করিয়াছ॥২৩॥

বলসূদন। এক তুমিই দেবগণের উত্তম বীরলক্ষ্মী আহরণ করিয়াছ এবং তুমিই সর্ব্বদা ভূলোক ও স্বর্গলোকের ভরণ-পোষণ করিতেছ॥২৪॥

পাকশাসন দেবগণের অধীশ্বর। তোমার পৌরোহিত্য করিয়া আমি কি প্রকারে মনুষ্য মরুত্তের পৌরোহিত্য করিব?॥২৫॥

দেবরাজ! তুমি আশ্বস্ত হও, আমি কখনও মানুষের যজ্ঞে স্রুব গ্রহণ করিব না, তুমি আমার এই কথা শুনিয়া রাখ॥২৬॥

অগ্নি হয়ত উষ্ণ না হইতে পারেন কিংবা পৃথিবী উল্‌টিয়া যাইতে পারে, অথবা রবি আলোক নাও দিতে পারেন; কিন্তু আমাতে সত্যভ্রষ্ট হইবে না॥২৭॥

---

* '...বৈশম্পায়ন উবাচ—বঙ্গ বর্দ্ধ।

ষষ্ঠোঽধ্যায়ঃ ।

—ঃ*ঃ—

ব্যাস উবাচ ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্ ।
বৃহস্পতেশ্চ সংবাদং মরুত্তস্য চ ধীমতঃ ॥১॥
দেবরাজস্য সময়ং কৃতমাঙ্গিরসেন হ ।
শ্রুত্বা মরুত্তো নৃপতির্যজ্ঞমাহারয়ৎ পরম্ ॥২॥
সঙ্কল্প্য মনসা যজ্ঞং করন্ধমসুতাত্মজঃ ।
বৃহস্পতিমুপাগম্য বাগ্মী বচনমব্রবীৎ ॥৩॥

ভারতকৌমুদী

বৃহস্পতীতি । বিগতমৎসরস্তিরোহিতবিদ্বেষঃ । এনং বৃহস্পতিম্ ॥২৮॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যাযাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে পঞ্চমোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

অত্রেতি । উদাহরন্তি বৃদ্ধা ইতি শেষঃ ॥১॥

দেবেতি । সময়ং নিয়মম্, অহং তবৈব পৌরোহিত্যং করিষ্যামি ন পুনর্মরুত্তস্যেতি নির্দ্ধারণমিত্যর্থঃ । আঙ্গিরসেন বৃহস্পতিনা । আহারয়ৎ অন্বতিষ্ঠৎ ॥২॥

সঙ্কল্প্যেতি । করন্ধমস্য সুতঃ অবিক্ষিৎ তস্যাত্মজো মরুত্তঃ ॥৩॥

বেদব্যাস বলিলেন—'বৃহস্পতিব বাক্য শুনিযা ইন্দ্রেব বিদ্বেষ তিবোহিত হইল। তাহার পব তিনি বৃহস্পতিব প্রশংসা কবিয়া নিজগৃহে প্রবেশ করিলেন' ॥২৮॥

—ঃ*ঃ—

বেদব্যাস বলিলেন—'এইস্থানেও বৃদ্ধেবা বৃহস্পতি ও ধীমান্ মরুত্তের সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিযা থাকেন ॥১॥

বৃহস্পতি ইন্দ্রেব নিকটে প্রতিজ্ঞা করিযাছেন শুনিয়া মরুত্তরাজা একটী বৃহৎ যজ্ঞের আয়োজন কবিলেন ॥২॥

মনে মনে যজ্ঞ কবিবার সঙ্কল্প কবিয়া বাগ্মী মরুত্তবাজা বৃহস্পতির নিকটে যাইয়া এই কথা বলিলেন—॥৩॥

---

(২) মহ্যমাহারয়ৎ পরম্—নি।

ভগবন্! যন্ময়া পূর্বমভিগম্য তপোধন!।
কৃতোঽভিসন্ধির্যজ্ঞস্য ভবতো বচনাদ্‌গুরো! ॥৪॥
তমহং যষ্টুমিচ্ছামি সম্ভারাঃ সম্ভৃতাশ্চ মে।
যাজ্যোঽস্মি ভবতঃ সাধো! তৎপ্রাপ্নুহি বিধৎস্ব চ ॥৫॥ (যুগ্মকম্)

বৃহস্পতিরুবাচ।

ন কাময়ে যাজয়িতুং ত্বামহং পৃথিবীপতে!।
বৃতোঽস্মি দেবরাজেন প্রতিজ্ঞাতঞ্চ তস্য মে ॥৬॥

মরুত্ত উবাচ।

পিত্র্যমস্মি তব ক্ষেত্রং বহু মন্যে চ তে ভৃশম্।
তবাস্মি যাজ্যতাং প্রাপ্তো ভজমানং ভজস্ব মাম্ ॥৭॥

বৃহস্পতিরুবাচ।

অমর্ত্যং যাজয়িত্বাহং যাজয়িষ্যে কথং নরম্।
মরুত্ত! গচ্ছ বা মা বা নিবৃত্তোঽস্ম্যন্যযাজনাৎ ॥৮॥

ভারতকৌমুদী

ভগবন্নিতি। অভিসন্ধিরনুষ্ঠানাভিপ্রায়ঃ। সম্ভারাঃ প্রয়োজনীয়দ্রব্যাণি, সম্ভৃতাঃ আয়োজিতাঃ, মে ময়া। প্রাপ্নুহি আগচ্ছ, বিধৎস্ব কুরু ॥৪—৫॥

নেতি। মে ময়া তস্য দেবরাজস্যান্তিকে প্রতিজ্ঞাতং তস্যৈব যাজনমিতি শেষঃ ॥৬॥

পিত্র্যমিতি। পিত্র্যং পৈতৃকম্, ক্ষেত্রং স্থানম্। তে যাজনমিতি শেষঃ ॥৭॥

অমর্ত্যমিতি। অমর্ত্যং মরণরহিতং দেবম্। নরং সম্ভাব্যমানমরণং মানবম্ ॥৮॥

'ভগবন্ তপোধন গুরো! আমি পূর্বে আপনার নিকটে যাইয়া আপনারই বাক্য অনুসারে যে যজ্ঞ করিবার ইচ্ছা করিয়াছিলাম, এখন আমি সেই যজ্ঞ করিতে ইচ্ছা করি, তাহাতে প্রয়োজনীয় দ্রব্যসকলের আয়োজনও আমি করিয়াছি। আমি আপনার যাজ্য; অতএব আপনি চলুন, সেই যজ্ঞ সম্পাদন করুন' ॥৪—৫॥

বৃহস্পতি বলিলেন—'রাজা! আমি আপনার যাজন করিতে ইচ্ছা করি না। কারণ, দেবরাজ আমাকে পৌরোহিত্যে বরণ করিয়াছেন, আমিও তাঁহারই পৌরোহিত্য করিব বলিয়া প্রতিজ্ঞা করিয়াছি' ॥৬॥

মরুত্ত বলিলেন—'আমি আপনার পৈতৃক যাজ্য এবং আপনার যাজনের বিশেষ আদর করি। বিশেষতঃ, আমি আপনার যাজ্য, অতএব যাজকরূপে আপনাকে আশ্রয় করিয়াছি; আপনিও যাজ্যরূপে আমাকে আশ্রয় করুন' ॥৭॥

ন ত্বাং যাজয়িতাস্ম্যদ্য বৃণু যং ত্বমিহেচ্ছসি।
উপাধ্যায়ং মহাবাহো! যস্তে যজ্ঞং করিষ্যতি ॥৯॥

ব্যাস উবাচ।

এবমুক্তস্তু নৃপতির্মরুত্তো ব্রীড়িতোঽভবৎ।
প্রত্যাগচ্ছন্ সুসংবিগ্নো দদর্শ পথি নারদম্ ॥১০॥
দেবর্ষিণা সমাগম্য নারদেন স পার্থিবঃ।
বিধিবৎ প্রাঞ্জলিস্তস্থাবথৈনং নারদোঽব্রবীৎ ॥১১॥
রাজর্ষে! নাতিহৃষ্টোঽসি কচ্চিৎ ক্ষেমং তবানঘ!।
ক্ব গতোঽসি কুতশ্চেদমপ্রীতিস্থানমাগতম্ ॥১২॥

ভারতকৌমুদী

নেতি। উপাধ্যায়মধ্যাপকরূপং পুরোহিতম্ ॥৯॥

এবমিতি। ব্রীড়িতো বৃহস্পতিনা প্রত্যাখ্যানাৎ লজ্জিতঃ। সুসংবিগ্নো লজ্জয়া বিচলিত-চিত্তঃ ॥১০॥

দেবর্ষিণেতি। সমাগম্য মিলিত্বা। এনং পার্থিবং মরুত্তম্ ॥১১॥

রাজর্ষ ইতি। ক্ষেমং মঙ্গলম্। অপ্রীতেঃ স্থানং কারণম্ ॥১২॥

বৃহস্পতি বলিলেন—'আমি মরণশূন্য দেবতার যাজন করিয়া অবশ্য মর্ত্ত্য মানুষের কি প্রকারে যাজন করিব। অতএব মরুত্তরাজা! আপনি চলিয়া যান, অথবা থাকুন, আমি দেবরাজভিন্ন অন্যের যাজন হইতে নিবৃত্তি পাইয়াছি ॥৮॥

মহাবাহু! আমি আপনার যাজন করিব না, এখন আপনি যাঁহাকে ইচ্ছা করেন এবং যিনি আপনার যজ্ঞ করিবেন, আপনি সেইরূপ পুরোহিত বরণ করুন' ॥৯॥

বেদব্যাস বলিলেন—'বৃহস্পতি এইরূপ বলিলে, মরুত্তরাজা লজ্জিত হইলেন এবং বিচলিতচিত্তে আসিবার সময়ে পথে নারদকে দেখিতে পাইলেন ॥১০॥

তখন মরুত্তরাজা দেবর্ষি নারদের সহিত মিলিত হইয়া যথাবিধানে কৃতাঞ্জলিপুটে অবস্থান করিলেন। তাহার পর নারদ তাঁহাকে বলিলেন—॥১১॥

'রাজর্ষি! আপনাকে বিশেষ হৃষ্ট দেখিতেছি না। নিষ্পাপ। আপনার মঙ্গল ত? আপনি কোথায় গিয়াছিলেন? কোন্ ঘটনা হইতেই বা আপনার এই অসন্তোষের কারণ উপস্থিত হইয়াছে? ॥১২॥

শ্রোতব্যং চেন্ময়া রাজন্ ! ব্রূহি মে পার্থিবর্ষভ ! ।
ব্যপনেষ্যামি তে মন্যুং সর্ব্বযত্নৈর্নরাধিপ ! ॥১৩॥
এবমুক্তো মরুত্তঃ স নারদেন মহর্ষিণা ।
বিপ্রলম্ভমুপাধ্যায়াৎ সর্বমেব ন্যবেদয়ৎ ॥১৪॥

মরুত্ত উবাচ ।

গতোঽহমাঙ্গিরসঃ পুত্রং দেবাচার্য্যং বৃহস্পতিম্ ।
যজ্ঞার্থমৃত্বিজং প্রষ্টুং স চ মাং নাভ্যনন্দত ॥১৫॥
প্রত্যাখ্যাতশ্চ তেনাহং জীবিতুং নাদ্য কাময়ে ।
পরিত্যক্তশ্চ গুরুণা দূষিতশ্চাস্মি নারদ ! ॥১৬॥

ব্যাস উবাচ ।

এবমুক্তস্তু রাজ্ঞা স নারদঃ প্রত্যুবাচ হ ।
আবিক্ষিতং মহারাজ ! বাচা সঞ্জীবয়ন্নিব ॥১৭॥

ভারতকৌমুদী

শ্রোতব্যমিতি । ব্যপনেষ্যামি দূরীকরিষ্যামি, মন্যুং দৈন্যম্ ॥১৩॥
এবমিতি । বিপ্রলম্ভং প্রত্যাখ্যানম্, উপাধ্যায়াৎ পুরোহিতাৎ বৃহস্পতেঃ ॥১৪॥
গত ইতি । নাভ্যনন্দত নাদ্রিয়ত ॥১৫॥
প্রতীতি । দূষিতো মর্ত্ত্যত্বেন ॥১৬॥
এবমিতি । অবিক্ষিতঃ অপত্যমিতি আবিক্ষিতস্তং মরুত্তম্ ॥১৭॥

রাজশ্রেষ্ঠ রাজা ! আমার যদি শ্রোতব্য হয় তবে আপনি আমার নিকট বলুন । নরনাথ ! আমি সর্ব্বপ্রকার যত্ন করিয়া আপনার দৈন্য দূর করিব' ॥১৩॥

মহর্ষি নারদ এইরূপ বলিলে, মরুত্ত বৃহস্পতিকৃত প্রত্যাখ্যানের বিষয় সমস্তই নিবেদন করিলেন ॥১৪॥

স্বেতি। গুণবন্তো গ্রহণাদিধর্ম্মবন্তঃ, এতে ঘ্রাণাদয়ঃ সপ্ত শুভাশুভান্ স্বগুণান্ গন্ধাদীন্ ভক্ষয়ন্তি গৃহ্নন্তি। এতে ঘ্রাণাদয়ঃ সপ্ত অসন্তঃ সুষুপ্তিকালে লীনাঃ সন্তঃ, নির্গুণা গন্ধাদি-গুণগ্রহণরহিতা ভবন্তি, কিঞ্চ এতে সপ্ত বৈরাগ্যেণ মোক্ষহেতবোঽপি ভবন্তি ॥৭॥

ভারতভাবদীপঃ

যৈষাং তে গুণহেতবঃ ঘ্রাণাদিকং সপ্তদশকস্য লিঙ্গস্যোপলক্ষণম্ ॥৪॥ গন্ধাদয়োঽপি গুণহেতুত্ব-মতাস্ত এব কর্ম্মহেতবঃ কর্ম্মজা অপি ভবন্তি, স্থূলং সর্ব্বকর্ম্মণ এব ফলমিত্যর্থঃ ॥৫॥ কর্ম্মকর্ত্তৈব তত্তৎফলভোক্তৃরূপেণ ঘ্রাত্রাদিরূপো ভবতীতি ঘ্রাত্রাদয়ঃ কর্তৃহেতবঃ। এতেনাকর্ত্তুর্ভোক্তৃত্বং বাঞ্ছন্ সাংখ্যো নিরস্তঃ, ভোক্তৃত্বস্যাপি ভোগকর্তৃরূপত্বাৎ ॥৬॥ এতেষামভেদমাহ—স্বগুণ-মিতি। এতে ঘ্রাত্রাদয়ঃ গুণ ঔপাধিকং রূপং ঘ্রাণাদি তদ্বন্তস্তৎসাধনাঃ সন্তঃ স্বগুণং গন্ধাদিকং ভক্ষয়ন্তি ভুঞ্জতে। অয়ং ভাবঃ—যথা আকাশঃ কর্ণশষ্কুলীরূপমুপাধিং প্রাপ্য শ্রোত্রভাবং গতস্তেনৈব স্বগুণং শব্দং প্রকাশয়তি এবং ঘ্রাত্রাদয়োঽপি। "অথ যো বেদেদং জিঘ্রাণীতি স আত্মা গন্ধায় ঘ্রাণ"মিতি শ্রুতেঃ স্বোপাদানকঘ্রাণাদিমন্তঃ স্বোপাদানকমেব শব্দাদিকং ভুঞ্জতে। তথা চ প্রয়োগঃ—যেষমাত্মা একোপাদানকৌ ভাস্যভাসকত্বাৎ শব্দশ্রোত্রবদিত্যাত্মাদ্বৈত-সাধকঃ সূচিতো ভবতি। কিং তন্মুখমাত্রোগুণরূপযোরুপাদান- ভত্রাহ—অহং চ নির্গুণো-ঽনন্ত ইতি। অস্মদর্থ এব ঘ্রাণাদিগুণরহিতো গন্ধঘ্রাতৃত্বাদিপরিচ্ছেদরহিতস্তয়োরুপাদান-

---

কল্যাণি! গোতৃসমূলের সমস্ত সম্পাদন শ্রবণ কর—নাসিকা, জিহ্বা, চক্ষু, ত্বক্, কর্ণ, মন ও বুদ্ধি—এই সাতটীকে অবিদ্যার কারণ বলিয়া জানিবে ॥৪॥

গন্ধ, রস, রূপ, শব্দ, স্পর্শ, মন্তব্য ও বোদ্ধব্য—এই সাতটী কার্য্যের হেতু ॥৫॥

ঘ্রাতা, ভক্ষয়িতা, দ্রষ্টা, স্প্রষ্টা, শ্রোতা, মন্তা ও বোদ্ধা—এই সাতটীকে কর্তৃরূপ হেতু বলিয়া জানিবে ॥৬॥

---

(৭) স্বগুণং ভক্ষয়ন্ত্যেতে গুণবন্তঃ শুভাশুভম্। অহঞ্চ নির্গুণোঽনন্তঃ সপ্তৈতে মোক্ষ-হেতবঃ ॥ পি বঙ্গ বর্দ্ধ।

বিদুষাং বুধ্যমানানাং স্বং স্বং স্থানং যথাবিধি।
গুণাস্তে দেবতা ভূত্বাঃ সততং ভুঞ্জতে হবিঃ ॥৮॥
অদন্নন্নান্যথো বিদ্বান্মমত্বেনোপপদ্যতে।
আত্মার্থে পাচয়ন্নন্নং মমত্বেনোপহন্যতে ॥৯॥

ভারতকৌমুদী

বিদুষামিতি। যথাবিধি স্বং স্বং স্থানং পৃথিব্যাদিকম্, বুধ্যমানানাং গন্ধাদিকারণতয়া জানতাং বিদুষাং জ্ঞানিনাং দেবতা ইব ভূত্বা উপকারিণঃ সন্তঃ তে গুণা উপসর্জ্জনীভূতা ঘ্রাণাদয়ঃ, সততং হবির্গন্ধাদিকং ভুঞ্জতে গৃহ্নন্তি ॥৮॥

ভারতভাবদীপঃ

মিত্যর্থঃ। এবং "পৃথিবী হোতা দ্যৌরধ্বর্য্যুঃ রুদ্রোঽগ্নির্বৃহস্পতিরুপবক্তে"তি চ হোতৃমন্ত্রো ব্যাখ্যাতঃ। তথা হি—পৃথিবীশব্দোক্তং ঘ্রাণাদিকমতীন্দ্রিয়ত্বসাগান্যাৎ হোতৃপ্রকাশ্যদেবতা-তুল্যং হোতৃশব্দেনোক্তম্। সুখসাধনতয়া দ্যুশব্দোক্তং গন্ধাদিকং দৃষ্টার্থত্বসামান্যাদধ্বর্য্যু-কর্ত্তৃকনির্ব্বাপাবঘাতাদিতুল্যমধ্বর্য্যুশব্দেনোক্তম্। লব্ধৈরলব্ধৈশ্চ গন্ধাদিভী রোধ্যমানো রোদ্ধমানো বা রুদ্রশব্দোক্তো ঘ্রাত্রাদিঃ কামাগ্নীন্ধকত্বসামান্যাদগ্নীচ্ছব্দেনোক্তঃ। কারণব্রহ্মণো-ঽপ্যধিষ্ঠানত্বেন পালকত্বাদ্বৃহস্পতিশব্দোক্তো নির্গুণ্য সাক্ষিমাত্ররূপত্বাদুপবক্তা ন মুখ্যো বক্তা। এতদুপদ্রষ্টৃত্বাদেরপ্যুপলক্ষণম্; তেন সর্গাদৌ ঈক্ষণস্যাপ্যয়ং কর্ত্তা ন ভবতি। এবং চিত্তিঃ স্রুগিত্যাদয়ো দশহোত্রাদিমন্ত্রা অপি ব্যাখ্যেযাঃ, বিস্তরভযাত্তু নেহ ব্যাখ্যায়ন্তে—চিত্তি-চিত্তাদিঃ সর্ব্বোঽপ্যাত্মন এব ব্যূহো দশহোত্রাদিশব্দানামাত্মমাত্রবাচকত্বস্য "আত্মমাত্মমিতা-মন্ত্রযত। তস্মৈ দশমহূতঃ প্রত্যশৃণোৎ স দশহূতোঽভবৎ দশহূতে হ বৈ নামৈষঃ তং বা এতং দশহূতং সন্তং দশহোতেত্যাচক্ষতে পরোক্ষেণ" ইতি শ্রবণাৎ। আগন্ত্রণমনুসন্ধানং প্রতিশ্রবণ মুপবক্তুঃ সাক্ষাৎকার ইতি দিক্। কথং তর্হি নির্গুণস্যানন্তস্য প্রতিপত্তিরিতি তত্রাহ—সপ্তৈতে মোক্ষহেতব ইতি। ইন্দ্রিয়াণাং বিষযাণাঞ্চ গ্রহাতিগ্রহসংজ্ঞকবন্ধরূপত্বাত্তেষাং বিয়োগে শব্দশক্তুল্যভাবে নভসঃ স্বতন্মাত্রত্ববদাত্মনো নিরুপাধের্ভেদকাভাবাচ্চিন্মাত্ররূপেণা-বস্থিতা এতে অব্যবহিতা ঘ্রাত্রাদয় এব মোক্ষহেতবঃ স্যুঃ, ঘ্রাতৃত্বাদ্যভিমানত্যাগো মোক্ষ ইত্যর্থঃ ॥৭॥ তত্ত্ববিদাস্তু ন ভক্ষণমস্তীত্যাহ—বিদুষামিতি। স্বং স্বং স্থানং ঘ্রাণাদীনামধিষ্ঠান-মবিদ্যাদি। "গুণা গুণেষু বর্ত্তন্ত ইতি মত্বা ন সজ্জত" ইত্যুক্তেঃ ঘ্রাণাদয় এব ঘ্রেয়াদিষু বর্ত্তন্তে

গ্রহণধর্ম্মশালী এই নাসিকাদি সপ্ত পদার্থ গন্ধপ্রভৃতি আপন আপন গুণ গ্রহণ করে; আবার সুষুপ্তিকালে এই সাতটী লীন হইয়া নির্গুণ অর্থাৎ গ্রহণ-শক্তিশূন্য হইয়া যায়; কিন্তু বৈরাগ্য হইলে এই সাতটীই মুক্তির কারণ হইযা থাকে ॥৭॥

যাঁহারা যথাবিধানে গন্ধপ্রভৃতির স্থান জানেন, সেই জ্ঞানীদিগের সেই নাসিকাপ্রভৃতি গুণ দেবতার ন্যায় উপকারী হইয়া সর্ব্বদা গন্ধপ্রভৃতি গ্রহণ করিতে থাকে ॥৮॥

অভক্ষ্যভক্ষণঞ্চৈব মদ্যপানঞ্চ হন্তি তম্।
স চান্নং হন্তি তং চান্নং স হত্বা হন্যতে পুনঃ ॥১০॥
হন্তা হ্যন্নমিদং বিদ্বান্ পুনর্জনয়তীশ্বরঃ।
ন চান্নাজ্জায়তে তস্মিন্ সূক্ষ্মো নাম ব্যতিক্রমঃ ॥১১॥

ভারতকৌমুদী

অদন্নিতি। অথো বিদ্বান্ জ্ঞানী জনঃ, অন্নানি অন্নানীব গন্ধাদীন, অদন্ ভক্ষয়ন্ গৃহ্নন্, মমত্বেন দেহধারণমাত্রার্থবোধেন হেতুনা উপপদ্যতে মোক্ষং প্রাপ্নোতি। কিন্তু আত্মার্থে জীবার্থে অন্নং পাচয়ন্ পচন্, মমত্বেন পাচনস্য জীবার্থত্ববোধেন, উপহন্যতে বধ্যতে ॥৯॥

অভক্ষ্যেতি। তমবিদ্বাংসম্। স অবিদ্বাংশ্চ পচ্যমানম্ অন্নং হন্তি আত্মার্থত্ববোধাৎ। তথা অন্নঞ্চ কর্তৃ, তং হন্তি, স অবিদ্বান্ আত্মার্থত্ববোধেন পচনাৎ তদন্নং হত্বা তেনান্নেন পুনর্হন্যতে' ॥১০॥

হন্তেতি। বিদ্বান্ জ্ঞানী জনঃ, ইদমন্নম্ আত্মার্থে পচনাৎ হন্তা, ঈশ্বরো নেদমাত্মার্থমিতি বোদ্ধুং শক্তঃ, পুনস্তদন্নং জনয়তি। তস্মিন্ বিদুষি তস্মাচ্চান্নাৎ, সূক্ষ্মঃ স্বল্পোঽপি নাম ব্যতিক্রমো মোক্ষপ্রতিবন্ধো ন জায়তে ॥১১॥

ভারতভাবদীপঃ

ন ত্বাপ্নোতি জানতাং ন ভ্রাতৃত্বাদ্যভিমানরুদ্ধো বদ্ধোঽস্তীত্যর্থঃ ॥৮॥ অদন্নিতি। অবিদ্বানিতি চ্ছেদঃ। অন্নানি শ্রেয়াদীনি অদন্ ভোক্তৃত্বাভিমানং কুর্ব্বন্ ভোগো মমত্বেন মমতয়াপপদ্যতে যুজ্যতে, ততশ্চ নশ্যতীত্যর্থঃ। অত্র "কেবলাঘো ভবতি কেবলাদী"তি শ্রৌতং দৃষ্টান্তমাহ— আত্মার্থে ইতি ॥৯॥ একাকী মিষ্টভুক্ কেবলপাপরূপ এব ভবতি যস্মাদতঃ স চান্নং হন্তি নাশয়তি তং চান্নং হন্তি মৃত্যুপরম্পরয়া স হত্বান্নং হন্যতেঽন্নেন ॥১০॥ য ইদং বিদ্বান্ অন্নং হন্তা অন্নং ভোক্তা অন্নোপলক্ষিতস্য কৃৎস্নপ্রপঞ্চস্যাত্মনি প্রবিলাপয়িতেত্যর্থঃ, স ঈশ্বর এব সন্ পুনরন্নাদের্জনকো ভবতি। "যস্যানুবিত্তঃ প্রতিবুদ্ধ আত্মা যস্মিন সন্দেহে গহনে প্রবিষ্টঃ। স বিশ্বকৃৎ স হি বিশ্বস্য কর্ত্তা তস্য লোকঃ স উ লোক এবে"তি শ্রুতেঃ। ন চেতি "ন কর্ম্মণা

জ্ঞানী মানুষ কেবল শরীর রক্ষার নিমিত্ত গন্ধপ্রভৃতির উপরে মমত্ববোধ রাখিয়া সেইগুলি গ্রহণ করিতে থাকিয়া মুক্তি লাভ করেন, আর অজ্ঞান মানুষ আত্মার জন্য অন্ন পাক করিয়া সেইভাবেই মমত্ববোধ করিয়া উপহত অর্থাৎ বদ্ধ হয় ॥৯॥

অভক্ষ্য ভক্ষণ ও মদ্যপানপ্রভৃতি দুষ্কার্য্য সেই অজ্ঞানীকে বিনষ্ট করে এবং সেই অজ্ঞানী মমত্ববোধে অন্নকে নষ্ট করে। মমত্ব থাকায় অন্নও তাহাকে নষ্ট করিয়া থাকে। সুতরাং সেই অজ্ঞান মমত্ববোধবশতঃ অন্নকে নষ্ট করিয়া আবার সেই অন্নকর্তৃকই নিজেও বিনষ্ট হয় ॥১০॥

জ্ঞানী লোক এই অন্নকে নষ্ট করেন, আবার ইহা আমার নহে এইরূপ

মনসা গম্যতে যচ্চ যচ্চ বাচা নিগদ্যতে।
শ্রোত্রেণ শ্রূয়তে যচ্চ চক্ষুষা যচ্চ দৃশ্যতে ॥১২॥
স্পর্শেন স্পৃশ্যতে যচ্চ ঘ্রাণেন ঘ্রায়তে চ যৎ।
মনঃষষ্ঠানি সংযম্য হবীংষ্যেতানি সর্ব্বশঃ।
গুণবৎ পাবকো মহ্যং দীব্যতেঽন্তশরীরগঃ ॥১৩॥ (যুগ্মকম্)
যোগযজ্ঞঃ প্রবৃত্তো মে জ্ঞানং ব্রহ্মময়ো হবিঃ।
প্রাণস্তোত্রোঽপানশস্ত্রঃ সর্বত্যাগসুদক্ষিণঃ ॥১৪॥

ভারতকৌমুদী

মনসেতি।. শ্রোত্রেণ কর্ণেন। স্পৃশ্যতে অনেনেতি স্পর্শস্ত্বক্ তেন, ঘ্রায়তে অনেনেতি ঘ্রাণং নাসিকা তেন। মনঃ ষষ্ঠং যেষাং তানীন্দ্রিয়াণি সর্ব্বশঃ সংযম্য, এতানি মনসা মন্তব্যাদীনি হবীংষি আদাযতি শেষঃ। মহ্যং মম, অন্তঃশরীরগঃ শরীরমধ্যবর্ত্তী, পাবকো বহ্নিঃ, গুণবৎ উৎকর্ষযুক্তং যথা স্যাত্তথা দীব্যতে ক্রীড়তি। ষট্পাদঃ শ্লোকঃ ॥১২—১৩॥

যোগেতি। ব্রহ্মময়ো যোগযজ্ঞঃ, মে প্রবৃত্তঃ, জ্ঞানঞ্চ তস্য হবিঃ, প্রাণশ্চ স্তোত্রং যত্র সঃ, অপানশ্চ শস্ত্রং রাক্ষসাদিনিবারকং যত্র সঃ, সর্ব্বত্যাগ এব শোভনা দক্ষিণা যস্য সঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

লিপ্যতে পাপকেনে"তি শ্রুতেঃ সর্ব্বভোগভুজোঽপি বিদুষো ন ভোগকৃতো লেপোঽস্তীত্যর্থঃ ॥১১॥ অন্নশব্দার্থমাহ—মনসেত্যাদিনা ॥১২॥ মন্তব্যাদীনাং হোমো মনআদিনিগ্রহেণৈবেত্যর্থঃ ॥১৩॥ হোমাধিষ্ঠানং গুণবৎ পাবকঃ কারণং ব্রহ্ম, মহ্যং মম, যোগং যজ্ঞত্বেন স্তৌতি—যোগেতি। জ্ঞানমেব বহ্নিঃ সর্ব্বকর্ম্মদাহকত্বাত্তৎপ্রদ উদ্ভবো যস্য যোগযজ্ঞস্য স তথা, প্রাণঃ স্তোত্রম্ অপানঃ শস্ত্রম্, অপানসত্র ইত্যপপাঠঃ। সর্ব্বত্যাগসুদক্ষিণঃ সর্ব্বত্যাগেনৈব সুতরাং

বুঝিয়া তাহাকে উৎপাদন করিয়া থাকেন। সুতরাং সেই জ্ঞানী লোকের মমত্ববোধ না থাকায় অন্ন হইতে স্বল্পও ব্যতিক্রম হয় না ॥১১॥

মনে যাহা চিন্তা করা হয়, বাগিন্দ্রিয়দ্বারা যাহা বলা হয়, কর্ণদ্বারা যাহা শুনা যায়, চক্ষুদ্বারা যাহা দেখা যায়, ত্বক্দ্বারা যাহা স্পর্শ করা হয় এবং নাসিকাদ্বারা যাহার আঘ্রাণ করা হইয়া থাকে, সেই সকল হবি গ্রহণ করিয়া আর মনের সহিত কর্ণপ্রভৃতি ইন্দ্রিয়গুলিকে সংযত রাখিয়া আমার শরীরের মধ্যবর্ত্তী অগ্নি উত্তম ক্রীড়া করিতেছেন ॥১২—১৩॥

আমার ব্রহ্মময় যোগযজ্ঞ আরব্ধ হইয়াছে, জ্ঞান ইহার হবি, প্রাণ স্তব, অপান অস্ত্র এবং সর্ব্বস্বত্যাগ দক্ষিণা ॥১৪॥

---

(১২) যচ্চ বাচা নিগমাতে—বঙ্গ বৰ্দ্ধ। (১৩) মনস্তেতানি সংযম্য—নি।
(১৪) জ্ঞানবহ্নিপ্রদোদ্ভবঃ—বঙ্গ।

কর্ত্তাঽনুমন্তা ব্রহ্মাত্মা হোতাঽধ্বর্য্যুঃ কৃতস্তুতিঃ।
ঋতং প্রশাস্তা তচ্ছস্ত্রমপবর্গোঽস্য দক্ষিণা ॥১৫॥
ঋচশ্চাপ্যত্র শংসন্তি নারায়ণবিদো জনাঃ।
নারায়ণায় দেবায় যদবিন্দন্ পশূন্ পুরা ॥১৬॥
তত্র সামানি গায়ন্তি তত্র চাহুর্নিদর্শনম্।
দেবং নারায়ণং ভীরু! সর্ব্বাত্মানং নিবোধ তম্ ॥১৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অনুগীতায়াং ব্রাহ্মণগীতায়ামষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

কর্ত্তেতি। কর্ত্তা অহঙ্কারঃ, অনুমন্তা মনঃ, ব্রহ্মাত্মা বুদ্ধিশ্চ কৃতা স্তুতির্যেন স তাদৃশো হোতা ঋগ্বেদীয় ঋত্বিক্, অধ্বর্য্যুশ্চ যজুর্ব্বেদীয় ঋত্বিক্। ঋতং সত্যম্, অস্য যজ্ঞস্য, প্রশাস্তা উপদেষ্টা, তদপানরূপং শস্ত্রম্, অপবর্গো লপ্স্যমানা মুক্তিরেব দক্ষিণা ॥১৫॥

ঋচ ইতি। ঋচো মন্ত্রান্, শংসন্তি ব্রুবন্তি। অবিন্দন অলভন্ত ॥১৬॥

তত্রেতি। তত্র যজ্ঞে, সামানি গায়ন্তি নারায়ণবিদো জনা এব। ত এব চ তত্র যজ্ঞে নিদর্শনং লৌকিকযজ্ঞদৃষ্টান্তমাহুঃ। নিবোধ মম বক্ষ্যমাণবর্ণনেন শৃণু ॥১৭॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং
মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি
অশ্বমেধে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

দক্ষিণঃ ফলজননসমর্থঃ ॥১৪॥ কর্ত্তাহঙ্কারঃ, অনুমন্তা মনঃ, আত্মা বুদ্ধিঃ, এতত্ত্রয়ং ব্রহ্মৈব সৎ ক্রমেণ হোত্রধ্বর্য্যুদ্গাতৃরূপযোগিন ইত্যর্থঃ। প্রশাস্তা তচ্ছস্ত্রং প্রশাস্তুঃ শংসনম্ ঋতং সত্য-বচনমেবেত্যর্থঃ। অপবর্গঃ কৈবল্যম্ ॥১৫॥ ঋচঃ "ভূপ আসীদ্গৃহপতি"রিত্যাদ্যাঃ, চকারাত্তন্ত্রৈবং বিদুষো "যজ্ঞস্যাত্মা যজমানঃ শ্রদ্ধা পত্নী শরীরমিধ্মমুরো বেদি"রিত্যাদিব্রাহ্মণঞ্চ শংসন্তি যোগযজ্ঞে প্রমাণত্বেন কথয়ন্তি তৈত্তিরীয়াদয়ঃ। নারায়ণবিদঃ বেদবিদ আত্মবিদো বা। নারায়ণায় আত্মপ্রাপ্ত্যর্থং যৎ যদা পশূন্ ইন্দ্রিয়াণি অবিন্দন্ বশ্যত্বেন প্রাপ্তবন্তঃ ॥১৬॥ তত্র তদা সামানি গায়ন্তি আত্মলাভেন হৃষ্টাঃ সন্তঃ, তত্র চাহুর্নিদর্শনং তৈত্তিরীয়াঃ। এতৎ সাম গায়ন্নাস্তে

অহঙ্কার, মন ও বুদ্ধি ইহার স্তবকারী হোতা এবং অধ্বর্য্যু, সত্য ইহার উপদেষ্টা, সেই অপানই ইহার অস্ত্র এবং ভাবী মোক্ষ ইহার দক্ষিণা ॥১৫॥

নারায়ণের মহিমাভিজ্ঞ লোকেরা সেই নারায়ণদেবের উদ্দেশে এই যজ্ঞে পূর্ব্বে যে সকল পশু লাভ করিয়াছিলেন, তাহার মন্ত্রসকলও সেই লোকেরাই বলিয়া থাকেন ॥১৬॥

---

* '...পঞ্চবিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বৰ্দ্ধ, '...ষড়্বিংশোঽধ্যায়ঃ—নি।

ঊনত্রিংশোঽধ্যায়ঃ।

—:*:—

ব্রাহ্মণ উবাচ।

একঃ শাস্তা ন দ্বিতীয়োঽস্তি শাস্তা যো হৃচ্ছয়স্তমহমনু ব্রবীমি।
তেনৈব যুক্তঃ প্রবণাদিবোদকং যথা নিযুক্তোঽস্মি তথা বহামি ॥১॥
একো গুরুর্নাস্তি ততো দ্বিতীযো যো হৃচ্ছয়স্তমহমনু ব্রবীমি।
তেনানুশিষ্টা গুরুণা সদৈব পুরা হতা দানবাঃ সর্ব্ব এব ॥২॥

ভারতকৌমুদী

এক ইতি। একো নারায়ণ এব শাস্তা শাসনকর্ত্তা। হৃদি শেতে জীবরূপেণ তিষ্ঠতীতি হৃচ্ছয়ঃ। যুক্তঃ প্রেরিতঃ, প্রবণাৎ নীচদেশাৎ, বহামি কার্য্যং করোমি ॥১॥

এক ইতি। অনুশিষ্টা উপদিষ্টাঃ ॥২॥

ভারতভাবদীপঃ

হাবু হাবু হাবু অহমন্নমহমন্নমহমন্নমিত্যাদি, যজ্ঞায পশুজয়ো যস্মিন্ জাতে সামানি গায়ন্তি তং নারায়ণং দেবং নিবোধ জানীহি।১৭॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে আশ্বমেধিক-
পর্ব্বণি অশ্বমেধে অষ্টাবিংশোঽধ্যায়ঃ ॥২৮॥

—:*:—

নারায়ণস্বরূপমেব কথয়তি—এক ইত্যাদিনা। প্রবণাদিব নীচাদিব, প্রণবাদিত্যপপাঠঃ ॥১॥
অন্তর্যামিরূপেণ তস্য শাস্তৃত্বমুক্ত্বা গুরুবন্ধুরূপেণাপি তদাহ—একো গুরুরিতি দ্বাভ্যাম্। দ্বিষ্টাঃ

তাহারাই সেই যজ্ঞে সামগান করেন এবং তাঁহারাই সেই যজ্ঞে লৌকিক যজ্ঞের দৃষ্টান্ত বলিয়া থাকেন। বরবর্ণিনি! তুমি সেই সর্ব্বাত্মা নারায়ণ দেবের স্বরূপ শ্রবণ কর' ॥১৭॥

—:*:—

ব্রাহ্মণ বলিলেন—'কল্যাণি! যিনি জীবরূপে হৃদয়ে বাস করেন, সেই এক নারায়ণই জগতের শাসনকর্ত্তা; তিনি ভিন্ন দ্বিতীয় শাসনকর্ত্তা কেহই নাই; সুতরাং জল যেমন নীচের দিকেই যায়, আমিও তেমন তৎকর্ত্তৃক নিযুক্ত হই এবং নিযুক্ত হইয়া যে দিকে চালান, সেই দিকেই চলি এবং তাঁহার কথাই আমি বলিতেছি ॥১॥

যিনি জীবরূপে হৃদয়ে অবস্থান করেন, জগতে একমাত্র সেই নারায়ণই গুরু অর্থাৎ উপদেষ্টা, তিনি ভিন্ন অন্য কেহ গুরু নাই, তাঁহার বিষয়ই আমি

একো বন্ধুর্নাস্তি ততো দ্বিতীয়ো যো হৃচ্ছয়স্তমহমনু ব্রবীমি।
তেনানুশিষ্টা বান্ধবা বন্ধুমন্তঃ সপ্তর্ষয়ঃ পার্থ। দিবি প্রভান্তি ॥৩॥
একঃ শ্রোতা নাস্তি ততো দ্বিতীয়ো যো হৃচ্ছয়স্তমহমনু ব্রবীমি।
তস্মিন্ গুরৌ গুরুবাসং নিরুষ্য শক্রো গতঃ সর্বলোকামরত্বম্ ॥৪॥
একো দ্বেষ্টা নাস্তি ততো দ্বিতীয়ো যো হৃচ্ছয়স্তমহমনু ব্রবীমি।
তেনানুশিষ্টা গুরুণা সদৈব লোকে দ্বিষ্টাঃ পন্নগাঃ সর্ব এব ॥৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অনুগীতায়াং ব্রাহ্মণগীতায়াম্ ঊনত্রিংশোঽধ্যায়ঃ॥৩॥ *

ভারতকৌমুদী

এক ইতি। পার্থেতি মূলবক্তুঃ কৃষ্ণস্যৈবোক্তিঃ ॥৩॥

এক ইতি। গুরৌ গুরুকুলে বাসো যথা স্যাত্তথা, নিরুষ্য নিবাসং কৃত্বা ॥৪॥

ভাবভাবদীপঃ

যেষবস্তঃ ॥২—৩॥ স এব শাস্তোঽপীত্যাহ—একঃ শ্রোতেতি দ্বাভ্যাম্। অত্র একস্মিন্নপি শাস্তরি শাস্ততা বুদ্ধিভেদেন ॥৪—৬॥ দেবাশ্চ ঋষয়শ্চেতি দ্বন্দ্বঃ ॥৭॥ প্রাব্রবন্ প্রতিপেদিরে দিশো বহূন্ মার্গান্ ॥৮॥ আত্মনঃ স্বস্য উপদেশ "ওমিত্যেকাক্ষরং ব্রহ্মে"তি বাক্যম্, তস্য অর্থং প্রব্রবমাণানাং তাৎপর্য্যেণানুসরতাং তেষাং মধ্যে সর্পাণাং প্রণবোচ্চারণে মুখস্য উন্মীলন-নিমীলনয়োরেব দৃষ্টিং কৃত্বা স্বীয়স্বভাবানুকূলং মুখোন্মীলননিমীলনসাধ্যং দংশনমেব শ্রেয় ইতি মন্বানানাম্ ॥৯॥ এবমসুরাণামোষ্ঠচালনমাত্রে দন্তদৃষ্টীনাং দম্ভে জপাদ্যভিনয়প্রদর্শনরূপে ভাবো নিশ্চয়ঃ প্রবৃত্তঃ, দেবাস্তু লোকে প্রার্থিতং ওমিত্যনুজানন্তীতি বুদ্ধ্বা দানং শ্রেয় ইতি নিশ্চিতাঃ, মহর্ষয়স্তু ওমিত্যস্যোচ্চারণে ওষ্ঠপ্রবৃত্ত্যুপসংহারং দৃষ্ট্বা সর্ব্বপ্রবৃত্ত্যুপসংহাররূপং দমং শ্রেয়ো মেনিরে ॥১০—১১॥ তস্মাৎ স্বয়মেব স্বস্য গুরুরিত্যাহ—শৃণোতীতি। পৃচ্ছতঃ শিষ্যান্ প্রতি তচ্ছ্রুতং গৃহীতঞ্চ ভূয়ঃ শ্রাবয়তি গ্রাহয়তীতি চ বিপরিণামেনানুষজ্য যোজ্যম্। য এবংবিধঃ

বলিতেছি। সেই গুরুদেবের উপদেশেই পূর্ব্বকালে সকল দানব নিহত হইয়াছিল ॥২॥

যিনি জীবরূপে হৃদয়ে বাস করেন, একমাত্র সেই নারায়ণদেবই বন্ধু, তিনি ভিন্ন দ্বিতীয় কেহ বন্ধু নাই, তাঁহার বিষয়ই আমি বলিতেছি। তাঁহার উপদেশেই পরস্পর বন্ধুত্বশালী সপ্তর্ষিগণ আকাশে দীপ্তি পাইতেছেন ॥৩॥

যিনি জীবরূপে হৃদয়ে অবস্থান করেন, একমাত্র সেই নারায়ণদেবই শ্রোতা, তিনি ভিন্ন দ্বিতীয় শ্রোতা কেহ নাই, তাঁহার বিষয়ই আমি বলিতেছি; সেই গুরুদেবের নিকটে বাস করিয়া ইন্দ্র সমস্ত জগতে অমরত্ব লাভ করিয়াছেন ॥৪॥

---

*—অত্র অধ্যায়সমাপ্তির্নাস্তি—বঙ্গ বর্দ্ধ নি।

ত্রিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ব্রাহ্মণ উবাচ। *

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
প্রজাপতৌ পন্নগানাং দেবর্ষীণাঞ্চ সংবিদম্ ॥১॥

ভারতকৌমুদী

এক ইতি। দ্বেষ্টা দুষ্টেষু বিদ্বেষকারী। পন্নগাঃ সর্পাঃ পন্নগতুল্যাঃ খলা বা ॥৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে ঊনত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

—ঃ*ঃ—

অত্রেতি। প্রজাপতৌ ব্রহ্মণি, পন্নগানাং সর্পাণাম্, দেবাশ্চ ঋষয়শ্চ তেষাম্ বহুবচনাদসুরাণাঞ্চ, সংবিদম্ সংবাদম্ ॥১॥

ভারতভাবদীপঃ

অতোঽন্যো গুরুর্ন বিদ্যতে ইতি সম্বন্ধঃ ॥১২॥ অযমেব স্বসংস্কারবশাৎ পাপচর্য্যাদিরূপো ভবতীত্যাহ—গুরুরিত্যাদিনা ॥১৩—১৬॥ তত্র মুখ্যব্রহ্মচারিণ আশ্রমধর্ম্মলোপেঽপি ন দোষ ইত্যাহ— ব্রহ্মৈব সমিধ ইতি ॥১৭॥ ক্ষেত্রজ্ঞেন তত্ত্বদর্শিন অনুদর্শিতাঃ অনুদর্শনং কারিতাঃ অনুশিষ্টা ইত্যর্থঃ ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে অনুগীতায়াম্ ঊনত্রিংশোঽধ্যায়ঃ ॥২৯॥

—ঃ*ঃ—

যিনি জীবরূপে হৃদয়ে বাস করেন, সেই একমাত্র নারায়ণদেবই দুষ্ট লোকের উপরে বিদ্বেষ করেন, তিনি ভিন্ন দ্বিতীয় কেহই বিদ্বেষকারী নাই, তাঁহার বিষয়েই আমি বলিতেছি এবং সেই গুরুদেবের উপদেশেই জগতে সমস্ত খল লোক সর্ব্বদাই সকলের বিদ্বেষের পাত্র হয়' ॥৫॥

—ঃ*—

ব্রাহ্মণ বলিলেন—'সর্পগণ, দেবগণ, ঋষিগণ ও অসুরগণ, ব্রহ্মার নিকটে উপস্থিত হইয়া যে আলোচনা করিয়াছিলেন, সেই প্রাচীন বৃত্তান্তের উল্লেখ এ স্থানেও পণ্ডিতেরা করিয়া থাকেন ॥১॥

দেবর্ষয়শ্চ নাগাশ্চাপ্যসুরাশ্চ প্রজাপতিম্।
পর্য্যপৃচ্ছন্নুপাসীনং শ্রেয়ো নঃ প্রোচ্যতামিতি ॥২॥
তেষাং প্রোবাচ ভগবান্ শ্রেয়ঃ সমনুপৃচ্ছতাম্।
ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম তে শ্রুত্বা প্রাদ্রবন্ দিশঃ ॥৩॥
তেষাং প্রদ্রবমাণানামুপদেশঞ্চ শৃণ্বতাম্।
সর্পাণাং দংশনে ভাবঃ প্রবৃত্তঃ পূর্ব্বমেব তু ॥৪॥
অসুরাণাং প্রবৃত্তস্তু দম্ভভাবঃ স্বভাবজঃ।
দানং দেবা ব্যবসিতা দমমেব মহর্ষয়ঃ ॥৫॥

ভারতকৌমুদী

দেবেতি। দেবাশ্চ ঋষয়শ্চ তে, নাগাঃ সর্পাশ্চ। উপাসীনমুপবিষ্টম্ ॥২॥

তেষামিতি। ওমিত্যেকাক্ষরং তদ্রূপং ব্রহ্মৈব শ্রেয়ো মঙ্গলকারণম্, দিশঃ প্রাদ্রবন্ অগচ্ছন্ স্বস্বস্থানমেব গতবন্ত ইত্যর্থঃ ॥৩॥

তেষামিতি। প্রদ্রবমাণানাং স্বস্বস্থানং গতবতাম্। ভাবঃ অভিপ্রায়ঃ, "ভাবঃ সত্তা-স্বভাবাভিপ্রায়চেষ্টাত্মজন্মসু' ইত্যমরঃ। ওমিত্যুচ্চারণে ব্রহ্মণো মুখভঙ্গিদর্শনাৎ দংশনপ্রকার এবানেন দর্শিত ইত্যনুমানাদিতি ভাবঃ ॥৪॥

অসুরাণামিতি। দম্ভভাবঃ কপটাচরণাভিপ্রায়ঃ। ব্রহ্মণো মুখভঙ্গিদর্শনেন তদনুমানা-দিত্যাশয়ঃ। দেবাঃ দানং ব্যবসিতা কর্ত্তুং প্রবৃত্তাঃ। তথা চ—ওমিতি স্বীকারার্থমব্যয়ং মত্বা প্রার্থয়িতুঃ প্রার্থনায়াং তৎস্বীকারকরণেনানুমানেন দানোপদেশানুমানাদিত্যভিপ্রায়ঃ। মহর্ষয়স্তু দমমিন্দ্রিয়দমনমেব ব্যবসিতাঃ, ওমিত্যুচ্চারণে ব্রহ্মণ ইন্দ্রিয়ান্তরকার্য্যাদর্শনেন তদনু-মানাদিতি তাৎপর্য্যম্ ॥৫॥

একদা দেবগণ, ঋষিগণ, অসুরগণ ও সর্পগণ উপবিষ্ট ব্রহ্মার নিকট উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিলেন—'আপনি আমাদের কিসে মঙ্গল হয় তাহা বলুন' ॥২॥

তাঁহারা সেইরূপ জিজ্ঞাসা করিলে ভগবান্ ব্রহ্মা বলিলেন—"ওঁ" এইরূপ একাক্ষর ব্রহ্মই মঙ্গলের কারণ; তাঁহারাও তাহা শুনিয়া বিভিন্ন দিকে চলিয়া গেলেন ॥৩॥

তাঁহারা ব্রহ্মার উপদেশ শুনিয়া চলিয়া গেলে, তাঁহাদের মধ্যে প্রথমেই সর্পগণের প্রাণিদংশনে অভিপ্রায় জন্মিল (টীকা দ্রষ্টব্য) ॥৪॥

অসুরগণের স্বভাবজাত কপটাচরণের অভিপ্রায় উৎপন্ন হইল, দেবগণ দানে প্রবৃত্ত হইলেন এবং মহর্ষিগণ ইন্দ্রিয়দমন করিতে লাগিলেন ॥৫॥

* এষ পাঠঃ বঙ্গ বর্দ্ধ নি নাস্তি। (২) পর্য্যপৃচ্ছন্নুপাসীনাঃ—পি বঙ্গ বর্দ্ধ।
(৪) তেষাং প্রদ্রবমাণানামুপদেশার্থমাত্মনঃ—পি বঙ্গ বর্দ্ধ।

একং শাস্তারমাসাদ্য শব্দেনৈকেন সংস্কৃতাঃ।
নানাব্যবসিতাঃ সর্বে সর্পদেবর্ষিদানবাঃ ॥৬॥
শৃণোত্যয়ং প্রোচ্যমানং গৃহ্লাতি চ যথাতথম্।
পৃচ্ছতস্তদতো ভূয়ো গুরুরন্যো ন বিদ্যতে ॥৭॥
তস্য চানুমতে কর্ম্ম ততঃ পশ্চাৎ প্রবর্ত্ততে।
গুরুর্বন্ধুশ্চ শাস্তা চ দ্বেষ্টা চ হৃদি সংশ্রিতঃ ॥৮॥
পাপেন বিচরল্লোঁকে পাপচারী ভবত্যয়ম্।
শুভেন বিচরল্লোঁকে শুভচারী ভবত্যুত ॥৯॥
কামচারী তু কামেন য ইন্দ্রিয়সুখে রতঃ।
ব্রহ্মচারী সদৈবৈষ য ইন্দ্রিয়জয়ে রতঃ ॥১০॥

ভারতকৌমুদী

একমিতি। একং ব্রহ্মাণম্, শাস্তারমুপদেষ্টারম্, একেন শব্দেন ওঙ্কাররূপেণ, সংস্কৃতা উপদিষ্টাঃ। নানাব্যবসিতা বহুষর্থেষু বোধবন্তঃ সন্তস্তত্র তত্র প্রবৃত্তাঃ ॥৬॥

শৃণোতীতি। অযং শিষ্যঃ গুরুণা প্রোচ্যমানং বিষয়ং শৃণোতি, যথাতথং নিজনিজবুদ্ধি-বৃত্ত্যনুরূপম্ অর্থম্, গৃহ্লাতি বুধ্যতে চ। অতঃ তৎশ্রেষ্ঠঃ পৃচ্ছতঃ পন্নগাদিচতুর্বিধস্য প্রাণিনঃ, ভূয়ঃ পুনঃ, অন্যো গুরুর্ন বিদ্যতে স্ম। অতএব তে চতুর্বিধা কার্য্যচতুষ্টয়ে প্রবৃত্তা ইতি ভাবঃ ॥৭॥

তস্যেতি। তস্য গুরোঃ, কর্ম্ম শিষ্যস্য কার্য্যম্ ॥৮॥

পাপেনেতি। অয়ং শিষ্যঃ, শুভেন শুভজনকেন পুণ্যেন ॥৯॥

কামেতি। কামেন ইচ্ছানুসারেণ ॥১০॥

দেবগণ, ঋষিগণ, অসুরগণ ও সর্পগণ—ইহারা সকলেই এক গুরুর নিকটে যাইয়া একটী শব্দদ্বারাই উপদিষ্ট হইযা নানা ব্যাপারে প্রবৃত্ত হইলেন ॥৬॥

এই শিষ্যগণ গুরুর উক্তি শুনিলেন, নিজ নিজ অভিপ্রায অনুসারে তাঁহার অর্থ গ্রহণ করিলেন—এই জন্যই সেই বিষয়ে প্রশ্নকারী দেবগণপ্রভৃতির আর অন্য গুরু হইল না (টীকা দ্রষ্টব্য) ॥৭॥

তাহার পর গুরুর অনুমতিক্রমে শিষ্যের কার্য্য চলিতে থাকে। কারণ, গুরু শিষ্যের বন্ধু, শাসনকর্ত্তা, বিদ্বেষকারী ও হৃদয়বর্ত্তী হইযা থাকেন ॥৮॥

মানুষ জগতে পাপকর্ম্ম লইযা চলিতে থাকিলে পাপচারী হয এবং পুণ্য-কর্ম্ম লইয়া চলিতে থাকিলে পুণ্যচারী হইযা থাকে ॥৯॥

যে লোক ইচ্ছানুসারে ইন্দ্রিযসুখে নিরত হয, তাহাকে কামচারী বলে;

---

(৮) গুরুর্বোদ্ধা চ শ্রোতা চ দ্বেষ্টা চ হৃদি নিঃসৃতঃ—পি বঙ্গ বর্দ্ধ।

অপেতব্রতকর্ম্মা তু কেবলং ব্রহ্মণি স্থিতঃ।
ব্রহ্মভূতচরল্লোঁকে ব্রহ্মচারী ভবত্যয়ম্ ॥১১॥
ব্রহ্মৈব সমিধস্তস্য ব্রহ্মাগ্নির্ব্রহ্মসংস্তরঃ।
আপো ব্রহ্ম গুরুর্ব্রহ্ম স ব্রহ্মণি সমাহিতঃ ॥১২॥
এতদেবেদৃশং সূক্ষ্মং ব্রহ্মচর্য্যং বিদুর্বুধাঃ।
বিদিত্বা চান্বপদ্যন্ত ক্ষেত্রজ্ঞেনানুদর্শিতাঃ ॥১৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অনুগীতায়াং ব্রাহ্মণগীতায়াং ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

অপেতেতি। অপেতানি দূরীভূতানি ব্রতকর্ম্মাণি ইন্দ্রিয়নিয়তকার্য্যাণি যস্য সঃ। ব্রহ্মভূতো ব্রহ্মবন্নিষ্ক্রিয়ঃ ॥১১॥

ব্রহ্মেতি। ব্রহ্মনিষ্ঠস্য অগ্নিহোত্রাদিনিত্যকর্ম্মণামপ্যকরণে নাস্তি দোষ ইত্যাশয়ঃ ॥১২॥

এতদিতি। অন্বপদ্যন্ত ব্রহ্মচর্য্যমাশ্রয়ন্ত, ক্ষেত্রজ্ঞেন পাত্রাভিজ্ঞেন গুরুণা ॥১৩॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অনুগীতায়াং ত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

আর যে লোক সর্বদাই ইন্দ্রিয়গুলিকে জয় করিতে প্রবৃত্ত থাকেন, তাঁহাকে ব্রহ্মচারী বলা হয় ॥১০॥

যিনি শাস্ত্রনির্দ্দিষ্ট কর্ম্মও পরিত্যাগ করিয়া কেবল ব্রহ্মনিষ্ঠ হন এবং ব্রহ্মের ন্যায় নিষ্ক্রিয় হইয়া জগতে বিচরণ করেন; তিনিই ব্রহ্মচারী হন ॥১১॥

তাঁহার ব্রহ্মই সমিধ, ব্রহ্মই অগ্নি, ব্রহ্মই আস্তরণ, আর জল ব্রহ্ম এবং গুরু ব্রহ্ম; তাঁহাকেই ব্রহ্মনিষ্ঠ বলা হয় ॥১২॥

পণ্ডিতেরা এইরূপ এই সূক্ষ্ম নিয়মকেই ব্রহ্মচর্য্য বলিয়া জানেন এবং গুরুর প্রদর্শিত পথগামী লোকেরা এই নিয়ম জানিয়া পূর্বকালে ব্রহ্মচর্য্য অবলম্বন করিতেন ॥১৩॥

---

* '.. ষড়্বিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, 'সপ্তবিংশোঽধ্যায়ঃ'—নি।

একত্রিংশোঽধ্যায়ঃ।

—ঃ#ঃ—

ব্রাহ্মণ উবাচ।

সঙ্কল্পদংশমশকং শোকহর্ষহিমাতপম্।
মোহান্ধকারতিমিরং লোভব্যাধিসরীসৃপম্ ॥১॥
বিষয়ৈকাত্যয়াধ্বানং কামক্রোধবিরোধকম্।
তদতীত্য মহাদুর্গং প্রবিষ্টোঽস্মি মহদ্বনম্ ॥২॥ (যুগ্মকম্)

ব্রাহ্মণ্যুবাচ।

ক তদ্বনং মহাপ্রাজ্ঞ! কে বৃক্ষাঃ সরিতশ্চ কাঃ।
কিয়ন্তঃ পর্বতাশ্চৈব কিয়ত্যধ্বনি তদ্বনম্ ॥৩॥

ভারতকৌমুদী

সঙ্কল্পেতি। সঙ্কল্পা ইদমিদং ময়া কর্ত্তব্যমিত্যাদিরূপা মনোবৃত্তয় এব দংশমশকা যত্র তৎ, শোকহর্ষাবেব হিমাতপৌ যত্র তৎ। মোহএব অন্ধকারতিমিরম্ অন্ধতাজনকং তমো যত্র তৎ, লোভব্যাধয় এব সরীসৃপাঃ সর্পা যত্র তৎ। বিষয়াঃ শব্দাদয় এব একে মুখ্যা অত্যয়া কৃচ্ছ্রাণি যত্র তাদৃশা অধ্বানঃ পন্থানো যত্র তৎ, কামক্রোধাবেব বিরোধকৌ বাধকৌ যত্র তচ্চ। তৎ প্রসিদ্ধং মহাদুর্গম্ অতীবদুর্গমরূপং সংসারম্ অতীত্য, মহদ্বনমহং প্রবিষ্টোঽস্মি ॥১—২॥

কেতি। সরিতো নদ্যঃ ॥৩॥

ভারতভাবদীপঃ

নমু পাপচর্য্যাদিস্বভাব এবাত্মা তর্হি কিং ব্রহ্মচর্য্যেণেত্যাশঙ্ক্যাত্মনোঽসঙ্গত্বং প্রতিপাদয়িতুং বনাধ্যায়মারভতে—সঙ্কল্পেতি। অধ্বানমতীত্য তন্মহাদুর্গং বনং প্রবিষ্টোঽস্মীত্যন্বয়ঃ ॥১॥ বিষয়ো বিশেষেণ বন্ধকঃ একেনৈবাত্যেতব্যো ন পুত্রধনাদিসহায়বতেত্যেবংরূপোঽধ্বা সংসারমার্গস্তং বিষয়ৈকাত্যয়াধ্বানং বনং ব্রহ্ম। "কিং স্বিদ্বনং ক উ স বৃক্ষ আস"েতি শ্রুতৌ বনবৃক্ষশব্দয়োর্ব্রহ্মদেহাদিবাচিত্বদর্শনাৎ ॥২॥ বনোক্ত্যৈবাক্ষিপ্তা বৃক্ষাদয়োঽপি পৃচ্ছ্যন্তে—কে

ব্রাহ্মণ বলিলেন—'যাহাতে সঙ্কল্পই দংশ ও মশক, যাহাতে শোক ও হর্ষহিম ও আতপ, যাহাতে মোহই অন্ধতাজনক অন্ধকার, যাহাতে লোভ ও রোগ সর্প, যাহাতে শব্দস্পর্শপ্রভৃতি দুঃখজনক পথ এবং যাহাতে কাম ও ক্রোধ প্রতিবন্ধক রহিয়াছে, সেই মহাদুর্গম সংসার অতিক্রম করিয়া আমি মহাবনে প্রবেশ করিয়াছি' ॥১—২॥

---

(৩) গিরয়ঃ পর্ব্বতাশ্চৈব—পি বঙ্গ বর্দ্ধ।

ব্রাহ্মণ উবাচ।

নৈতদস্তি পৃথগ্‌ভাবঃ কিঞ্চিদন্যত্ততঃ সুখম্‌।
নৈতদস্ত্যপৃথগ্‌ভাবঃ কিঞ্চিদ্‌দুঃখতরং ততঃ ॥৪॥
তস্মাদ্‌হ্রস্বতরং নাস্তি ন ততোঽস্তি মহত্তরম্‌।
নাস্তি তস্মাৎ সূক্ষ্মতরং নাস্ত্যন্যত্তৎসমং সুখম্‌ ॥৫॥
ন তত্রাবিশ্য শোচন্তি ন প্রহৃষ্যন্তি চ দ্বিজাঃ।
ন চ বিভ্যতি কেষাঞ্চিত্তেভ্যো বিভ্যতি কেচন ॥৬॥

ভারতকৌমুদী

নেতি। ততো ব্রহ্মময়াৎ বনাৎ পৃথগ্‌ভাবঃ পদার্থঃ অস্তীতি যৎ এতন্ন, ততো ব্রহ্মময়াৎ বনাৎ অন্যৎ কিঞ্চিদপি সুখং সুখজনকমস্তীতি এতদপি ন। ততঃ অপৃথগ্‌ভাব একরূপঃ পদার্থঃ অস্তীতি এতন্ন, ততো দুঃখতরং কিঞ্চিদস্তি, এতদপি ন। সর্ব্ববিলক্ষণং তদিতি ভাবঃ ॥৪॥

তস্মাদিতি। অত্র "অণোরণীয়ান্‌ মহতো মহীয়ান্‌" ইত্যাদিশ্রুতিরেব মূলমিতি ভাবঃ ॥৫॥

নেতি। আবিশ্য প্রবিশ্য। ন বিভ্যতীতি সম্বন্ধঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

ইতি ॥৩॥ যট্‌সু প্রশ্নেষু আত্মস্তোত্তরম্‌—নৈতদিতি। ততঃ পৃথগ্‌ভাবোঽস্তীতি যৎ এতন্ন ততোঽন্যৎ কিঞ্চিৎ সুখমস্তীতি যৎ এতন্নেতি যোজনা, সত্তা সুখঞ্চ সর্ব্বং ব্রাহ্মমেব কার্য্যেষু দৃশ্যতে ন তত্র তদ্‌দ্বয়ং পৃথগস্তীত্যর্থঃ। নহু ব্রহ্মৈব কার্য্যাকারমভূদেত্যাহ—নৈতদিতি। ততঃ অপৃথক্‌ অভেদেন ভাবঃ বিয়দাদিপদার্থোঽস্তীতি যৎ এতন্ন। ব্রহ্মজগতোর্ন মৃদ্‌ঘটবদ্ধেতু-হেতুমদ্ভাবোঽপি তু শুক্তিরজতবদিত্যতস্তয়োর্ভেদ এব নিষিধ্যতে ন স্বভেদো বিধীয়তে। নহি রজতং শুক্তেরতিরিক্তমস্তি, নাপি তস্যা সমানসত্তাকং যেন তদভিন্নং স্যাদিতি ভাবঃ। তথা ততো বনাদন্যৎ স্বর্গাদি দুঃখতরং দুঃখতারকং কর্ম্মাস্তীতি যৎ এতন্ন। আত্যন্তিকদুঃখ-নিবৃত্তীপ্সুনা শ্রমেণাপি সংসারমার্গমতীত্য তদ্বনং প্রবেষ্টব্যমিতি ভাবঃ ॥৪—৫॥ কেষাঞ্চিৎ

ব্রাহ্মণী বলিলেন—'মহাপ্রাজ্ঞ! সেই বনটী কোথায় আছে? সেই বনের বৃক্ষ কাহার? নদী কোন্‌গুলি? কতগুলি পর্ব্বত আছে? এবং সেই বনটী কতদূরে রহিয়াছে?' ॥৩॥

ব্রাহ্মণ বলিলেন—'তদ্‌ভিন্ন অন্য পদার্থ আছে ইহা বলা যায় না, তাহা হইতে অন্য কিছু সুখজনক আছে, ইহাও বলা যায় না, তাহার একরূপ অন্য পদার্থ আছে, এরূপ বলিতে পারা যায় না এবং তাহা হইতে দুঃখজনক অন্য কিছু আছে, একথাও বলিতে পারা যায় না ॥৪॥

তাহা হইতে হ্রস্ব নাই, তাহা হইতে বৃহৎ নাই, তাহা হইতে অতি সূক্ষ্ম নাই এবং তাহার সমান অন্য সুখজনক নাই ॥৫॥

তস্মিন্ বনে সপ্তমহাদ্রুমাশ্চ ফলানি সপ্তাতিথয়শ্চ সপ্ত।
সপ্তাশ্রমাঃ সপ্তসমাধয়শ্চ দীক্ষাশ্চ সপ্তৈতদরণ্যরূপম্ ॥৭॥
পঞ্চবর্ণানি দিব্যানি পুষ্পাণি চ ফলানি চ।
সৃজন্তঃ পাদপাস্তত্র ব্যাপ্য তিষ্ঠন্তি তদ্বনম্ ॥৮॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। তস্মিন্ ব্রহ্মরূপে বনে, সপ্ত মহান্ অহঙ্কারঃ পঞ্চতন্মাত্রাণি চ মহাদ্রুমা, তেষাং মহাদ্রুমাণাং সপ্ত জ্ঞানমভিমানঃ পঞ্চমহাভূতানি চ ফলানি; সপ্ত জ্ঞাত্রভিমন্তৃ-ঘ্রাতৃ-পাতৃ-দ্রষ্টৃ-প্রষ্টৃ-শ্রোতারঃ অতিথয়ঃ, সপ্ত বন-গৃহে দ্বে, গন্ধাদীনাং পঞ্চানাং পঞ্চভোগস্থানানি ইতি সপ্তসংখ্যকা আশ্রমাঃ; সপ্ত সমাধয় উক্তানাং সপ্তানাং ভোগনিয়মাঃ; সপ্ত চ দীক্ষা উক্তেষু সপ্তসু প্রবৃত্তয়ঃ, এতৎ সর্ব্বম্ অরণ্যরূপম্ ভ্রমেণ প্রতিভাতীতি শেষঃ ॥৭॥

পঞ্চেতি। পঞ্চ বর্ণাঃ শ্বেতপীতাদয়ঃ স্বরূপাণি চ যেষাং তানি, দিব্যানি উত্তমানি, পুষ্পাণি কুসুমানি শব্দাদীনি তন্মাত্রাণি চ, ফলানি আত্রাদীনি আনন্দাদীনি চ। সৃজন্ত উৎপাদয়ন্তঃ, পাদপা বৃক্ষাঃ অহঙ্কারাশ্চ, ব্যক্তিভেদাদ্বহুবচনম্, তদ্বনং ব্যাপ্য তত্র তিষ্ঠন্তি ॥৮॥

ভাবতভাবদীপঃ

পঞ্চম্যর্থে ষষ্ঠী ॥৬॥ ব্রহ্মবনং ব্রহ্ম স বৃক্ষ আসীদিতি বনবৃক্ষয়োর্মুখ্যামুখ্যব্রহ্মভাবদৃষ্টৈস্তয়োরধিষ্ঠানাধ্যস্তভাবং বিবক্ষন্নাহ—তস্মিন্ বনে ইতি, এতদরণ্যরূপমিতি চ। অত্র মহদহঙ্কার-পঞ্চতন্মাত্রাণি সপ্ত দ্রুমাস্তৈস্তৎসজ্ঘাতরূপো দেহো লক্ষ্যতে। তস্য কারণং ফলশব্দোদিতং যাগাদ্যপূর্ব্বম্, তস্যাপি কারণং দেবতারূপাতিথিশব্দোক্তা যাগক্রিয়া, তস্যাঃ কারণমাশ্রমশব্দোদিতঃ ক্রিয়াশ্রয়ঃ কর্ত্তা, অস্যাপি কারণং সমাধয়ঃ সম্যগাধীয়ন্তে কর্ম্মস্বভিনিবেশ্যন্তে জনা যৈস্তে তথাভূতাঃ রাগাদয়ঃ; তেষাং মূলং ধর্ম্মান্তরপরিগ্রহলক্ষণা দীক্ষা—দেহাদিধর্ম্মস্বীকাররূপো২ধ্যাসঃ। এবং দেহপূর্ব্বকো২ধ্যাসস্তৎপূর্ব্বকাশ্চ রাগাদিদেহাস্তা, এবমিদং চক্রমনিশমাবর্ত্তমানমাত্মসত্তয়া স্ফূর্জ্জদপি নাত্মা তদ্ধর্ম্মৈরনুরজ্যতে ইত্যর্থঃ ॥৭॥ পঞ্চবর্ণানি শব্দাদিভেদাৎ পঞ্চরূপাণি পুষ্পাণি শব্দাদ্যনুভাবাঃ। ফলানি তজ্জাঃ প্রীত্যাদয়ঃ। পাদপা মনাংসি; জীব-

---

ব্রাহ্মণেরা সেই বনে প্রবেশ করিয়া শোক করেন না, আনন্দিত হন না, কাহারও ভয় করেন না এবং তাঁহাদিগকেও কেহ ভয় করে না ॥৬॥

সেই বনে মহৎ, অহঙ্কার ও পঞ্চতন্মাত্ররূপ সাতটী বৃক্ষ আছে, জ্ঞান, অভিমান ও পঞ্চমহাভূতরূপ তাহার সাতটী ফল; জ্ঞাতা, অভিমন্তা, ঘ্রাতা, পাতা, দ্রষ্টা, প্রষ্টা ও শ্রোতা—এই সাতটী অতিথি; বন, গৃহ ও গন্ধাদি পণ-গ্রহণের পঞ্চস্থান—এই সাতটী আশ্রম; উক্ত প্রকার সপ্তবিধ ভোগনিয়ম এবং সপ্তপ্রকার ভোগপ্রবৃত্তি রহিয়াছে; সুতরাং এই ব্রহ্ম একটী ভ্রমজ্ঞানে বন-স্বরূপ ॥৭॥

যাহারা পঞ্চবর্ণ ও উৎকৃষ্ট ফল ও পুষ্প উৎপাদন করে সেইরূপ অনেক বৃক্ষ সেই বন ব্যাপিয়া তাহাতে রহিয়াছে (এই সকল স্থানের টীকা দ্রষ্টব্য) ॥৮॥

সুবর্ণানি দ্বিবর্ণানি পুষ্পাণি চ ফলানি চ।
সৃজন্তঃ পাদপাস্তত্র ব্যাপ্য তিষ্ঠন্তি তদ্বনম্ ॥৯॥
শঙ্করাণি ত্রিবর্ণাণি পুষ্পাণি চ ফলানি চ।
সৃজন্তঃ পাদপাস্তত্র ব্যাপ্য তিষ্ঠন্তি তদ্বনম্ ॥১০॥
সুরভীণি দ্বিবর্ণানি পুষ্পাণি চ ফলানি চ।
সৃজন্তঃ পাদপাস্তত্র ব্যাপ্য তিষ্ঠন্তি তদ্বনম্ ॥১১॥
সুরভীণ্যেকবর্ণাণি পুষ্পাণি চ ফলানি চ।
সৃজন্তঃ পাদপাস্তত্র ব্যাপ্য তিষ্ঠন্তি তদ্বনম্ ॥১২॥

ভারতকৌমুদী

সুবর্ণানীতি। শোভনা বর্ণাঃ শ্বেতাদয়ঃ স্বরূপাণি চ যেষাং তানি, দ্বৌ বর্ণৌ শ্বেতরক্তৌ সাত্ত্বিকরাজসে রূপে চ যেষাং তানি, পুষ্পাণি কুসুমানি অহঙ্কারাংশ্চ, ফলানি পনসাদীনি ইন্দ্রিয়াণি চ ॥৯॥

শঙ্করাণীতি। শঙ্করাণি শুভজনকানি, ত্রয়ো বর্ণা শ্বেতপীতরক্তাঃ সাত্ত্বিক-রাজসিক-তামসিক-রূপাণি চ যেষাং তানি, পুষ্পাণি কুসুমানি মহত্তত্ত্বানি, ফলানি রম্ভাদীনি জ্ঞানাদীনি চ ॥১০॥

সুরভীণীতি। সুরভীণি শোভনগন্ধযুক্তানি চিত্তাকর্ষকাণি চ, দ্বৌ বর্ণৌ শ্বেতরক্তৌ বিদ্যাবিদ্যারূপে যেষাং তানি, পুষ্পাণি কুসুমানি, সাত্ত্বিকরাজসরূপাণি চ, ফলানি বিল্বাদীনি মোক্ষবন্ধাংশ্চ ॥১১॥

সুরভীণীতি। একো বর্ণঃ শ্বেতঃ বিদ্যারূপশ্চ যেষাং তানি, পুষ্পাণি কুসুমানি তত্ত্বজ্ঞানানি চ ফলানি নারিকেলাদীনি মোক্ষাংশ্চ ॥১২॥

ভাবতভাবদীপঃ

ভেদাদ্বৃত্তিভেদাদ্বা বহুবচনম্ ॥৮॥ সুবর্ণানি শ্বেতপীতাদিশোভনবর্ণবন্তি। দ্বিবর্ণানি সুখদুঃখো-ভয়হেতুত্বাদ্দ্বিরূপাণি। পাদপাশ্চক্ষুংষি ইন্দ্রিয়ান্তরেষ্বপ্যেতত্তুল্যম্ ॥৯॥ সুরভীণি স্বর্গাদীনি, দ্বিবর্ণত্বং তত্রাপ্যবিশিষ্টম্। পাদপাঃ যজ্ঞাদয়ঃ ॥১০॥ সুরভীণ্যেকবর্ণানি সুখৈকরূপাণি, পাদপাঃ

যাহারা সুন্দরবর্ণযুক্ত এবং দুই বর্ণসমন্বিত ফল ও ফুল উৎপাদন করে, সেইরূপ অনেক বৃক্ষ সেই বন ব্যাপিয়া বিদ্যমান আছে ॥৯॥

যাহারা শুভজনক দ্বিবর্ণসমন্বিত ফল ও ফুল জন্মায়, সেইরূপ অনেক গাছ সেই বন ব্যাপিয়া তাহাতে রহিয়াছে ॥১০॥

যাহারা সৌরভযুক্ত ও দ্বিবর্ণসমন্বিত পুষ্প ও ফল প্রসব করে, সেইরূপ অনেক বৃক্ষ সেই বন ব্যাপ্ত করিয়া তাহাতে বর্ত্তমান আছে ॥১১॥

---

(১০) এষ শ্লোকঃ—পি বঙ্গ বৰ্দ্ধ নাস্তি।

বহূন্যব্যক্তবর্ণানি পুষ্পাণি চ ফলানি চ।
বিসৃজন্তৌ মহাবৃক্ষৌ তদ্বনং ব্যাপ্য তিষ্ঠতঃ ॥১৩॥
একো বহ্নিঃ সুমনা ব্রাহ্মণোঽত্র পঞ্চেন্দ্রিয়াণি সমিধশ্চাত্র সন্তি।
তেভ্যো মোক্ষাঃ সপ্ত ফলন্তি দীক্ষা গুণাঃ ফলান্যতিথয়ঃ ফলাশাঃ ॥১৪॥

ভারতকৌমুদী

বহূনীতি। অব্যক্তাঃ সূক্ষ্মত্বাদস্পষ্টা বর্ণা লোহিতাদয় রাজসাদিভাবাশ্চ যেষাং তানি, পুষ্পাণি কুসুমানি মহত্ত্বানি চ, ফলানি আমলক্যাদীনি জ্ঞানানি চ ১৩॥

এক ইতি। একো বহ্নির্জীবাত্মা, সুমনাঃ শুদ্ধচিত্তো দেবশ্চ, ব্রাহ্মণো হোতা বুদ্ধিবৃত্তিশ্চ, পঞ্চেন্দ্রিয়াণি কর্ণাদীনি। তেভ্য ইতি পক্ষে গৌরবাদ্বহুবচনম্, পক্ষে চ তস্মাদ্ব্রাহ্মণাৎ, মোক্ষাঃ হবিঃপ্রক্ষেপা মুক্তয়শ্চ, সপ্ত দীক্ষা ধর্ম্মার্থকামপ্রবৃত্তয়স্তিস্রঃ দানযজ্ঞতপঃপ্রবৃত্তয়স্তিস্রঃ তত্ত্বজ্ঞানপ্রবৃত্তিশ্চৈকেতি সপ্ত প্রবৃত্তয়ঃ, ফলন্তি জায়ন্তে, গুণা দয়াধর্ম্মাদয়ঃ সৌন্দর্য্যাদয়শ্চ ফলানি, ফলানি অশ্নন্তি খাদন্তীতি ফলাশাঃ, অতিথয়ো মুমুক্ষবো বুভুক্ষবশ্চ অত্র সন্তীত্যনুবৃত্তিঃ ॥১৪॥

ভারতভাবদীপঃ

ধ্যানাদয়ঃ ॥১১॥ বহূনি অতীতানাগতবর্ত্তমানানি, অব্যক্তবর্ণানি বর্ণঃ স্বরূপম্। মৃঢানাং মনোরথমাত্রাণি যোগিনান্তু সঙ্কল্পাৎ প্রাগব্যক্তবর্ণানি, মহাবৃক্ষৌ বুদ্ধিমনসী ॥১২॥ বহ্নিরাত্মা সুমনা ইত্যত্র মনঃশব্দেন বুদ্ধিমনসী স্রুক্স্রুবস্থানীয়ে ইন্দ্রিয়াণি সমিধশ্চ হোম্যম্। "যদা পঞ্চাবতিষ্ঠন্তে জ্ঞানানি মনসা সহ। বুদ্ধিশ্চ ন বিচেষ্টতি তামাহুঃ পরমাং গতি"মিতি শ্রুতেঃ। সর্ব্বেষাং প্রবিলাপনং হোমঃ তেভ্যো মন আদিভ্যো হুতেভ্যঃ সপ্ত মোক্ষাঃ মুক্তিঃ অপাদান-বহুত্বস্তু মোক্ষেঽপ্যুপচারাৎ মোক্ষা ইতি বহুত্বম্। ননু মুক্তস্য দীক্ষাখ্যোঽধ্যাসোঽস্তি ন বা? নাস্ত্যঃ, জ্ঞানসমকালমেব দেহপাতাপত্তেঃ। আন্ত্যে অধ্যাসবত উক্তক্রমেণ দেহান্তরোৎপত্তি রনিবার্য্যেত্যাশঙ্ক্যাহ—ফলন্তি দীক্ষা ইতি। মুক্তানাং দীক্ষাঃ ফলন্ত্যেব ন তু দেহান্তরমারভন্তে, কুত এতৎ? যতো গুণাঃ ফলানি বিদুষঃ সত্যপি দেহাদিপ্রতিভাসে কর্ত্তৃত্বাভিনিবেশাভাবা-জ্জ্ঞানাদিনোৎপন্নমপ্যপূর্ব্বং ন দেহান্তরারম্ভকম্। অতএব গুণভূতান্যেবাপূর্ব্বাণি। ক তর্হি তেষামুপযোগঃ অতিথয়ঃ ফলাশাঃ অতিথয়ো দেবতা এব ফলাশাঃ ঈশ্বরস্যেব তেষাং পরার্থৈব ক্রিয়া ন স্বার্থেত্যর্থঃ। তথা চ শ্রুতিঃ—"তস্য পুত্রা দায়মুপযন্তি সুহৃদঃ সাধুকৃত্যাং দ্বিষন্তঃ পাপকৃত্যা"মিতি। "তদা বিদ্বান্ পুণ্যপাপে বিধুয়ে"ত্যাদিঃ ॥১৩॥ মহর্ষয়ঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারো

যাহারা সৌরভযুক্ত ও একবর্ণ ফল ও ফুল উৎপাদন করে, তাদৃশ বহুতর পাদপ সেই বন ব্যাপ্ত করিয়া তাহাতে অবস্থান করিতেছে ॥১২॥

অস্পষ্টবর্ণ বহুতর পুষ্প ও ফলের উৎপাদক দুইটী বিশাল বৃক্ষ সেই বন ব্যাপ্ত করিয়া রহিয়াছে ॥১৩॥

---

(১৪) তেভ্যো বৃক্ষাঃ সপ্ত ফলন্তি দীক্ষা—নি।

আতিথ্যং প্রতিগৃহ্নন্তি তত্র সপ্ত মহর্ষয়ঃ।
অর্চ্চিতেষু প্রলীনেষু তেষ্বন্যদ্রোচতে বনম্ ॥১৫॥
প্রজ্ঞাবৃক্ষং মোক্ষফলং শান্তিচ্ছায়াসমন্বিতম্।
জ্ঞানাশ্রয়ং তৃপ্তিতোয়মন্তঃক্ষেত্রজ্ঞভাস্করম্ ॥১৬॥ (যুগ্মকম্)
যেঽধিগচ্ছন্তি তৎ সন্তস্তেষাং নাস্তি পুনর্ভবঃ।
ঊর্দ্ধং চাধশ্চ তির্য্যক্ চ তস্য নান্তোঽধিগম্যতে ॥১৭॥

ভাবতকৌমুদী

আতিথ্যমিতি। সপ্ত মহর্ষয়ো মহর্ষিবদ্বিচরণশীলা পঞ্চানাং জ্ঞানেন্দ্রিয়াণাং বুদ্ধিমনসশ্চ সপ্তব্যাপারাঃ, তত্র দ্বৈতবনে, আতিথ্যম্ অতিথিবদাশ্রয়ম্, প্রতিগৃহ্নন্তি। পরঞ্চ অর্চ্চিতেষু চিরং সেবিতেষু, তেষু সপ্তসু ব্যাপারেষু প্রলীনেষু তত্ত্বজ্ঞানমহিম্না লয়ং গতেষু সৎসু, অন্যৎ দ্বৈত-বিলক্ষণমদ্বৈতরূপম্, বনং মুমুক্ষবে রোচতে। বনং বিশিনষ্টি প্রজ্ঞেতি। প্রজ্ঞা তত্ত্বজ্ঞানমেব বৃক্ষো যত্র তৎ, মোক্ষ এব ফলং যত্র তৎ শান্তিরেব ছায়া তয়া সমন্বিতম্। জ্ঞানমেব আশ্রয়ো যত্র তৎ, তৃপ্তিরেব তোয়ং জলং যত্র তৎ, অন্তরভ্যন্তরনিবিষ্টঃ ক্ষেত্রজ্ঞো জীবাত্মৈব ভাস্করঃ সূর্য্যো যত্র তচ্চ ॥১৫—১৬.

য ইতি। যে সন্তঃ সাধবঃ, তদদ্বৈতব্রহ্মবনম্, অধিগচ্ছন্তি লভন্তে, তেষাং পুনর্ভবো জন্ম নাস্তি "ন স পুনরাবর্ত্ততে" ইতি শ্রুতেঃ। তস্য সাধুগণস্য ঊর্দ্ধমধঃ তির্য্যক্ চ, অন্তঃ শেষো নাধিগম্যতে ব্রহ্মরূপেণানন্তত্বাৎ "ব্রহ্মবিদ্ব্রহ্মৈব ভবতি" ইতি শ্রুতেঃ ॥১৭॥

ভাবতভাবদীপঃ

দেবাঃ অন্যেভ্যো বিলক্ষণং দ্বৈতদর্শনাভাবাৎ রোচতে দীপ্যতে ॥১৪॥ প্রজ্ঞা সাক্ষাৎকারঃ, জ্ঞানম্ আগমাচার্য্যোপদেশজম্ ॥১৫॥ ভযাভাবে হেতুমাহ—ঊর্দ্ধমিতি। তস্য প্রজ্ঞাবৃক্ষস্য সর্ব্বস্য চিন্মাত্রত্বং পশ্যন্ ভেদদর্শনাভাবান্ন বিভেতীত্যর্থঃ। "দ্বিতীযাদ্বৈ ভয়ং ভবতী"তি শ্রুতেঃ ॥১৬॥ জীবন্মুক্তস্যৈশ্বর্য্যমাহ—সপ্ত স্ত্রিয় ইতি। তত্র বৃক্ষাদিগস্তরি স্ত্রিয়ো ঘ্রাণাদিবৃত্তয়ঃ

এই বনে একটী অগ্নি ও একজন শুদ্ধচিত্ত ব্রাহ্মণ আছেন এবং ইহাতে পঞ্চজ্ঞানেন্দ্রিয়স্বরূপ বহুতর সমিধ রহিয়াছে, তাহা হইতে মোক্ষ হয; সপ্তবিধ দীক্ষা জন্মিতেছে, বহুতর গুণ আছে, ফল রহিযাছে এবং ফলভোজী অতিথিরাও অবস্থান করিতেছেন ॥১৪॥

মন, বুদ্ধি ও পাঁচটী জ্ঞানেন্দ্রিয—এই সাতটীর সাতটী ব্যাপার সেই দ্বৈতবনে বিচরণ করে। তত্ত্বজ্ঞানের প্রভাবে সেই সাতটী লয় পাইলে মুমুক্ষু ব্যক্তির দ্বৈতবিলক্ষণ অদ্বৈতব্রহ্মবনে রুচি হইযা থাকে। তত্ত্বজ্ঞান তাহার বৃক্ষ, মুক্তি তাহার ফল, শান্তি তাহার ছাযা, জ্ঞান তাহাতে থাকে, তৃপ্তি তাহার জল এবং অভ্যন্তরবর্ত্তী জীবাত্মা তাহার সূর্য্য ॥১৫—১৬॥

---

(১৫) তত্র তত্র মহর্ষয়ঃ—বঙ্গ বর্দ্ধ।

(১৭) তেষাং নাস্তি ভযং পুনঃ—বঙ্গ বর্দ্ধ।

সপ্ত স্ত্রিয়স্তত্র চরন্তি সত্যাস্ত্ববাঙ্মুখা ভানুমত্যো জনিত্র্যঃ।
ঊর্দ্ধং রসানাদদতে প্রজাভ্যঃ সর্বান্ যথা নিত্যমনিত্যতা চ ॥১৮॥
তত্রৈব প্রতিতিষ্ঠন্তি পুনস্তত্রোদযন্তি চ।
সপ্ত সপ্তর্ষয়ঃ সিদ্ধা বশিষ্ঠপ্রমুখৈঃ সহ ॥১৯॥

ভারতকৌমুদী

সপ্তেতি। সত্যা মায়িকত্বেন সত্যবৎপ্রতীয়মানাঃ, অবাঙ্মুখা বিষয়গামিতয়া অধোমুখাঃ, ভানুমত্যঃ কান্তিযুক্তাঃ প্রকাশান্বিতাশ্চ, জনিত্র্যঃ সন্তানজনয়িত্র্যো বিষয়বোধজনিকাশ্চ, সপ্ত স্ত্রিয়ঃ পঞ্চানাং জ্ঞানেন্দ্রিয়াণাং বুদ্ধিমনসোশ্চ সপ্ত বৃত্তয়ঃ, তত্র দ্বৈতবনে চরন্তি পুরুষান্ বঞ্চন্তি চেতি ভাবঃ। তাশ্চ প্রজাভ্যঃ সন্তানেভ্যো জনেভ্যশ্চ। তাদর্থ্যে চতুর্থী। ঊর্দ্ধং স্তনমণ্ডলমাশ্রিত্য, সর্ব্বান্ রসান্ দুগ্ধানি, ঊর্দ্ধং গময়ন্তি জ্ঞানানি চ, আদদতে গৃহ্ণন্তি। জ্ঞানাদানে নিত্যং ব্রহ্ম, দুগ্ধাদানে অনিত্যতা সংসারশ্চ সম্পদ্যতে ॥১৮॥

জীবন্মুক্তস্য স্বরূপমাহ তত্রেতি। সপ্তর্ষয় ইতি নিত্যসমাসঃ। সিদ্ধা বিষয়েষু কৃতকার্য্যাঃ অণিমাদিসিদ্ধাশ্চ সপ্ত সপ্তর্ষয়ঃ সপ্তবিধবিচরণশীলাঃ পঞ্চানাং জ্ঞানেন্দ্রিয়াণাং বুদ্ধিমনসোশ্চ ব্যাপারাঃ, বশিষ্ঠপ্রমুখৈঃ বশ্যশমাদিভিঃ সহ তত্রৈব দ্বৈতবনে স্বেচ্ছয়া প্রতিতিষ্ঠন্তি স্বেচ্ছয়ান্তর্ধায় পুনঃ উদয়ন্তি চ ॥১৯॥

ভারতভাবদীপঃ

সত্যোজনিত্র্য ইত্যস্য সঙ্কল্পসিদ্ধা ইত্যর্থঃ। "সঙ্কল্পাদেবাস্য পিতরঃ সমুত্তিষ্ঠন্তী'তি শ্রুতেঃ অবাঙ্মুখাঃ পুরুষং বশীকর্তুমশক্তত্বেন লজ্জিতাঃ ভানুমত্যশ্চিজ্জ্যোতির্ম্ময়াঃ প্রজাভ্য ঊর্দ্ধম্ উৎকৃষ্টং যথা স্যাত্তথা সর্ব্বান্ রসান্ বিষয়জাহ্লাদান্ আদদতে ভুঞ্জতে। ঊর্দ্ধত্বমেবাহ দৃষ্টান্তেন—যথাসত্যমনিত্যতা চেতি। নিত্যানিত্যয়োর্যাবদন্তরং তাবদ্ব্রহ্মসুখযোরিত্যর্থঃ ॥১৭॥ "প্রাণা বা ঋষয়" ইতি শ্রুতেঃ সপ্তর্ষীণামিন্দ্রিয়াণাং লয়োদয়স্থানং বিদ্বানেবেত্যাহ—তত্রৈবেতি। তত্রোপযন্তি তত উদ্যন্তি যঃ কশ্চিদভূতো ভাবী বর্ত্তমানো বা, বসিষ্ঠোঽতিশয়েন বসুমান্ ॥১৮॥ যশো যশস্বী, বর্চ্চো দীপ্তিমত্ত্বানিত্যাদি, তে সর্ব্বে এতং ভাস্করং ক্ষেত্রজ্ঞং ভাস্করম্ অনুবর্ত্তন্ত

যে সকল সাধুপুরুষ সেই বনে গমন করেন, তাঁহাদের আর জন্ম হয় না এবং সেই সাধু পুরুষগণের উপরে, নীচে ও পার্শ্বে অন্ত পাওয়া যায় না ॥১৭॥

সত্য, অধোমুখী, কান্তিসমন্বিত ও জননশক্তিসম্পন্ন সাতটী স্ত্রীস্বরূপ পূর্ব্বোক্ত সাতটীর সাতটী বৃত্তি সেই দ্বৈতবনে বিচরণ করে। মুমুক্ষু ব্যক্তিগণের জন্য সেই সাতটী বৃত্তি তত্ত্বজ্ঞান উৎপাদন করে, যে তত্ত্বজ্ঞানের ফলে নিত্য ব্রহ্মলাভ হয় এবং তাহার অভাবে অনিত্য সংসার হইয়া থাকে ॥১৮॥

সেই সাতটী ইন্দ্রিয়ব্যাপার শমপ্রভৃতি গুণের সহিত সেই দ্বৈতবনেই প্রতিষ্ঠিত থাকে এবং একবার অন্তর্হিত হইয়া আবার উদিত হয় ॥১৯॥

---

(১৮) সপ্ত স্ত্রিয়স্তত্র বসন্তি-সপ্তঃ ...সত্যমনিত্যতা চ—বঙ্গ বর্দ্ধ।

যশো বর্চ্চো ভগশ্চৌজো বিজয়ঃ সিদ্ধতেজসী।
এতমেবানুবর্ত্তন্তে সপ্ত জ্যোতীংষি ভাস্করম্ ॥২০॥
ঋষয়ঃ পর্ব্বতাশ্চৈব সন্তি তত্র সমাসতঃ।
নদ্যশ্চ পরিতো বারি বহন্ত্যো ব্রহ্মসম্ভবম্ ॥২১॥
নদীনাং সঙ্গমশ্চৈব বৈতানে সমুপহ্বরে।
স্বাত্মতৃপ্তা যতো যান্তি সাক্ষাদেব পিতামহম্ ॥২২॥
কৃশাশাঃ সুব্রতাঃ শান্তাস্তপসা দগ্ধকিল্বিষাঃ।
আত্মন্যাত্মানমাবেশ্য ব্রাহ্মণাস্তমুপাসতে ॥২৩॥

ভাবতকৌমুদী

জীবন্মুক্তপ্রভাবমাহ যশ ইতি। যশঃ সুখ্যাতিঃ, বর্চ্চঃ কান্তিঃ, ভগো মাহাত্ম্যম্, ওজো বলম্, বিজয়ঃ সিদ্ধঃ পুরুষগণঃ, তেজশ্চ সাহসম্, এতানি সপ্ত জ্যোতীংষি, ভাস্করং সূর্য্যমিব, এতং জীবন্মুক্তম্ অনুবর্ত্তন্তে ॥২০॥

ঋষয় ইতি। ঋষয়ো মুনয ইন্দ্রিযাণি চ, পর্ব্বতা গিরয়ো গুরবশ্চ। পরিতঃ সমন্ততঃ, ব্রহ্মসম্ভবং বারি জলং প্রভাবশ্চ, বহন্ত্যো নদ্যঃ সরিতো নানাবৃত্তয়শ্চ, তত্র দ্বৈতবনে, সমাসতঃ সংক্ষেপতঃ অল্পা ইত্যর্থঃ সন্তি ॥২১॥

নদীনামিতি। সমুপহ্বরে অতীবগুপ্তে, বিতানস্য যোগযজ্ঞবিস্তারস্যেদং স্থানমিতি বৈতানম্, হৃদয়াকাশং তস্মিন্, নদীনাং ধ্যানস্রোতসাম্, সঙ্গমশ্চ তত্র বনে বিদ্যত ইতি শেষঃ। যতো যত্র, স্বাত্মনা স্বজীবচৈতন্যধ্যানেনৈব তৃপ্তা যোগিনঃ, সাক্ষাদেব পিতামহং ব্রহ্মাণং ব্রহ্মলোকং যান্তি ॥২২॥

কৃশেতি। কৃশা বিষয়বৈরাগ্যাৎ স্বল্পীভূতা আশা যেষাং তে, সুব্রতা ধ্যানমাত্রনিয়মাঃ,

ভাবতভাবদীপঃ

ইত্যর্থঃ ॥১৯॥ "যস্তু সর্ব্বাণি ভূতান্যাত্মন্যেবানুপশ্যতী"ত্যস্যাঃ শ্রুতেরর্থং সঙ্ক্ষিপতি—গিরয় ইত্যাদিনা ॥২০॥ বিতানো যোগযজ্ঞবিস্তারস্তস্যেদং স্থানং বৈতানং হার্দ্দাকাশঃ, সমুপহ্বরে

যশ, কান্তি, মাহাত্ম্য, বল, জয়, সিদ্ধপুরুষগণ ও তেজ—এই সাতটী জ্যোতি সূর্য্যতুল্য সেই জীবন্মুক্তপুরুষের অনুসরণ করিয়া থাকে ॥২০॥

সেই দ্বৈতবনে অল্পসংখ্যক ঋষিস্বরূপ ইন্দ্রিয়, পর্ব্বতস্বরূপ গুরু এবং জলস্বরূপ ব্রহ্মজ্ঞানসমুৎপন্ন প্রভাববাহিনী নদীস্বরূপ নানা বৃত্তি রহিয়াছে ॥২১॥

সেই বনে অত্যন্ত গুপ্ত যোগযজ্ঞ-বিস্তারের স্থান হৃদয়াকাশে ধ্যানস্রোতোরূপ নদীসমূহের সঙ্গম রহিয়াছে। যে বনে কেবল আত্মতৃপ্ত যোগিগণ সাক্ষাৎ ব্রহ্মাকে লাভ করেন ॥২২॥

---

(২০) যশো বর্চ্চো ভগশ্চৈব বিজয়ঃ সিদ্ধতেজসঃ—বঙ্গ বর্দ্ধ নি।

(২২) অত্র পুস্তকভেদাদেব মহান্ পাঠভেদঃ দৃশ্যতে।

শমমপ্যত্র শংসন্তি বিদ্যারণ্যবিদো জনাঃ।
তদরণ্যমভিপ্রেত্য যথাতত্ত্বমজায়ত ॥২৪॥
এতদেবেদৃশং পুণ্যমরণ্যং ব্রাহ্মণা বিদুঃ।
বিদিত্বা চানুতিষ্ঠন্তি ক্ষেত্রজ্ঞেনানুদর্শিনা ॥২৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অনুগীতায়াং ব্রাহ্মণগীতাযামেকত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

শান্তাঃ শমগুণান্বিতাঃ, তপসা দগ্ধকিল্বিষাশ্চ ব্রাহ্মণাঃ। আত্মনি পরব্রহ্মণি, আত্মানং জীবব্রহ্ম, আবেশ্য প্রবেশ্য, তং ব্রহ্মাণম্, উপাসতে ॥২৩॥

শমমিতি। বিদ্যা তত্ত্বজ্ঞানমেবারণ্যং তদ্বিদন্তীতি তে তাদৃশা জনাঃ, অত্র বনে, শমং যোগাভ্যাসেনান্তরিন্দ্রিয়নিগ্রহমপি ভব্যতয়া শংসন্তি ব্রুবন্তি। তদরণ্যমভিপ্রেত্য গত্বা, যথাতত্ত্বম্, অজায়ত অনেকো যোগীতি শেষঃ ॥২৪॥

উপসংহরতি এতদিতি। অনুদর্শিনা যোগমার্গপ্রদর্শিনা, ক্ষেত্রজ্ঞেন পাত্রাভিজ্ঞেন গুরুণা-তদুপদেশেনেত্যর্থঃ, বিদিত্বা যোগাভ্যাসপ্রকারান্ জ্ঞাত্বা তং যোগাভ্যাসম্ অনুতিষ্ঠন্তি ॥২৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অনুগীতায়াং একত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

অত্যান্তগূঢে ॥২১॥ কে যাস্তীত্যত আহ—কুশাশা ইতি ॥২২॥ অরণ্যং প্রাপ্যমভিপ্রেত্য শমং শংসন্তীতি যোজনা। শমমপি শমমেব বিদ্যারণ্যবিদঃ বিদ্যৈকপাপ্যব্রহ্মবিদঃ, যথাধীরং বুদ্ধিগতিমনতিক্রম্যেত্যর্থঃ ॥২৩॥ বিদিত্বা শাস্ত্রতো জ্ঞাত্বা অনুতিষ্ঠন্তি শমাদিপরা ভবন্তি। "তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাপ্রজ্ঞাং কুর্ব্বীত ব্রাহ্মণঃ। এবংবিৎ শান্তো দান্ত উপরতস্তিতিক্ষুঃ সমাহিতো ভূত্বাত্মন্যেবাত্মানং পশ্যেদি"ত্যাদিশ্রুতিভ্যো ন শুষ্কজ্ঞানাৎ কৃতকৃত্যতেত্যর্থঃ ॥২৪॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অনুগীতায়াম্ একত্রিংশোঽধ্যায়ঃ ॥৩১॥

অল্প আশাযুক্ত, সমীচীননিয়মসমন্বিত, শান্তচিত্ত ও তপস্যার প্রভাবে পাপবিহীন ব্রাহ্মণেরা পরমাত্মাতে জীবাত্মাকে প্রবেশ করাইয়া ব্রহ্মার উপাসনা করেন ॥২৩॥

বিদ্যারূপ বনাভিজ্ঞ লোকেরা এই বনে শমগুণেরও উৎপত্তি হয় বলিয়া প্রকাশ করেন, সুতরাং বহু যোগী সেই বনে যাইয়া তত্ত্বানুরূপ সিদ্ধ হইয়াছেন ॥২৪॥

---

* '…সপ্তবিংশোঽধ্যায়ঃ'—বঙ্গ বর্দ্ধ, '…অষ্টাবিংশোঽধ্যায়ঃ'—নি।

দ্বাত্রিংশোঽধ্যায়ঃ।

—ঃ*ঃ—

ব্রাহ্মণ উবাচ।

গন্ধান্ন জিঘ্রামি রসান্ন বেদ্মি রূপং ন পশ্যামি ন চ স্পৃশামি।
ন চাপি শব্দান্ বিবিধান্ শৃণোমি ন চাপি সঙ্কল্পমুপৈমি কিঞ্চিৎ ॥১॥
অর্থানিষ্টান্ কাময়তে স্বভাবঃ সর্ব্বান্ দ্বেষ্যান্ প্রদ্বিষতে স্বভাবঃ।
কামদ্বেষাবুদ্ভবতঃ স্বভাবাৎ প্রাণাপানৌ জন্তুদেহান্নিবেশ্য ॥২॥

ভারতকৌমুদী

গন্ধানিতি। ন জিঘ্রামি ন গৃহ্লামি বৈরাগ্যাদিতি ভাবঃ। এবং সর্ব্বত্র। সঙ্কল্পং মানসিকং কর্ম্ম ॥১॥

ভারতভাবদীপঃ

একো বহ্নিরিতি শ্লোকে বিদুষাং কর্তৃত্বাভিমানাভাবাৎ কৃতেনাপি কর্ম্মণা বন্ধোঽস্তীত্যুক্তম্, তদ্বিবৃণোতি—গন্ধানিত্যাদিনা। নিবৃত্তক্ষেত্রস্বাম্যস্য ক্ষেত্রিকস্য ক্ষেত্রবৃদ্ধিহ্রাসাভ্যাং দৃশ্যমানাভ্যামপি ন হর্ষবিষাদৌ ভবত এবং বিবিক্তাত্মদর্শিনো গুণকৃতৈঃ কর্ম্মভির্ন সঙ্গোঽস্তীত্যর্থঃ ॥১॥ অর্থানিতি। স্বভাবো বুদ্ধ্যাদীনাম্, তত্র দৃষ্টান্তঃ—কামেতি। যথা কামদ্বেষারুদ্ভবাভাবেঽপি জন্তূনাং দেহান্ প্রাণাপানৌ প্রবেশ্য প্রবেশয়িতর্য্যনন্বসন্দধানেঽপি সুষুপ্ত্যাদৌ স্বভাবাদেব প্রাণপানৌ স্বকার্য্যম্ অন্নপাকাদি কুরুতঃ এবং বুদ্ধ্যাদিরপি জাগ্রৎস্বপ্নয়োঃ স্বভাবাদেব অর্থেষু কাম্যাদিমান্ ভবতি ন ত্বহমিত্যর্থঃ ॥২॥ তেভ্যশ্চেতি। বাহ্যঘ্রাণত্রেয়াদিভোঽন্যান্

কল্যাণি! ব্রাহ্মণেরা এইরূপ এই পুণ্যময় বনের অবস্থা জানেন; সুতরাং তাঁহারা যোগমার্গপ্রদর্শনকারী পাত্রাভিজ্ঞ গুরুর উপদেশে তাহা জানিয়া যোগাভ্যাস করিয়া থাকেন ॥২৫॥

—ঃ*ঃ—

ব্রাহ্মণ বলিলেন—আমি বিষয়বৈরাগ্যবশতঃ গন্ধ গ্রহণ করি না, রসের আস্বাদ লই না, রূপ দেখি না, কিছুই স্পর্শ করি না, নানাবিধ শব্দ শুনি না এবং কোন সঙ্কল্পও করি না ॥১॥

প্রাণীর স্বভাব অভীষ্ট বস্তুর কামনা করে এবং সমস্ত দ্বেষ্য বস্তুর উপরে দ্বেষ করিয়া থাকে; আর স্বভাবতই সেই কাম ও দ্বেষ উৎপন্ন হয়; বিশেষতঃ প্রাণ ও অপান বায়ু স্বভাবতই প্রাণীর দেহে প্রবেশ করিয়া অবস্থান করে ॥২॥

---

(১) অত্র বহ্বব এব পাঠভেদা পরিলক্ষ্যন্তে।

তেভ্যশ্চান্যাংস্তেষু নিত্যাংশ্চ ভাবান্ ভূতাত্মানং লক্ষয়েঽহং শরীরে।
তস্মিংস্তিষ্ঠন্নাস্মি সক্তঃ কথঞ্চিৎ কামক্রোধাভ্যাং জরয়া মৃত্যুনা চ ॥৩॥
অকাময়ানস্য চ সর্ব্বকামানবিদ্বিষাণস্য চ সর্বদোষান্।
ন মে স্বভাবেষু ভবন্তি লেপাস্তোয়স্য বিন্দোরিব পুষ্করেষু ॥৪॥

ভারতকৌমুদী

অর্থানিতি। অর্থান্ কলত্রাদীন্। প্রবিষতে প্রবেষ্টি। নিবেশ্য স্বং স্বং প্রবেশ্য স্বভাবানেব বর্ত্তেতে ॥২॥

তেভ্য ইতি। তেভ্য ইষ্টার্থেভ্যঃ কলত্রাদিভ্যঃ, অন্যান্যভাবান্ সংসর্গাদীন্, তেষু কলত্রাদিষু নিত্যান্ ভাবান্ স্নেহাদীন্ কাময়তে স্বভাব ইত্যনুবৃত্তিঃ। অহন্তু শরীরে কেবলং ভূতাত্মানং জীবমেব লক্ষয়ে পশ্যামি তস্মিংশ্চাত্মনি তিষ্ঠন্ অহং কথঞ্চিদপি কামক্রোধাভ্যাম্, জরয়া মৃত্যুনা চ, সক্তঃ সংপৃক্তো নাস্মি।৩॥

অকামেতি। সর্ব্বকামান্ ধনাদীন্, অকাময়মানস্য, সর্ব্বদোষান্ লোভাদীন, অবিদ্বিষাণস্য চ মে, তোয়স্য জলস্য বিন্দোঃ, পুষ্করেষু পদ্মপত্রেষ্বিব, স্বভাবেষু পুত্রকলত্রাদিষু, লেপা আসক্তয়ো ন ভবন্তি ॥৪॥

ভারতভাবদীপঃ

স্বাপ্নান্ বাসনাময়ান্ ঘ্রাণাঘ্রায়াদীন্, স্বরূপসাম্যোপোক্তেবামন্তমমেকত্রাগভূতস্য সুখাদেরন্যত্রাপ্রসঙ্গাজ্‌জ্ঞেয়ম্। তেষু স্বাপ্নেষু নিত্যান্থগতানধিষ্ঠানগতান্ ভাবান্ "ত ইমে সত্যাঃ কামা" ইত্যাদিশ্রুতিপ্রসিদ্ধান্ তেভ্যোঽন্যান্ তেভ্যোঽপ্যন্যং ভূতাত্মানং শরীরে যোগিনো লক্ষয়েরন্ ঘ্রাণাদিদেবতাভ্যোঽপ্যাস্তরমাত্মানং জানন্তঃ কথং বাহ্যৈর্ঘ্রাণাদিধর্মৈর্লিপ্যেরন্নিত্যর্থঃ। এতদেব স্পষ্টয়তি—তস্মিন্ ভূতাত্মনি তিষ্ঠন্ সক্তো নাস্মি, "অসঙ্গো হ্যয়ং পুরুষ" ইতি শ্রুতেঃ ॥৩—৪॥ এতস্য প্রতীচো জ্ঞাতস্য সত্যাঃ কামা ইতি শেষঃ। "সত্যকামঃ সত্যসঙ্কল্প" ইতি শ্রুতেঃ। নিরীক্ষ্যমাণস্য দৃশ্যরূপস্য ভোগজালং বহূনাং ঘ্রাত্রাদীনাং স্বভাবভূতং সন্বিত্থমি ন সজ্জতে সক্তং ভবতি কর্ম্মসু ক্রিয়মাণেষ্বপি সংস্বিতি শেষঃ ॥৫॥ অত্রাত্মানোঽসঙ্গত্বে ॥৬—৭॥ শ্রুতিঃ "পশুর্বৈ নীয়মানঃ স মৃত্যুং প্রাপশ্যৎ স দেবান্নান্বকাময়তৈতুং তং দেবা অব্রুবন্নেহি স্বর্গং বৈ ত্বা লোকং গময়িষ্যাম ইতি স তথেত্যব্রবীদি"ত্যাদিঃ ॥৮॥ যো হীতি। হিংসনেন "সূর্য্যং তে চক্ষুঃ বাতং প্রাণঃ দ্যাং পৃষ্ঠম্ অন্তরিক্ষমাত্মা অঙ্গৈর্যজ্ঞং

সেই কলত্রাদি হইতে সংসর্গপ্রভৃতি অন্যান্য বিষয় কামনা করে, তাহাদের উপরে নিত্য স্নেহাদি করিয়া থাকে; কিন্তু আমি নিজের শরীরে কেবল জীবাত্মাকেই দেখিয়া থাকি এবং সেই জীবাত্মাতে অভিনিবিষ্ট থাকিয়া কোন প্রকারেই কাম, ক্রোধ, জরা ও মৃত্যুর সহিত সংসক্ত হই না ॥৩॥

আমি সমস্ত কাম্য বস্তুর কামনা করি না এবং সকল দোষের উপরেও বিদ্বেষ করিয়া থাকি না; সেই জন্যই পদ্মপত্রে যেমন জলবিন্দুর লেপ হয় না, তেমন আমারও কোন স্বাভাবিক বস্তুতেই আসক্তি হয় না ॥৪॥

নিত্যস্য চৈতস্য ভবন্তি নিত্যা নিরীক্ষ্যমাণস্য বহূন্ স্বভাবান্।
ন সজ্জতে কর্ম্মসু ভোগজালং দিবীব সূর্য্যস্য ময়ূখজালম্ ॥৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাম্ আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে অনুগীতায়াং ব্রাহ্মণগীতায়াং দ্বাত্রিংশোঽধ্যায়ঃ॥০॥ *

ভারতকৌমুদী

নিত্যস্যেতি। নিত্যস্য সনাতনব্রহ্মাভিনিবিষ্টস্য এতস্য মম বহূন্ স্বভাবান্ পুত্রকলত্রাদীন্, নিরীক্ষমাণস্য সতোঽপি, নিত্যা ধারণ-ধ্যান-সমাধয়ো ভবন্তি। তথা দিবি আকাশে, সূর্য্যস্য ময়ূখজালম্ কিরণসমূহ ইব, কর্ম্মসু স্ত্রীসংসর্গাদিষু, ভোগজালম্ ইচ্ছাসমূহঃ, ন সজ্জতে লগ্নং ভবতি ॥৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াম্ আশ্বমেধিকপর্ব্বণি অশ্বমেধে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

পৃথিবীং শরীরৈ”রিতি শ্রৌতীং প্রসিদ্ধিং দ্যোতয়তি ॥৯॥ আগমে “অগ্নীষোমীয়ং পশুমালভেতে”ত্যাদৌ বিধিস্পৃষ্টে নিষেধানবকাশাৎ “ন হিংস্যাৎ সর্ব্বাভূতানী”তি শাস্ত্রং কামকৃতহিংসাবিষয়মিত্যর্থঃ ॥১০—১২॥ “অন্বেনং মাতামন্যতামনুপিতানু ভ্রাতা সগর্ভ্যোঽনুসখা সযূথ্য” ইতি মন্ত্রলিঙ্গাৎ পশোর্মাত্রাদ্যনুমতিরপেক্ষিতা ন চ সা সম্ভবতি তদভাবে চ হিংসাদোষঃ স্যাদেবেত্যর্থঃ ॥১৩॥ স্বযোনিষু “সূর্য্যং চক্ষুর্গময়তাদ্বাতং প্রাণমন্ববসৃতাদি”তি লিঙ্গাৎ ॥১৪—১৫॥ অহিংসাপ্যশক্যপ্রতিজ্ঞা সূক্ষ্মহিংসায়া অপরিহার্য্যত্বাত্তথাপি দৃষ্টবীভৎসাং হিংসাং ত্যজেদেবেত্যাহ দ্বাভ্যাম্—অহিংসেতি ॥১৬—১৮॥ “উপপাতকমভ্যাসং মহাপাতকতাং ব্রজেদি”তি স্মৃতেঃ সূক্ষ্মাপি হিংসাভ্যাসাদ্বহুলীভূয় বাধেতৈবেত্যাশয়েনাধ্বর্য্যুরাহ—ভূমেরিতি। নাহনুপহত্য ভূতানি ভোগঃ সম্ভবতীতি ন্যায়াজ্জীবতোঽপরিহার্য্যৈব হিংসেত্যর্থঃ ॥১৯—২০॥ কিং কথং ত্বং মন্যসেঽহিংসামিতি শেষঃ ॥২১॥ যতিরহিংসাপ্রকারমসঙ্গিতামাহ—সদ্ভাবঃ সদ্রূপম্, স্বভাবঃ সুতরামভাবঃ, কালত্রয়েঽপ্যসত্ত্বম্।২২॥ প্রাণাদিব্যবহারস্তু রজসা মায়য়া সহ স্থিতঃ সদ্ভাব এব আন্তিবিশিষ্টং সদেব ব্যবহাররূপমিত্যর্থঃ। এতৈঃ প্রাণাদিভির্মুক্তস্যাত এব নির্দ্বন্দ্বস্য জ্ঞানেন দ্বৈতকল্পকভ্রান্তিবাধাৎ ॥২৩॥ ক্ষয়ং—“প্রেতা খাদন্তি তে চ তানি”তি শাস্ত্রোক্তম্ ॥২৪॥ মদুপদেশাদহমপি মন্ত্রকৃতং কুকর্ম্ম ত্যজে ইত্যাহ—সন্তিরিত্যাদিনা ॥২৫—২৮॥

ইতি শ্রীমহাভারতে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে আশ্বমেধিক-পর্ব্বণি অশ্বমেধে দ্বাত্রিংশোঽধ্যায়ঃ ॥৩২॥

আমি সর্ব্বদাই বহুতর স্বাভাবিক বস্তু দেখিতে পাই, তথাপি সনাতন পরব্রহ্মে অভিনিবিষ্ট থাকি বলিয়া আমার সর্ব্বদাই সেই অভিনিবেশ চলিতে

---

* অত্র অধ্যায়সমাপ্তির্নাস্তি—বঙ্গ বৰ্দ্ধ নি।

ত্রয়স্ত্রিংশোঽধ্যায়ঃ।

—:*:—

ব্রাহ্মণ উবাচ। *

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
অধ্বর্য্যুযতিসংবাদং তং নিবোধ যশস্বিনি! ॥১॥

প্রোক্ষ্যমাণং পশুং দৃষ্ট্বা যজ্ঞকর্ম্মণ্যথাব্রবীৎ।
যতিরধ্বর্য্যুমাসীনো হিংসেয়মিতি কুৎসয়ন্ ॥২॥

তমধ্বর্য্যুঃ প্রত্যুবাচ নায়ং ছাগো বিনশ্যতি।
শ্রেয়সা যোক্ষ্যতে জন্তুর্যজ্ঞাচ্ছ তিরিয়ং তথা ॥৩॥

ভারতকৌমুদী

অত্রেতি। অধ্বর্য্যুঃ কশ্চন যজুর্বেদীয় ঋত্বিক্, যতিশ্চ কশ্চিৎ জিতেন্দ্রিয়স্তয়োঃ সংবাদম্ ॥১॥

প্রোক্ষ্যেতি। প্রোক্ষ্যমাণং ছেদনায় সিচ্যমানম্। ইয়ং ক্রিয়া তে হিংসা। অতএব গর্হিতেতি ভাবঃ ॥২॥

তমিতি। যজ্ঞাৎ যজ্ঞকর্ম্মণি চ্ছেদনাৎ, শ্রেয়সা স্বর্গরূপেণ মঙ্গলেন। অত্র নীলকণ্ঠধৃতা শ্রুতির্যথা—"পশুর্ব্বৈ নীয়মানঃ স মৃত্যুং প্রাপশ্যৎ স দেবান্নান্বকাময়তৈতুং তং দেবা অব্রুবন্নেহি স্বর্গং বৈ ত্বা লোকং গময়িষ্যামি ইতি স তথেত্যব্রবীৎ" ॥৩॥

থাকে এবং সূর্য্যের কিরণসমূহ যেমন আকাশে লাগিয়া যায় না, তেমন আমারও কোন ইচ্ছাই কাম্যকর্ম্ম-সংলগ্ন হয় না' ॥৫॥

—:*:—

ব্রাহ্মণ বলিলেন—'যশস্বিনি ব্রাহ্মণি! এই স্থানের কোন যজুর্বেদবিৎ, যজ্ঞকারী এবং এক জিতেন্দ্রিয় পুরুষের সংবাদরূপ এই প্রাচীন বৃত্তান্তের উল্লেখ বৃদ্ধেরা করিয়া থাকেন, তুমি তাহা শ্রবণ কর ॥১॥

কোন অধ্বর্য্যু যজ্ঞকার্য্যে ছেদন করিবার জন্য একটী ছাগকে প্রোক্ষণ করিতেছিলেন, ইহা দেখিয়া নিকটে উপবিষ্ট কোন জিতেন্দ্রিয় পুরুষ তাঁহাকে নিন্দা করিতে করিতে বলিয়াছিলেন—'মহাশয়! এটা যে হিংসা' ॥২॥

তখন অধ্বর্য্যু যতিকে বলিলেন—'এই ছাগ ত মরিবে না; পরন্তু মঙ্গলযুক্তই হইবে। কারণ, সেইরূপই যজ্ঞশ্রুতি রহিয়াছে ॥৩॥

---

* এব পাঠঃ—বঙ্গ বর্দ্ধ নি নাস্তি।

(৩) যদি শ্রুতিরিয়ং তথা—বঙ্গ বর্দ্ধ।

যো হ্যস্য পার্থিবো ভাগঃ পৃথিবীং স গমিষ্যতি।
যদস্য বারিজং কিঞ্চিদপস্তৎ সংপ্রবেক্ষ্যতি ॥৪॥
সূর্য্যং চক্ষুর্দিশঃ শ্রোত্রে প্রাণোঽস্য দিবমেব চ।
আগমে বর্ত্তমানস্য ন মে দোষোঽস্তি কশ্চন ॥৫॥

যতিরুবাচ।

প্রাণৈর্বিযোগে ছাগস্য যদি শ্রেয়ঃ প্রপশ্যসি।
ছাগার্থে বর্ত্ততে যজ্ঞো ভবতঃ কিং প্রয়োজনম্ ॥৬॥
অত্র ত্বাং মন্যতাং ভ্রাতা পিতা মাতা সখেতি চ।
মন্ত্রয়স্বৈনমুন্নীয় পরবন্তং বিশেষতঃ ॥৭॥
এবমেবানুমন্যেরংস্তান্ ভবান্ দ্রষ্টুমর্হতি।
তেষামনুমতিং শ্রুত্বা শক্যা কর্ত্তুং বিচারণা ॥৮॥

ভারতকৌমুদী

যজ্ঞে মৃত্যৌ দোষাভাবং যুক্ত্যাপি সমর্থয়তি য ইতি। অস্য পশোঃ শরীরে, পার্থিবো ভাগঃ অস্থ্যাদিঃ। বারিজং রসাদিকম্, অপো জলম্ ॥৪॥

সূর্য্যমিতি। দিবমাকাশম্। আগমে বেদার্থে ॥৫॥

প্রাণৈরিতি। ছাগার্থে বর্ত্ততে ছাগস্যৈব শ্রেয়ঃসাধনাৎ ॥৬॥

অত্রেতি। মন্যতামযং ছাগঃ ভ্রাত্রাদিবদুপকারকরাদিত্যাশয়ঃ। ত্বমপি পরবন্তং পরাধীনমেনং ছাগম্, উন্নীয় স্বর্গং গময়িত্বা, বিশেষতো মন্ত্রয়স্ব আত্মানমস্য ভ্রাত্রাদিরূপমেব চিন্তয় ॥৭॥

ইহার শরীরে পৃথিবীর যে অংশ রহিয়াছে, তাহা পৃথিবীতে যাইবে, জলের যে কিছু ভাগ আছে, তাহা জলে প্রবেশ করিবে ॥৪॥

চক্ষু সূর্য্যে যাইবে, কর্ণ দিকে লয় পাইবে এবং উহার প্রাণ আকাশে গমন করিবে; অতএব আমি বেদবিহিত মার্গে রহিয়াছি বলিয়া আমার কোন দোষ নাই' ॥৫॥

যতি বলিলেন—'যজ্ঞে প্রাণবিয়োগ হইলে আপনি যদি ছাগের মঙ্গলই দেখিতে পান, তাহা হইলে যজ্ঞটী ত ছাগের জন্যই হইতেছে, সেই যজ্ঞে আপনার প্রয়োজন কি? ॥৬॥

এবং এই প্রাণবিয়োগে আপনার দ্বারা ইহার যদি মঙ্গলই হয়, তবে এই ছাগ আপনাকে ভ্রাতা, পিতা, মাতা ও সখা বলিয়া মনে করুক, আর আপনিও এই পরাধীন পশুটীকে স্বর্গে তুলিয়া দিয়া নিজেকে উহার ভ্রাতা-প্রভৃতি বলিয়া মনে করুন ॥৭॥

---

(৮) ইতঃ পরং "অধ্বর্য্যুরুবাচ—নি।

প্রাণা অপ্যস্য ছাগস্য প্রাপিতাস্তে স্বযোনিষু।
শরীরং কেবলং শিষ্টং নিশ্চেষ্টমিতি মে মতিঃ ॥৯॥
ইন্ধনস্য তু তুল্যেন শরীরেণ বিচেতসা।
হিংসা হি যষ্টুকামানামিন্ধনং পশুসংজ্ঞিতম্ ॥১০॥
অহিংসা সর্ব্বধর্ম্মাণামিতি, বৃদ্ধানুশাসনম্।
যদহিংস্রং ভবেৎ কর্ম্ম তৎকার্য্যমিতি বিদ্মহে ॥১১॥
অহিংসেতি প্রতিজ্ঞেয়ং যদি বক্ষ্যাম্যতঃ পরম্।
শক্যং বহুবিধং কর্ত্তুং ভবতা কার্য্যদূষণম্ ॥১২॥

ভারতকৌমুদী

এবমিতি। যে কিল এবমেব হিংসায়াঃ কর্ত্তব্যতামেব অনুমন্যেরন্ অনুজানীয়ুঃ, ভবান্ তান্ দ্রষ্টুমর্হতি তন্মতপরিজ্ঞানায়েতি ভাবঃ ॥৮॥

তবায়ং ব্যবহারোঽপি দুষ্ট এবেত্যাহ প্রাণা ইতি। তে ত্বয়া, প্রোক্ষণেন বধসূচনাৎ, অস্য ছাগস্য প্রাণাঃ, স্বযোনিষু জন্মান্তরীয়স্বজাতিষু প্রাপিতা মৃত্যুনিশ্চয়েনোদ্বেগাৎ সদ্য এব প্রাণানাং নির্গমাদিত্যাশয়ঃ। অতএবাহ শরীরমিতি। শিষ্টমবশিষ্টম্ ॥৯॥

ইন্ধনস্যেতি। প্রাণনির্গমাৎ বিচেতসা চৈতন্যহীনেন, অতএব ইন্ধনস্য কাষ্ঠস্য তুল্যেন শরীরেণ হেতুনা হিংসা প্রায়েণ বিহিতেতি শেষঃ। হি তথাহি, যষ্টুকামানাং পশুসংজ্ঞিতম্ ইন্ধনং স্যাৎ, অগ্নৌ প্রক্ষেপ্যত্বাদিত্যভিপ্রায়ঃ ॥১০॥

ইদানীং স্বমতমাহ অহিংসেতি। অহিংসা সর্ব্বধর্ম্মাণাং শ্রেষ্ঠেতি শেষঃ ॥১১॥

অহিংসেতি। অহিংসা সর্ব্বধর্ম্মাণাং শ্রেষ্ঠেতি যদি ইয়ং ভবতোঽপি প্রতিজ্ঞা, তদা

যাঁহারা এইরূপ হিংসার অনুমোদন করেন, আপনি তাঁহাদের সঙ্গে সাক্ষাৎ করিতে পারেন। তারপর, তাঁহাদের অনুমতি শুনিয়া হিংসার কর্ত্তব্যতাও অকর্ত্তব্যতাবিষয়ে বিচার করিতে পারিবেন ॥৮॥

আপনি প্রোক্ষণ করায় এই ছাগের প্রাণটাকে এখনই জন্মান্তরীয় স্বজাতিবর্গের মধ্যে পাঠাইয়া দিয়াছেন। এখন উহার কেবল নিশ্চেষ্ট শরীরটা অবশিষ্ট আছে, ইহাই আমার ধারণা ॥৯॥

চৈতন্য না থাকায় ইহার শরীরটা কাষ্ঠের তুল্য হইয়া গিয়াছে; সুতরাং আপনি প্রায়ই ইহাকে বধ করিয়াছেন। যাগ করিবার অভিলাষী লোকদিগের পশুই কাষ্ঠ হইয়া থাকে ॥১০॥

'অহিংসা সমস্ত ধর্ম্মের শ্রেষ্ঠ' ইহাই বৃদ্ধদিগের উপদেশ; অতএব যে কার্য্যটী হিংসাশূন্য হইবে, তাহাই করা উচিত, ইহাই আমরা মনে করি ॥১১॥

(১০) হিংসাং নির্দ্দেষ্টুকামানাং—বঙ্গ বর্দ্ধ।

অহিংসা সর্বভূতানাং নিত্যমস্মাসু রোচতে।
প্রত্যক্ষতঃ সাধয়ামো ন পরোক্ষমুপাস্মহে ॥১৩॥

অধ্বর্য্যুরুবাচ।

ভূমের্গন্ধগুণান্ ভুঙ্‌ক্ষে পিবস্যাপোময়ান্ রসান্।
জ্যোতিষাং পশ্যসে রূপং স্পৃশস্যনিলজান্ গুণান্ ॥১৪॥
শৃণোষ্যাকাশজান্ শব্দান্মনসা মন্যসে মতিম্।
সর্বাণ্যেতানি ভূতানি প্রাণা ইতি চ মন্যসে ॥১৫॥
প্রাণাদানে নিবৃত্তোঽসি হিংসায়াং বর্ত্তসে ভবান্।
নাস্তি চেষ্টা বিনা হিংসাং কিংবা ত্বং মন্যসে দ্বিজ ! ॥১৬॥

ভারতকৌমুদী

অতঃ পরং বক্ষ্যামি, ভবতা বহুবিধং কার্য্যদূষণং কর্ত্তুং শক্যম্ অন্নাদীনামকরণাদন্যথা করণাচ্চেতি ভাবঃ ॥১২॥

অহিংসেতি। বয়ং প্রত্যক্ষত এব হিংসাশূন্যং কার্য্যং সাধয়ামঃ তপস্যাদিকরণাৎ। পরোক্ষমপ্রত্যক্ষম্ অপি হিংসাত্মকং কার্য্যং নোপাস্মহে ন কুর্ম্মঃ ॥১৩॥

ভূমেরিতি। ভুঙ্‌ক্ষে অনুভবসি, আপোময়ান্ জলময়ান্। জ্যোতিষাং গ্রহনক্ষত্রাদীনাম্ ॥১৪॥

শৃণোষীতি। মন্যতে জ্ঞায়ত ইতি মতিঃ পদার্থমাত্রং তান্। প্রাণাঃ প্রাণবন্তি। তথা চ "প্রাণবিয়োগফলকব্যাপারো হননং স্মৃতম্" ইতি স্মৃতেঃ। গন্ধাদীনাং গ্রহণেনৈব তেষাং প্রাণবিয়োগাত্মকনমেব জায়তে সৈব চ হিংসেতি ভাবঃ ॥১৫॥

অতএবাহ প্রাণেতি। প্রাণানামাদানে গ্রহণে, হিংসায়াং বর্ত্তসে গন্ধাদীনাং গ্রহণেনৈবেতি ভাবঃ। হিংসায়া অপরিহার্য্যতামাহ নেতি। হিংসাং বিনা চেষ্টা ক্রিয়ামাত্রমেব নাস্তি।

আপনারও যদি অহিংসাই ধর্ম্ম এইরূপ মত হয়, তবে ইহার পর আমি বলিতেছি—আপনি এই হিংসাভিন্ন অন্য প্রকার কার্য্যের দোষ করিতে পারেন ॥১২॥

সকল প্রাণীরই হিংসা না করা—ইহাই সর্ব্বদা আমাদের অভিপ্রেত; সুতরাং আমরা প্রত্যক্ষভাবেই হিংসাশূন্য কার্য্য করিয়া থাকি, পরোক্ষভাবে নহে' ॥১৩॥

